বিপিএটিসি প্রকল্পটি জনপ্রশাসন সেক্টরের একটি "প্রশিক্ষণ-সেবা উৎপাদনকারী" প্রকল্প। প্রকল্প সমাপ্তির পর এর কার্যক্রমসমূহ রাজস্ব খাতে সরকারি অনুদানে বাস্তবায়িত হচ্ছে। অন্যদিকে প্রতিষ্ঠানটি ব্যাপক ভর্তুকি হারে *(extensive subsidized rate)* বিভিন্ন সরকারি, আধা-সরকারি, স্বায়ত্বশাসিত এবং ক্ষেত্র বিশেষে বেসরকারি প্রতিষ্ঠানের কর্মকর্তা-কর্মচারিদের মধ্যে প্রশিক্ষণ সেবা বিতরণ করে যাচ্ছে। প্রকৃত বিচারে মুক্ত বাজারে বিপিএটিসি কর্তৃক উৎপাদিত বার্ষিক প্রশিক্ষণ সেবা'র আর্থিক মূল্যমান কত তা' যেমন নিরীক্ষিত হওয়ার সুযোগ ঘটেনি, তেমনি বিপিএটিসি কর্তৃক উৎপাদিত বার্ষিক প্রশিক্ষণ সেবা মুক্ত বাজারে আদৌ বিক্রয়যোগ্য মান সম্পন্ন কি-না তাও পরীক্ষিত নয়। অন্যদিকে প্রদত্ত সেবার মাধ্যমে সমাজের বিভিন্ন স্তরে কি পরিমাণ উৎপাদনে সৃষ্টি হচ্ছে তা যেমন মূল্যমানে পরিমাপ করা দুরূহ, তেমনি জনপ্রশাসন বা অন্যান্য সেক্টরে সৃষ্ট উৎপাদনে কেন্দ্রের প্রশিক্ষণের অর্থনৈতিক প্রত্যর্পণ হার বা অর্থনৈতিক দক্ষতা সম্পর্কিত অন্য কোন গাণিতিক পরিমাপের মাধ্যমে বিপিএটিসি প্রকল্পের আয়ুষ্কালীন ফলপ্রসূতা নিরূপণ করা সম্ভব নয়।

সুতরাং *OED* কর্তৃক উদ্ভাবিত পদ্ধতি অনুসারে বিপিএটিসি প্রকল্পের আয়ুষ্কালীন ফলপ্রসূতা নিরূপণে প্রকল্পের উদ্দেশ্যাবলী অর্জনের মাত্রাকে বিকল্প পরিমাপক হিসেবে গণ্য করা যেতে পারে। কিন্তু *Warren* ও *Tolbert* অত্যন্ত সঠিক ও চমৎকারভাবে যেমনটি তুলে ধরেছেন- *"Projects frequently undergo a metamorphosis of their economic, institutional and social features in the years following completion as they adjust to the local environment and to local capabilities, often in ways that were not foreseen"*[১৭] এ দৃষ্টিকোণে শুধু প্রকল্পের উদ্দেশ্যাবলী অর্জনের ক্ষমতা দিয়েই আয়ুষ্কালীন ফলপ্রসূতা নিরূপণ করা যায় না। সুতরাং আলোচ্য প্রবন্ধে বিপিএটিসি প্রকল্পের প্রেক্ষাপট ও অন্তর্নিহিত উদ্দেশ্যবলীও বিবেচনায় আনা হবে। *Honadle* ও *VanSant* উন্নয়ন প্রকল্পের আয়ুষ্কালীন ফলপ্রসূতার নির্ণায়ক বলতে প্রকল্পের ভৌত ও প্রাতিষ্ঠানিক ক্ষমতাকে বুঝিয়েছেন[১৮]। তাঁদের

---

১৭ Baum, Warren C. and Toolbar, Stokes M.. : *Investing in Development.* New York. Oxford University Press. 1985. p. 385

১৮ Khan, AKbar Ali et. al. : *Sustainability of Rural Development Project : a Case Study of Rural Development I Project, Bangladesh.* BPATC Case Study Series-4. 1988. p.9.

ভাষায় প্রকল্পের আয়ুষ্কালীন ফলপ্রসূতা হচ্ছে, "*the percentage of project initiated goods and services that is still delivered and maintained five years past the termination of donor resources, the continuation of local action stimulated by the project and the generation of successor services and initiatives as a result of project built local capacity* [১৯]"

এ সমস্ত দিক বিচারে বিপিএটিসি প্রকল্পের আয়ুষ্কালীন ফলপ্রসূতা নিরূপণের ক্ষেত্রে নিম্নোক্ত আটটি নির্ণায়কের আশ্রয় নেয়া হবেঃ (১) কেন্দ্রের আর্থিক ব্যবস্থাপনা ও তার ধারাবাহিক প্রকৃতি; (২) বর্ণিত উদ্দেশ্যাবলী বাস্তবায়নে বিপিএটিসি প্রকল্পের অর্জিত মাত্রা; (৩) প্রকল্পের প্রচ্ছন্ন উদ্দেশ্যাবলীর বাস্তবায়ন; (৪) কেন্দ্রের প্রাতিষ্ঠানিক ক্ষমতা সৃষ্টির পর্যায়; (৫) কেন্দ্রের ভৌত ও অবকাঠামোগত সুবিধাদি সৃষ্টির পর্যায়; (৬) কেন্দ্রে বিদ্যমান সুবিধাদির ব্যবস্থাপনা দক্ষতা; (৭) কেন্দ্রের প্রাতিষ্ঠানিক স্থৈতিকতা *(institutional potentiality)* এবং (৮) সুষ্ঠু, ফলপ্রসূ ও সময়োপযোগী প্রশিক্ষণ প্রদানে কেন্দ্রের চিহ্নিত সমস্যাবলীর সমাধানের ভবিষ্যৎ সম্ভাবনা এবং বিপিএটিসি'কে একটি 'অনুপম কেন্দ্র' হিসেবে গড়ে তোলার স্বপ্ন-প্রয়াসের বাস্তবতা।

সাধারণত প্রকল্পের আয়ুষ্কালীন ফলপ্রসূতা নিরূপণ করা হয় প্রকল্পে দাতা সংস্থার সহায়তা সমাপ্তির পাঁচ বছর পর। বিপিএটিসি'র কার্যক্রম শুরু হয়েছে ১৯৮৪ সালে অর্থাৎ প্রায় ১৩ বছর এবং কেন্দ্রের দ্বিতীয় পর্যায় প্রকল্প শেষ হয়েছে ১৯৯০ সালে (১৯৮০-৮৫ মেয়াদে বাস্তবায়নের জন্য পরিকল্পিত ছিল)। এদিক থেকে প্রকল্পটির আয়ুষ্কালীন ফলপ্রসূতা নিরূপণের জন্য এটি একটি উপযুক্ত সময়।

## ১.৪ সীমক্ষার উদ্দেশ্যসমূহ

চলতি সমীক্ষার মূল উদ্দেশ্য হচ্ছে বিপিএটিসি প্রকল্পটির আয়ুষ্কালীন ফলপ্রসূতা বিশ্লেষণ করে দেখা। অর্থাৎ প্রকল্পটি আদৌ টেকসই কি-না বা টেকসই হলে তার নিবিড়তা বা প্রকৃতি কেমন ইত্যাদি খতিয়ে দেখা। সমীক্ষার সুনির্দিষ্ট উদ্দেশ্যাবলী হচ্ছে ঃ (১) বিপিএটিসি প্রকল্পের ধারণাগত প্রেক্ষাপট ও তার বাস্তবায়ন পরিস্থিতি বিশ্লেষণ; (২) কেন্দ্রের প্রাতিষ্ঠানিক ও ব্যবস্থাপনা দক্ষতা, প্রাতিষ্ঠানিক স্থৈতিকতা এবং প্রয়োজন অনুসারে দক্ষ, ফলপ্রসূ ও সময়োপযোগী

---

১৯ Handle, George and VanSant, Jerry. : *Implementation for Sustainability : Lessons from integrated Rural Development*, Kumarion Press, West Hartford, 1985, p. 2.

লোক-প্রশাসন প্রশিক্ষণ প্রদানের সক্ষমতা পরীক্ষা ও মূল্যায়ন করে দেখা ; (৩) প্রয়োজনীয় প্রশিক্ষণ সেবা সম্প্রসারণে কেন্দ্রে বিদ্যমান সমস্যাসমূহকে চিহ্নিত করা; এবং (৪) বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ পদ্ধতির ফলপ্রসূতা বৃদ্ধিতে প্রয়োজনীয় সুপারিশমালা প্রণয়ন।

## ১.৫ পরিধি ও সীমাবদ্ধতা

একটি প্রকল্পের আয়ুষ্কালীন ফলপ্রসূতা বিভিন্ন দৃষ্টিকোণে বিবেচিত হতে পারে। কিন্তু চলতি সমীক্ষায় প্রকল্পের সবচেয়ে গুরুত্বপূর্ণ দিকগুলো বিশেষভাবে বিশ্লেষণ করে দেখা হবে। যেমন, (১) যে প্রেক্ষাপট ও ধারণাগত উদ্দেশ্য নিয়ে প্রকল্পটির জন্ম তা কতটুকু বাস্তবায়িত হচ্ছে; (২) প্রকল্পের মূল উদ্দেশ্যাবলী কতখানি অর্জিত হয়েছে; (৩) প্রকল্প সমাপ্তির পর বিপিএটিসি'র আর্থিক ব্যবস্থাপনার প্রকৃতি; (৪) সময়োপযোগী প্রশিক্ষণ সেবা প্রদানে কেন্দ্রের প্রাতিষ্ঠানিক ও ব্যবস্থাপনা দক্ষতা সৃষ্টির পর্যায়; (৫) কেন্দ্রের প্রাতিষ্ঠানিক স্থৈতিকতার ধরন ইত্যাদি। এছাড়া সুষ্ঠু ও সময়োপযোগী প্রশিক্ষণ প্রদানে এবং সর্বোপরি প্রতিষ্ঠানটিকে একটি "অনুপম কেন্দ্র" বা *"Centre of Excellence"* এ রূপান্তরিত করার ক্ষেত্রে বিদ্যমান সমস্যাসমূহ চিহ্নিত করা ও সমাধানে প্রয়োজনীয় সুপারিশ প্রদান করা।

আয়ুষ্কালীন ফলপ্রসূতা সম্পর্কিত পর্যালোচনার ক্ষেত্রে মূলত কেন্দ্রের দ্বিতীয় পর্যায় প্রকল্পকেই চলতি সমীক্ষার বিবেচনায় আনা হয়েছে। আঞ্চলিক লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র বা আরপিএটিসি একটি পৃথক প্রকল্প। যদিও বিপিএটিসি'র প্রশিক্ষণ দায়িত্বের সাথে উক্ত প্রকল্পটি অত্যন্ত নিবিড়ভাবে সম্পর্কিত, তথাপি বর্তমান সমীক্ষায় এ প্রকল্পটি অন্তর্ভুক্ত নয়। তবে বিশ্লেষণের প্রয়োজনে ক্ষেত্র বিশেষে উক্ত প্রকল্পের সংশ্লিষ্টতা থাকতে পারে। এছাড়া অতি সম্প্রতি বিপিএটিসি তৃতীয় পর্যায় প্রকল্পের বাস্তবায়ন কাজ শুরু হয়েছে। যথাযথভাবে বাস্তবায়িত হলে এ প্রকল্পটির পরিকল্পিত উদ্দেশ্যাবলী কতটুকু অর্জিত হবে তা এখনই বলা কঠিন। তবে কেন্দ্রের দ্বিতীয় পর্যায় প্রকল্পটির সীমাবদ্ধতার বিষয়গুলো এ প্রকল্পটিতে কতটুকু প্রতিফলিত হয়েছে তা বিশ্লেষণ করে দেখা যাবে এবং প্রকল্পটি বাস্তবায়িত হলে ভবিষ্যৎ বিপিএটিসি'র স্বরূপ কি দাঁড়াবে সে ব্যাপারেও একটি ধারণা পাওয়া যাবে। জনপ্রশাসন সেক্টরের সেবামূলক প্রতিষ্ঠান হিসেবে গাণিতিকভাবে প্রকল্পটির অর্থনৈতিক প্রত্যর্পণ হার নির্ণয় করার প্রয়াস নেয়া হয়নি।

সমীক্ষাটিতে বিশ্লেষণের ক্ষেত্রে প্রাথমিক এবং মাধ্যমিক উভয় উৎসের তথ্য ও উপাত্ত ব্যবহৃত হয়েছে। প্রাথমিক উৎস থেকে যে তথ্য ও উপাত্ত পাওয়া গেছে

তা গৃহীত উত্তরদাতাদের দৃষ্টিভঙ্গির নির্দেশক মাত্র। তবে তা সমগ্রকের প্রতিফলন নাও হতে পারে।

## ২.০ বিপিএটিসি প্রকল্পের আয়ুষ্কালীন ফলপ্রসূতা বিশ্লেষণ

সমীক্ষাটির প্রথম অধ্যায়ে বর্ণিত প্রক্রিয়ায় ও পরিমাপকের সাহায্যে বিপিএটিসি প্রকল্পের আয়ুষ্কালীন ফলপ্রসূতা নিরূপণের প্রয়াস নেয়া হয়েছে। বিশ্লেষণের ক্ষেত্রে সঙ্গত কারণে মাধ্যমিক উৎসের উপাত্তকে সর্বাধিক গুরুত্ব দেয়া হয়েছে।

## ২.১ কেন্দ্রের আর্থিক ব্যবস্থাপনা ও তার ধারাবাহিক প্রকৃতি

প্রকল্প বিশেষজ্ঞদের মতে, কোন প্রকল্প সামাপ্তিতে প্রকল্প চলাকালে দাতাসংস্থা প্রদত্ত বহিঃসম্পদ প্রবাহ প্রত্যাহৃত হলেও যদি প্রকল্প কার্যক্রম অনুরূপভাবে চলমান থাকে তবে তাকে টেকসই প্রকল্প বলা যায়[২০]। এ হিসেবে বিপিএটিসি প্রকল্পটি একটি টেকসই প্রকল্প। কেননা, ১৯৯০ সালের জুলাই মাস থেকে দাতাসংস্থা কর্তৃক প্রদত্ত বহিঃসম্পদ প্রবাহ প্রত্যাহৃত হলেও একটি নির্দিষ্ট পরিমাণ অভ্যন্তরীণ সম্পদ প্রবাহে সরকারি অনুদানে কেন্দ্রের কার্যক্রম পরিচালিত হচ্ছে। বিপিএটিসি অধ্যাদেশের ১৩ ধারা অনুযায়ী কেন্দ্র (ক) সরকারি অনুদান, (খ) স্থানীয় কর্তৃপক্ষের অনুদান, (গ) সরকারি ও স্থানীয় কর্তৃপক্ষ থেকে গৃহীত ঋণ, (ঘ) কেন্দ্রের নিজস্ব সম্পদ থেকে বিক্রয়লব্ধ আয় ও (ঙ) অন্যান্য উৎস থেকে আয় ইত্যাদি ক্ষেত্র থেকে তহবিল প্রাপ্ত হয়[২১]। কেন্দ্রের এ পর্যন্ত প্রাপ্ত তহবিলের উৎস বিশ্লেষণ করলে দেখা যায় যে, কেন্দ্র কর্তৃক গৃহীত কার্যক্রম মূলত সরকারি অনুদানে পরিচালিত হয়। তবে কেন্দ্রের নিজস্ব আয়ও বার্ষিক মোট প্রাপ্ত তহবিলের একটি অংশ হিসেবে বিবেচিত।

আবার কেন্দ্রের অনুকূলে প্রাপ্ত সরকারি অনুদানকে "বহিঃসম্পদ প্রবাহ" হিসেবে বিবেচনা করলে, সামগ্রিক কার্যক্রম পরিচালনার ক্ষেত্রে কেন্দ্র এখনো আর্থিকভাবে স্বয়ংসম্পূর্ণতা অর্জন করেনি। সে দিক থেকে একে টেকসই প্রকল্প হিসেবে বিবেচনা করা যায় না। কিন্তু কেন্দ্র কর্তৃক উৎপাদিত "প্রশিক্ষণ সেবা" অতিমাত্রায় ভর্তুকি মূল্যে সংশ্লিষ্টদের মধ্যে বিতরণ করা হয়। বুনিয়াদি প্রশিক্ষণার্থীদের কাছ থেকে কোন প্রশিক্ষণ ফি নেয়া হয়না। অথচ তাদের দৈনন্দিন ভাতাসহ যাবতীয় প্রশিক্ষণ ব্যয় কেন্দ্র থেকে মেটানো হয়। উল্লেখ্য, প্রশিক্ষণার্থীর সংখ্যাগত কারণে কেন্দ্রের মোট প্রশিক্ষণ ব্যয়ের বেশিরভাগ অংশ শুধু বুনিয়াদি প্রশিক্ষণের জন্য ব্যয়িত হয়। সুতরাং অর্থনৈতিক প্রত্যর্পণ হার বিবেচনায় প্রকল্পটির আয়ুষ্কালীন ফলপ্রসূতা পরিমাপ করা সম্ভব নয় বা গাণিতিক

---

২০ Honadle, George and VanSant, Jerry, opcit, p. 2.

২১ বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র. : *বার্ষিক প্রতিবেদন, ১৯৯৫-৯৬, সাভার*, ঢাকা, ১৯৯৬, পৃ-২৮।

দৃষ্টিকোণে সম্ভব হলেও তা করাটা বাঞ্ছনীয় হবে না। কেননা সমাজ-প্রশাসন ও অর্থনীতির বিভিন্ন স্তরে বিতরণকৃত এ "প্রশিক্ষণ সেবা-পণ্যে"র উৎপাদ কি বা কতখানি তা পরিমাপ করা অত্যন্ত জটিল ও দূরূহ। বিভিন্ন প্রশিক্ষণ পাঠক্রমে আমন্ত্রিত অতিথি বক্তাদের সম্মানী প্রদানের ব্যবস্থা আছে। সকল প্রশিক্ষণ কর্মসূচিতে অনুষদদের সম্পৃক্ততাকে যদি অনুরূপ সম্মানীর হারে রূপান্তরিত করা যায়, প্রশিক্ষণার্থীদের জন্য সম্প্রসারিত অন্যান্য সুবিধাকেও যদি একটি ন্যূনতম মূল্যমানে হিসাব করা হয়, তাহলে দেখা যাবে, মোট বার্ষিক ব্যয় থেকে কেন্দ্রের প্রকৃত বার্ষিক আয় অনেক বেশি হবে। সেক্ষেত্রে কেন্দ্র আর্থিক দিক থেকেও স্বয়ংসম্পূর্ণ বা টেকসই হিসেবে বিবেচিত হবে। অবশ্য কেন্দ্রের প্রশিক্ষণ সেবা মুক্ত বাজারে বিক্রয়যোগ্য মানসম্পন্ন কি-না তা নিঃসন্দেহে প্রশ্নাতীত নয়। তবে এ কথাটি শুধু অনুষদদের জন্যই নয়, বিশেষজ্ঞ অতিথি বক্তাদের ক্ষেত্রেও সমভাবে প্রযোজ্য। অর্থাৎ এজন্য দেশের প্রচলিত প্রশিক্ষণ সংস্কৃতি ও প্রশিক্ষণ কাঠামোই দায়ী।

আর একথা সত্য যে, সরকার প্রশাসনের অবিচ্ছেদ্য অংশ হিসেবে কেন্দ্রের কার্যক্রম পরিচালনার্থে প্রকল্প সমাপ্তির পরও অদ্যাবধি একটি নির্দিষ্ট ধারায় প্রয়োজনীয় অভ্যন্তরীণ সম্পদ প্রবাহ (সরকারি অনুদান) এখানে বিদ্যমান (সারণি-১) এবং অদূর বা সুদূর ভবিষ্যতে এর ব্যত্যয় ঘটার সম্ভাবনা কম।

সারণি-১ ঃ বিপিএটিসি'র বার্ষিক আয়-ব্যয়ের হিসাব, ১৯৮৩-৮৪ থেকে ১৯৯৬-৯৭ পর্যন্ত

| বছর | আয় | | | ব্যয় | সমাপ্তি |
|---|---|---|---|---|---|
| | অনুদান | নিজস্ব আয় | মোট | ব্যয় | ব্যালান্স |
| ১৯৮৩-৮৪ | ৪৯.৩৪ | ০.০৬ | ৪৯.৪০ | ১২.৪৫ | ৩৬.৯৫ |
| ১৯৮৪-৮৫ | ৬৯.০০ | ৪৮.২৪ | ১০৭.২৪ | ১০৬.৬২ | ০.৬২ |
| ১৯৮৫-৮৬ | ১৫৯.৭৫ | ০৬.৬৮ | ১৬৬.৪৩ | ১৬৬.৩৭ | ০.০৬ |
| ১৯৮৬-৮৭ | ১৭৩.০০ | ২০.২২ | ১৯৩.২২ | ১৮৯.৬২ | ৩.৭০ |
| ১৯৮৭০৮৮ | ২১৪.৫৬ | ২৫.১৬ | ২৩৯.৭২ | ২২৫.০৮ | ১৪.৬৪ |
| ১৯৮৮-৮৯ | ২৯৪.৬৬ | ২৫.৩৬ | ৩২০.০২ | ৩০৮.২৩ | ১১.৭৯ |
| ১৯৮৯-৯০ | ৩৩১.৩০ | ২৪.৬৫ | ৩৫৫.৯৫ | ২৫০.৭৭ | ৫.১৮ |
| ১৯৯০-৯১ | ২৬৯.৮১ | ২৩.৬৬ | ২৯৩.৪৭ | ২৮২.৪৬ | ১১.০১ |
| ১৯৯১-৯২ | ৩১৭.০০ | ২৩.৯২ | ৩৪০.৯২ | ৩৩৪.৯৭ | ৫.৯৫ |
| ১৯৯২-৯৩ | ৩৩৯.০ | ২৫.৫৯ | ৩৬৪.৫৯ | ৩৪৯.২১ | ১৫.৩৮ |
| ১৯৯৩-৯৪ | ৫০৪.১৬ | ৩৫.৫০ | ৫৩৯.১৬ | ৪০৯.৯৪ | ১২৯.২২ |
| ১৯৯৪-৯৫ | ৩৬৮.৭৩ | ১৪৯.২৪ | ৫১৭.৯৭ | ৩৮৮.৪৫ | ১২৯.৫২ |
| ১৯৯৫-৯৬ | ৪২৯.৪৮ | ১৬৭.২০ | ৫৯৬.৬৮ | ৫৭৮.৩৬ | ১৮.৩২ |
| ১৯৯৬-৯৭ | ৫৬০.৬৮ | ৫৮.০৫ | ৬১৮.৭৩ | ৬০১.৭৩ | ১৭.০০ |

উৎস ঃ অর্থ অধিশাখা, বিপিএটিসি, সাভার ঢাকা।

২২ Anisuzzaman. M. et. al. : *Bangladesh Public Administration Training Center Phase-II Project : An Evaluation*. BPATC. Savar. Dhaka. 1990. P. iii.

২৩. ibid.

## ২.২ উদ্দেশ্যাবলী বাস্তবায়নে বিপিএটিসি প্রকল্পের ফলপ্রসূতা

সমাপ্তির পর ১৯৯০ সালে পরিচালিত এক সমীক্ষায় দেখা গেছে যে, বিপিএটিসি প্রকল্পটি ব্যয়-ফলপ্রসূ *(cost-effective)* হিসেবে বিবেচিত হয়েছে[২২]। আইএমইডি'র মূল্যায়নে দেখা গেছে, সম্ভরণ-উৎপাদ *(input-output)* পর্যায়ে প্রকল্পের উদ্দেশ্য সাধিত হয়েছে[২৩]। তবে ফলাফল/প্রতিক্রিয়া (effect) পর্যায়ে তা কতটুকু বাস্তবায়িত হয়েছে, সেটাই সবচেয়ে বেশি বিবেচ্য বিষয়। আইএমই ডি'র মূল্যায়ন অনুসারে প্রকল্পের লক্ষ্যমাত্রা পরিপূর্ণভাবে অর্জিত হয়নি (সারণি ২)।

সারণি-২ ঃ বিপিএটিসি দ্বিতীয় পর্যায় প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি ১৯৮০-১৯৯০

(লক্ষ টাকায়)

| ক্রমিক নম্বর | পিপি অনুযায়ী কাজের অঙ্গের নাম | একক | এপ্রিল' পর্যন্ত ক্রমপুঞ্জিত ব্যয় | | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| | | | লক্ষ্যমাত্রা | অগ্রগতি (লক্ষ্যমাত্রার %) | |
| ১ | জমি অধিগ্রহণ | একর | ৫৪.২৬ | ১০০% | |
| ২ | জমি উন্নয়ন | একর | ৫৪.২৬ | ১০০% | |
| ৩ | পূর্ত নির্মাণ | – | – | ১০০% | |
| ৪ | আসবাবপত্র | – | ১৬২.৪৫(লক্ষ টাকা) | ১০০% | |
| ৫ | পুস্তক ও সাময়িকী | – | ১৬৩.৮৭ (লক্ষ টাকা) | ১০০% | |
| ৬ | যনস্ত্রপাতি | | ১৩৬.২১(লক্ষ টাকা) | ১০০% | |
| ৭ | বাহ্যিক ও অভ্যন্তরীণ বিদ্যুতায়ন (বাউন্ডারি লাইট) | | ৩৭৬.৭৭(লক্ষ টাকা) | ১০০% | |
| ৮ | বহ্যিক ও অভ্যন্তরীণ পানি (সাপ্লাই ও সেনিটেশন) | | ২৩৯.৩৪(লক্ষ টাকা) | ১০০% | |
| ৯ | গ্যাস লাইন সংযোগ | | ২০.০০(লক্ষ টাকা) | ১০০% | |
| ১০ | খেলার মাঠ উন্নয়ন/ টেনিসকোর্ট/বাসকেট বল, ফুটবল | | ৩১.০০(লক্ষ টাকা) | ১০০% | |
| ১১ | ফেলোশীপ | শ্রমমাস | ৩১৭ | ২৫৫(৬৭%) | |

উৎস ঃ গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার ঃ বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্রের দ্বিতীয় পর্যায় (সংশোধিত) প্রকল্পের মূল্যায়ন প্রতিবেদন, আইএমইডি, পরিকল্পনা মন্ত্রণালয়, ঢাকা-১৯৯৭, পৃ-২।

(বাকী অংশ পরবর্তি সংখ্যায় প্রকাশিত হবে।)

লোক প্রশাসন সাময়িকী
দ্বাদশ সংখ্যা, সেপ্টেম্বর ৯৮, আশ্বিন ১৪০৫

# বাংলাদেশে ন্যায়পাল প্রতিষ্ঠানের প্রয়োজনীয়তা

আ. ক. ম. মাহবুবুজ্জামান *

## ১.০ ভূমিকা

ন্যায়পাল বা Ombudsman বিষয়ক ধারণাটি এদেশের জনগণের নিকট এখনও তেমন সুপরিচিত হয়ে ওঠেনি। অনেকেরই এ সম্পর্কে ভাসাভাসা বা সীমিত জ্ঞান রয়েছে। দেশের কোনো কোনো রাজনীতিবিদের এ বিষয়ে সম্যক জ্ঞান থাকলেও গোষ্ঠী স্বার্থের কথা বিবেচনা করে তাঁরা এর বাস্তবায়ন সম্পর্কে ততটা উৎসাহী নন। প্রায় একই অবস্থা দৃষ্ট হয় প্রতিটি সরকারের আমলে। অথচ একটি উন্নয়নশীল দেশ হিসেবে বাংলাদেশে এই প্রতিষ্ঠানটির গুরুত্ব ও কার্যকারিতা অপরিসীম। বহুবিধ প্রশাসনিক সমস্যা এই প্রতিষ্ঠানের মাধ্যমে সমাধান করা সম্ভব এবং সু-সরকার প্রতিষ্ঠায় এর ভূমিকা অনস্বীকার্য।

## ২.০ ন্যায়পাল প্রতিষ্ঠানের প্রকৃতি ও বাংলাদেশে ন্যায়পাল আইন

ন্যায়পাল সম্পর্কে সংজ্ঞা প্রদান করতে গিয়ে Geard E. Laiden বলেন "The institutional public conscience, the essence of what government ought to do." অনেকে একে আইন বিভাগের একটি 'স্বাধীন বাহু' রূপে আখ্যায়িত করেছেন, যা সরকারী সংস্থা ও কর্মচারীবৃন্দকে আইন বিভাগের কার্যক্রম সঠিকভাবে বাস্তবায়নে সহায়তা করে। এসব মতামত থেকে সহজেই অনুমেয় যে, যে কোন প্রকার সরকারী অবিচার, অনাচার, বিচারহীনতা, দুর্নীতি, অসদাচারণ, পক্ষপাতিত্ব, স্বজনপ্রীতি, নীতিহীনতা ও অন্যায়ের প্রতিকার করার জন্যই ন্যায়পাল নামক প্রতিষ্ঠান সৃষ্টি ও বজায় রাখা হয়। উন্নয়নশীল দেশসমূহে দুর্নীতি ও রাজনৈতিক অনাচার উন্নত দেশসমূহের তুলনায় প্রায়শই বেশী পরিমাণে দৃষ্টিগোচর হয়ে থাকে। এর প্রতিবিধানে সরকারের অক্ষমতার কারণ প্রধানত দু'টি। প্রথমটি হলো জনপ্রিয়তা হারানোর ভয় এবং ভবিষ্যতে সরকার গঠনে সমর্থ না হওয়ার দুশ্চিন্তা এবং দ্বিতীয়টি হলো দলীয় সদস্যদের বিচার

---

* উপ-পরিচালক, বাংলাদেশ লোক প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র, সাভার, ঢাকা।

করার ক্ষমতা ও মানসিকতার অভাব। যেহেতু সরকারের নিজ দলীয় সদস্যদের ক্ষেত্রে ক্ষমা ও ঔদার্য অধিক পরিমাণে প্রদর্শিত হয়, ফলে অন্য দলীয় সদস্যদের দুর্নীতির প্রতিবিধানেও সরকার নৈতিক মনোবল হারিয়ে ফেলে। উন্নয়নশীল দেশসমূহের এই সমস্যার সমাধানে ন্যায়পাল প্রতিষ্ঠানই সবচেয়ে বেশী ভূমিকা রাখতে সক্ষম। কিন্তু উপর্যুক্ত কারণে কোন সরকারের নিকটই এই প্রতিষ্ঠানটি খুব একটা বরণীয় ও আকাঙ্ক্ষিত হয়ে ওঠেনা।

বাংলাদেশের সংবিধানের ৭৭ নম্বর অনুচ্ছেদে বর্ণিত আছে যে, "৭৭(১)-সংসদ আইনের দ্বারা ন্যায়পাল পদ প্রতিষ্ঠার জন্য বিধান করতে পারবেন। (২) সংসদ আইনের দ্বারা ন্যায়পালকে কোন মন্ত্রণালয়, সরকারী কর্মচারী বা সংবিধিবদ্ধ সরকারী কর্তৃপক্ষের যে কোন কার্য সম্পর্কে তদন্ত পরিচালনার ক্ষমতাসহ যেরূপ ক্ষমতা কিংবা যেরূপ দায়িত্ব প্রদান করবেন, ন্যায়পাল সেইরূপ ক্ষমতা প্রয়োগ ও দায়িত্ব পালন করবেন। (৩) ন্যায়পাল তাঁর দায়িত্ব পালন সম্পর্কে বাৎসরিক রিপোর্ট প্রণয়ন করবেন এবং অনুরূপ রিপোর্ট সংসদে উপস্থাপিত হবে।"

১৯৭২ সালে সংবিধান প্রণয়নের পরে ২৬ বছর অতিক্রান্ত হয়েছে এবং ৭টি নির্বাচিত সরকারও গঠিত হয়েছে, কেবল ন্যায়পাল নামক প্রতিষ্ঠানটি এখনও বলবৎ করা হয়নি।

১৯৮০ সালে তৎকালীন সংসদে ন্যায়পাল বিল পাস হয় এবং তাকে "ন্যায়পাল আইন, ১৯৮০ (১৯৮০ সালের ১৫নং আইন)" নামে অভিহিত করা হয়। আইনে উল্লেখ করা ছিল যে, যেদিন থেকে গেজেটে এই আইনটি প্রকাশিত হবে, সেদিন থেকে এটিকে কার্যকর বলে গণ্য করা হবে। এরপরে অতিবাহিত হয়েছে ১৮টি বছর, আজও গেজেটে সেই আইন প্রকাশিত হয়নি এবং সঙ্গত কারণে তা কার্যকরও হয়নি। এর থেকে প্রমাণিত হয় যে, সকল সরকারের নিকটই আইনটি সুখকর বা শুভকর বিবেচিত হয়নি, তাই অপাঙক্তেয় হয়ে পড়ে আছে তা জাতীয় সংসদের ধূলি ধূসরিত নথির মধ্যে দেড়যুগ ধরে।

## ৩.০ ন্যায়পাল প্রয়োজন কেন?

একটি দেশে দুর্নীতিমুক্ত, জবাবদিহিমূলক ও স্বচ্ছ সরকার পরিচালনার জন্য ন্যায়পালের প্রয়োজন। বর্তমানে পৃথিবীর প্রায় সব দেশেই গণতান্ত্রিক সরকার প্রতিষ্ঠিত। গণতান্ত্রিক দেশসমূহে প্রধানত তিনটি বিভাগ কার্যকর থাকে, যথা ঃ আইন বিভাগ, নির্বাহী বা শাসন বিভাগ ও বিচার বিভাগ। আইন বিভাগ বলতে জন প্রতিনিধি তথা সংসদ সদস্যবৃন্দকে বুঝানো হয়। আইন বিভাগ প্রয়োজনীয় আইন প্রণয়ন এবং প্রয়োজনবোধে প্রচলিত আইনকে যুগোপযোগী করার জন্য প্রয়োজনীয় পরিমার্জন সাধন করে থাকে অথবা বাতিল/রহিত করে।

নির্বাহী বা শাসন বিভাগকেই 'সরকার' বলে চিহ্নিত করা হয়, যা সংখ্যাগরিষ্ঠ দল থেকে মনোনীত প্রধানমন্ত্রীসহ মন্ত্রি-পরিষদ দ্বারা গঠিত এবং সংবিধান এবং আইন বিভাগের প্রণীত ও দেশের প্রচলিত আইন অনুসারে রাষ্ট্র পরিচালনা করে থাকে। এই নির্বাহী বা শাসন বিভাগের নির্দেশ এবং সংসদে প্রণীত বিধি বিধান অনুযায়ী দেশের সরকারী কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ কাজ করে থাকেন এবং এদেরকে নির্বাহী বা শাসন বিভাগের সহায়ক শক্তি হিসেবে গণ্য করা হয়। 'সরকার' বলতে তাই মন্ত্রি পরিষদ সহ সরকারী কর্মকর্তা ও কর্মচারীকে বুঝানো হয়ে থাকে। সার্বিকভাবে মন্ত্রি-পরিষদ ও সরকারী কর্মকর্তা কর্মচারী 'সরকার' হিসেবে গণ্য এবং 'সু সরকার', 'স্বচ্ছ ও জবাবদিহিমূলক সরকার' প্রভৃতি প্রত্যয়সমূহ এই নির্বাহী বা শাসন বিভাগের জন্যই প্রযোজ্য হয়। এই বিভাগ সাংবিধানিকভাবে আইন বিভাগের নিকট জবাবদিহিতার জন্য দায়বদ্ধ।

রাষ্ট্রের অপর বিভাগটি বিচার বিভাগ নামে পরিচিত। রাষ্ট্রে ন্যায় বিচার প্রতিষ্ঠা এবং সকল বিভাগের প্রভাব মুক্ত থাকা এর বৈশিষ্ট্য। এই বিভাগের নিকট সরকার এবং দেশের নাগরিক যে কোন ক্ষেত্রে ন্যায় বিচার প্রার্থনা করতে পারে। বাংলাদেশের সুপ্রীম কোর্টের প্রধান বিচারপতিসহ তাঁর অধীনস্থ সকল বিচারালয় ও বিচারপতিবৃন্দ এই বিভাগের অন্তর্ভুক্ত। দেশের যে কোন নাগরিক বঞ্চিত বা সংক্ষুব্ধ হলে অপর কোন নাগরিক বা সরকার অথবা সরকারের অন্তর্ভুক্ত কোন সদস্যের বিরুদ্ধে দেশের বিদ্যমান ফৌজদারী ও দেওয়ানী কার্যবিধি মতে বিচার বিভাগের নিকট বিচার প্রার্থনা করতে পারেন। তেমনি সরকারও যে কোন নাগরিকের অপরাধের বিচার এই বিভাগের নিকট চাইতে পারে। এছাড়াও বিচার বিভাগের প্রত্যেক বিচারপতির 'স্যুয়োমটো' (সংঘটিত কোন অপরাধকে নিজ উদ্যোগে আমলে এনে বিচার করার ক্ষমতা) ক্ষমতা রয়েছে।

এখন পর্যালোচনা করে দেখা যেতে পারে যে, একটি দেশে স্বাধীন বিচার বিভাগ এবং আইন বিভাগ তথা সংসদ বিদ্যমান থাকার পরেও দেশের নির্বাহী বিভাগ তথা সরকারের সকল প্রকার দুর্নীতি, স্বজনপ্রীতি, শৈথিল্য, বিচারহীনতা, অন্যায় প্রভৃতি দূরীভূত করে মানবাধিকার রক্ষা, ন্যায়বিচার ও সু সরকার (Good Governance) প্রতিষ্ঠা সম্ভব হয়না কেন?

প্রথমে বিচার বিভাগের ভূমিকা বিশ্লেষণ করা যাক। দেশের বিচার বিভাগকে দেওয়ানী ও ফৌজদারী বিচার কার্য নিয়ে এত বেশী ব্যস্ত থাকতে হয় যে, স্যুয়োমটো ক্ষমতা প্রয়োগের ইচ্ছে থাকলেও সময়ের অভাবে তা অনেক ক্ষেত্রে সম্ভব হয়না। তাছাড়া, অধিষ্ঠিত সরকারের সহযোগিতার অভাব এবং প্রমাণাদি সরবরাহে অনীহা অনেক ক্ষেত্রে জড়িত থাকে, যার ফলে বিচারকার্য বাধার

সম্মুখীন হয়। তাই অতীতে ১৯৭৫ সালে সপরিবারে দেশের প্রেসিডেন্ট হত্যা এবং ১৯৮০সালে পুনরায় প্রেসিডেন্ট হত্যার ক্ষেত্রে দেশের বিচার বিভাগ স্যুয়োমটো ক্ষমতা প্রয়োগ করে বিচারের ব্যবস্থা করেনি। দেওয়ানী বিচার প্রার্থনায় নির্দিষ্ট পরিমাণ কোর্ট ফি জমা দিতে হয়। খুব বেশী ক্ষতিগ্রস্থ না হলে কোন নাগরিক তার বিপুল অর্থ ব্যয় করে সরকারের বিরুদ্ধে বিচার বিভাগের দ্বারস্থ হবে, এটি সচরাচর দৃষ্ট হয়না। কিন্তু যদি বিনা ব্যয়ে এরূপ দুর্নীতির অভিযোগ করা যায়, যেমনটা ন্যায়পালের নিকট করা যাবে, তাহলে অনেক নাগরিকই তা করতে চাইবে

আইন বিভাগ তথা সংসদে যে কোন সংসদ সদস্য সরকারের কার্যক্রম ও ভুল-ক্রুটি সম্পর্কে প্রশ্ন করতে পারেন। প্রশ্ন করার নির্ধারিত পদ্ধতি আছে এবং তা সকল সদস্যের জন্যই প্রযোজ্য হয়ে থাকে। এতে শাসন বিভাগের সদস্য (মন্ত্রী, প্রতিমন্ত্রী, উপমন্ত্রিবৃন্দ) উত্তর দিতে বাধ্য থাকেন। এছাড়া রয়েছে সংসদীয় কমিটিসমূহ, যেখানে প্রায় প্রতিটি মন্ত্রণালয়ের কার্যক্রম সম্পর্কে প্রশ্নোত্তরের পালা চলে। বর্তমান সরকারের আমলে প্রতিটি সংসদীয় কমিটির প্রধান একজন সংসদ সদস্য, তিনি সরকারী বা বিরোধী যে কোন দলেরই হোন না কেন। পূর্বে এ নিয়ম ছিলনা। তখন কেবল সরকারের সংশ্লিষ্ট মন্ত্রী, প্রতিমন্ত্রী ও উপমন্ত্রিবৃন্দই সংসদীয় কমিটির প্রধান নিযুক্ত হতেন।

সংসদের প্রশ্নোত্তর এবং সংসদীয় কমিটির পর্যালোচনা ও পরীক্ষা নিরীক্ষার ফলে সংশ্লিষ্ট মন্ত্রী ও তাঁর মন্ত্রণালয়ের কর্মকর্তা কর্মচারীদের কার্যক্রমের জবাবদিহি সম্পূর্ণ হওয়ার কথা এবং বাহ্যত কোন প্রকার দুর্নীতি ও অবিচার থাকার অবকাশ থাকেনা। কিন্তু এত কিছুর পরেও শাসন বিভাগের বহু বিষয়ে জবাবদিহি ও স্বচ্ছতা নিশ্চিত করা সম্ভব হয়না। একে তো সরকারের সংখ্যা গরিষ্ঠতা ও ভোটাধিক্যের ফলে বিরোধী দলের বহু ফরিয়াদের ভাগ্যে "না জয়যুক্ত হয়েছে" প্রাপ্তি ঘটে। তাছাড়া, সংসদীয় কমিটির প্রদত্ত তথ্যে কোন কিছু গোপন করা হলে তা উদ্‌ঘাটনের পথ বিরোধীদলের জন্য খুব বেশী খোলা থাকেনা। অনেক সময় সংসদীয় কমিটি যে কাজটি 'অবিলম্বে করতে হবে' বলে সিদ্ধান্ত নেয়, সেটি বহুদিন যাবত প্রলম্বিত হতে থাকে–জনগণের দুর্দশার সঙ্গে পাল্লা দিয়ে।

ফলে দেখা যায় যে, উন্নয়নশীল দেশসমূহে আইন ও সংসদ, সংসদীয় কমিটি এবং বিচার বিভাগ দ্বারা বহু দুর্নীতি, শৈথিল্য, স্বজনপ্রীতি, অবিচার ও বিচারহীনতা রোধ করা বাস্তবে সম্ভব হয়ে ওঠে না। এক্ষেত্রে এমন একজন নিরপেক্ষ ও কর্তৃত্বশালী ব্যক্তি যদি থাকেন, যাঁকে দলীয় প্রীতি ও নির্বাচনের তোয়াক্কা করতে হবেনা এবং যিনি সকল প্রকার দুর্নীতি ও অবিচারের বিরুদ্ধে

স্যুয়োমটো ক্ষমতায় ত্বরিৎ ব্যবস্থা গ্রহণ করবেন, তাহলে শাসন বিভাগের দুর্নীতি, অবিচার ও শৈথিল্য হ্রাস পেতে পারে। এমন একজন নিরপেক্ষ ও কর্তৃত্বশালী ব্যক্তিকেই বলা হয় ন্যায়পাল। আমাদের দেশে 'তত্ত্বাবধায়ক সরকারের প্রধান' যেমন কোন দলীয় ব্যক্তি নন এবং নিরপেক্ষভাবে তাঁর দায়িত্ব পালনে প্রশংসিত হন, ঠিক তেমনিভাবে একজন ন্যায়পাল তাঁর নিরপেক্ষ ভাবধারায় কাজ চালিয়ে যেতে সক্ষম হবেন। ন্যায়পাল কেবল সরকারের নয়, বরঞ্চ দেশের যে কোন ব্যক্তির আইনভঙ্গ ও দুর্নীতির বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করে সমাজ ও দেশকে দুর্নীতিমুক্ত রাখতে সচেষ্ট হন।

গ্রন্থাগার সাময়িকী শাখা তারিখ .. সাভার, ঢাকা

## ৪.০ পৃথিবীর বিভিন্নদেশে ন্যায়পালের অবস্থান ও প্রকৃতি

ন্যায়পাল প্রতিষ্ঠানের পথিকৃৎ রাষ্ট্র সুইডেন। ১৮০৯ সালে সুইডেনে ন্যায়পাল ব্যবস্থা প্রতিষ্ঠা করা হয়। সে সময় থেকে সুইডেনে যে কোন ব্যক্তি ন্যায় বিচার থেকে বঞ্চিত হয়েছে বা তাঁর উপর অবিচার করা হয়েছে এরূপ অবস্থায় ন্যায়পালের নিকট অভিযোগ করে থাকেন। ন্যায়পাল তার অভিযোগ তদন্ত করে ন্যায়বিচার নিশ্চিত করার নির্দেশ দেন। সে দেশের পার্লামেন্ট যদিও ন্যায়পালকে নির্বাচিত করে, কিন্তু ন্যায়পালকে কোন নির্দেশ দিতে পারেনা। ৪ বছরের জন্য নির্বাচিত ন্যায়পাল বছরান্তে তাঁর কার্যক্রমের রিপোর্ট পার্লামেন্টে দাখিল করেন। তবে গুরুতর অপরাধ বা অসদাচারণের জন্য পার্লামেন্টের নির্দিষ্ট সংখ্যক সদস্যের ভোটে ন্যায়পালকে বরখাস্ত করা যেতে পারে।

১৯১৯ সালে ফিনল্যান্ডে, ১৯৫৫ সালে ডেনমার্কে এবং ১৯৬৩সালে নরওয়েতে ন্যায়পাল ব্যবস্থা প্রতিষ্ঠা করা হয়েছে। ফিনল্যান্ডে সুইডেনের মত ৪ বছরের জন্য ন্যায়পালকে নির্বাচিত করা হয়। ডেনমার্ক ও নরওয়েতে প্রত্যেক সংসদ নির্বাচনের পরে ন্যায়পাল নিযুক্ত হয় এবং পরবর্তী সাধারণ নির্বাচন পর্যন্ত তাঁর মেয়াদ বলবৎ থাকে। একই ন্যায়পাল পুনরায় নির্বাচিত হতে পারে। সাধারণত অবসরপ্রাপ্ত বিচারপতি, প্রখ্যাত আইনজীবী, প্রখ্যাত শিক্ষাবিদ প্রভৃতির মধ্য থেকেই ন্যায়পাল নির্বাচিত করা হয়। প্রতি বছর ন্যায়পালকে তাঁর কার্যক্রমের রিপোর্ট পার্লামেন্টে দাখিল করতে হয়, তবে পার্লামেন্ট তাঁকে কোন নির্দেশ দিতে পারেনা। দেশভেদে ন্যায়পালের কার্যক্রমের পরিধির পার্থক্য রয়েছে। যেমন ফিনল্যান্ডের ন্যায়পাল কোন সংসদ সদস্য, চ্যান্সেলর অব জাস্টিস এবং রাষ্ট্রপতির কার্যক্রমের উপর তদারকী করার অধিকার রাখেন না। অন্যদিকে সুইডেনের ন্যায়পাল সামরিক বাহিনীর কার্যক্রমের ত্রুটি-বিচ্যুতিও তদারক করে থাকেন।

ন্যায়পাল ব্যবস্থার বিশেষ বৈশিষ্ট্য হলো এই যে, ন্যায়পাল নিজে থেকে কোন অবিচার বা দুর্নীতি আমলে নিতে পারেন (স্যুয়োমটো), কিংবা কোন ব্যক্তি বা প্রতিষ্ঠানের দায়েরকৃত অভিযোগ গ্রহণ করতে পারেন। অতঃপর ন্যায়পাল তাঁর দপ্তরের কর্মকর্তা-কর্মচারী দ্বারা তদন্ত করতে পারেন এবং অভিযোগ সত্য হলে সংশ্লিষ্ট ব্যক্তি ও প্রতিষ্ঠান (অভিযুক্ত) কে এর সমাধানের নির্দেশ প্রদান করেন। কিন্তু নিজে কোন শাস্তি বলবৎ করেননা।

১৯৬০ এর দশকে Ombudsman তথা 'ন্যায়পালে'র ধারণাটি পৃথিবীব্যাপী প্রসারিত হয়ে পড়ে। ফলে দেখা যায় যে, ১৯৬২ সালে নিউজিল্যান্ডে, ১৯৬৭ সালে যুক্তরাজ্য ও কানাডায়, ১৯৬৮ সালে তানজানিয়ায়, ১৯৭১ সালে ইসরাইলে, ১৯৭৩ সালে ফ্রান্সে, ১৯৭৫ সালে পর্তুগালে, ১৯৭৭সালে অষ্ট্রেলিয়া, অষ্ট্রিয়া ও পেত্রোরিকায়, ১৯৮১সালে নেদারল্যান্ডে ন্যায়পাল প্রতিষ্ঠান প্রতিষ্ঠিত হয়। ১৯৮৩ সালে একযোগে ল্যাটিন আমেরিকার দেশসমূহে (আর্জেন্টিনা, কোস্টারিকা, কলোম্বিয়া, গুয়েতেমালা, পেরু), অফ্রিকার বিভিন্ন দেশে (নামিবিয়া, দক্ষিণ আফ্রিকা) এবং মধ্য ও পূর্ব ইউরোপে (পোল্যান্ড, হাঙ্গেরী, লিথুয়ানিয়া, স্লোভানিয়া) ন্যায়পাল প্রতিষ্ঠিত হয়। এশিয়ার ভারত, শ্রীলংকা, ফিলিপিন্সও পাকিস্তান ন্যায়পাল কার্যক্রম পরিচালনা করছে। বর্তমানে বিশ্বের ৭৫টিরও বেশী দেশে ন্যায়পাল প্রতিষ্ঠান কার্যকর রয়েছে।

ন্যায়পাল প্রতিষ্ঠানকে আরও অর্থবহ ও সুসংহত করে তোলার জন্য ১৯৭৮ সালে "ইন্টারন্যাশনাল ওমবুডস্‌ম্যান ইনষ্টিটিউটি' সংক্ষেপে 'আই ও আই' প্রতিষ্ঠিত হয়েছে। সমগ্র পৃথিবীকে ৬টি অঞ্চলে ভাগ করে 'আই ও আই' এর কার্যক্রম পরিচালনা করা হচ্ছে। অঞ্চলগুলো হলো ঃ (১)এশিয়া (২) ইউরোপ (৩) আফ্রিকা (৪) উত্তর আমেরিকা (৫) ক্যারিবিয়ান-ল্যাটিন আমেরিকা (৬) অষ্ট্রেলিয়া ও প্যাসিফিক অঞ্চল। 'আই ও আই'এর কার্যক্রম হচ্ছে বিশ্বের বিভিন্ন দেশের ন্যায়পাল প্রতিষ্ঠানের কর্মকর্তাদের শিক্ষামূলক কার্যক্রম পরিচালনা, ন্যায়পাল প্রতিষ্ঠান সংক্রান্ত তথ্য সংগ্রহ, সংরক্ষণ ও প্রচারকরণ এবং বিভিন্ন দেশের ন্যায়পাল প্রতিষ্ঠানসমূহের মধ্যে তথ্য ও অভিজ্ঞতা বিনিময়করণ।

পৃথিবীর বিভিন্ন দেশে ন্যায়পালকে বিভিন্ন নামে অভিহিত করা হয়। যেমন ঃ স্পেন, আর্জেন্টিনা ও কলোম্বিয়ায় 'ডিফেন্সর দেল পুয়েবলো' শ্রীলংকা ও যুক্তরাজ্যে 'পার্লামেন্টারী কমিশনার ফর এ্যাডমিনিস্ট্রেশন' ফ্রান্স, গ্যাবন ও মৌরিতানিয়ায় 'দেলা রিপাবলিকি' দক্ষিণ আফ্রিকায় 'প্রটেক্টর' নাইজিরিয়ায় 'পাবলিক কমপ্লেইনটস্ কমিশন' ইটালিতে 'ডিফেন্সর সিভিকো' পাকিস্তানে 'ওয়াকাফি মোহতাসিব' এবং ভারতে 'লোকপাল'।

## ৫.০ বাংলাদেশে ন্যায়পাল প্রতিষ্ঠার প্রয়োজনীয়তা

১৯৮০ সালের দিকে বাংলাদেশে কতিপয় ক্ষেত্রে দুর্নীতি চরম আকার ধারণ করে অথচ প্রমাণাভাবে অথবা দলীয় কারণে এর প্রতিবিধান করা সম্ভব হচ্ছিলনা, সে সময়েই ন্যায়পাল আইনটি সংসদে পাশ হয়। পরে রাজনীতিবিদদের গোষ্ঠী স্বার্থের এবং সামরিক শাসনের ফলে তা আর গেজেটে প্রকাশিত হয়ে কার্যকর হতে পারেনি। অতঃপর ১৯৯১ সাল ভারপ্রাপ্ত রাষ্ট্রপতি বিচারপতি শাহাবুদ্দিন আহমেদের অস্থায়ী সরকারের আমলে দেশের প্রধান প্রধান সমস্যাবলী চিহ্নিত করার জন্য যে ২৯টি টাস্ক ফোর্স গঠন করা হয়, তারমধ্যে সরকারের অপকর্ম, (Government Malpractice) সংক্রান্ত টাস্ক ফোর্স কর্তৃক প্রণীত রিপোর্টে দেশে দুর্নীতি দূরীকরণ এবং প্রশাসনে জবাবদিহিতা নিশ্চিতকরণের লক্ষে 'ন্যায়পাল' প্রতিষ্ঠার সুপারিশ করা হয়। সরকারের ক্ষমতার অপব্যবহার রোধ-কল্পে ন্যায়পাল প্রতিষ্ঠার প্রয়োজনীয়তা সেই রিপোর্টে বিশদভাবে বর্ণিত হয়েছে।

১৯৯৩ সালে ইউ এন ডি পি (ইউনাইটেড ন্যাশনস্ ডেভেলপমেন্ট প্রোগ্রাম্‌স) কর্তৃক বাংলাদেশের 'লোক-প্রশাসন সেক্টর সমীক্ষা' রিপোর্টে উল্লেখ করা হয় যে, "...(৫) সংবিধানের ৭৭নং অনুচ্ছেদে বর্ণিত ন্যায়পালের ধারণার কথা সংবিধানে উল্লিখিত থাকলেও এখন পর্যন্ত তা বাস্তবায়িত হয়নি। একটি গণতান্ত্রিক ব্যবস্থায় নাগরিকদের নালিশ শোনা ও বিচার বিবেচনা করার জন্য কিছুটা তৈরী পদ্ধতি থাকা জরুরী।"...

উপর্যুক্ত রিপোর্টসমূহ থেকে প্রতীয়মান হচ্ছে যে, দেশে বিরাজমান গণতন্ত্র নস্যাৎকারী সামরিক শাসনসহ সরকারের ক্ষমতার অপব্যবহার, স্বেচ্ছাচারিতা, দুর্নীতি, স্বজনপ্রীতি, অনিয়ম, অদক্ষতা, বিচারহীনতা, কাজে দীর্ঘসূত্রিতা ও শৃঙ্খলার অভাব দূরীকরণের ক্ষেত্রে বাংলাদেশে ন্যায়পাল প্রতিষ্ঠান অত্যন্ত কার্যকর ভূমিকা পালন করতে পারে। এতে হয়তো সাময়িকভাবে কোন সরকারের জনপ্রিয়তা হ্রাস পেতে পারে, কিন্তু দীর্ঘমেয়াদে প্রশাসনের দক্ষতা বৃদ্ধি পাবে এবং দেশের জনগণের কল্যাণ হবে।

এখানে দু'একটি ক্ষেত্রের অবস্থা উল্লেখ করে ন্যায়পাল নিয়োগের প্রয়োজনীয়তাকে কিছুটা স্বচ্ছ করার প্রয়াস নেয়া যেতে পারে। বাংলাদেশে ঋণ খেলাপীদের তালিকা যথেষ্ঠ দীর্ঘ। এদের অধিকাংশই সমাজের উচ্চ স্তরে আসীন এবং ভাগ্যের বরপুত্র। এদের বিরুদ্ধে জোরালো ব্যবস্থা গ্রহণ করা হলে দেশ আর্থিক দুর্দশা মুক্ত হতে পারে এবং উন্নয়নে অভ্যন্তরীণ সম্পদ জোগান দেয়ার পথ উন্মুক্ত হতে পারে। কিন্তু এদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ যে কোন সরকারের জন্য অত্যন্ত

ঝুঁকিপূর্ণ কাজ। কারণ, এদের প্রদত্ত চাঁদায় বহু রাজনৈতিক দল পরিচালিত হয় এবং যে কোন সরকারের জনপ্রিয়তায় ধ্বস নামাতে এরা ক্ষেপণাস্ত্রের চেয়েও শক্তিশালী। তাই সব সরকারই প্রতিকারের ব্যবস্থা গ্রহণের সংকল্প ব্যক্ত করে, বাস্তবে প্রতিকার মুখ থুবড়ে পড়ে থাকে।

দেশের বিশ্ববিদ্যালয়সমূহে কারা সন্ত্রাসী, কাদের নিকট কোন্ অস্ত্র কত পরিমাণে আছে, তা সব সরকারেরই জানার কথা কিন্তু অজ্ঞাত (?) কারণে এই অস্ত্র উদ্ধার, সন্ত্রাসী গ্রেফতার এবং কলুষ মুক্ত শিক্ষাঙ্গণ সৃষ্টিতে তেমন উদ্যোগ গ্রহণ করতে দেখা যায় না। চাঁদাবাজী চলছে অলিতে গলিতে, অনেকটা প্রকাশ্যেই। কিন্তু তারা যেহেতু কোন না কোন রাজনৈতিক দলের ছত্রছায়ায় রয়েছে, তাই জনগণের মুক্তির ব্যবস্থায় কেউ এগিয়ে আসেনা। বিভিন্ন প্রশাসনিক দপ্তরের উত্তম ও লোভনীয় (?) পোষ্টিংয়ের জন্য রেট ধার্য্য করা আছে বলে দৈনিক পত্রিকায় খবর বেরোয়, কিন্তু বিচার বিভাগের স্যুয়োমটো ক্ষমতা দ্বারা এর নিবারণ বা প্রতিকার হয়না।

এক্ষেত্রে ন্যায়পাল কর্তৃক ত্বরিৎ ব্যবস্থা গ্রহণে কোন অসুবিধা হতো না। কারণ, তিনি তো পদপ্রার্থী হননি, তাঁকে পার্লামেন্ট কর্তৃক নির্বাচিত বা মনোনীত করা হয়েছে। পুনরায় নির্বাচিত হওয়ার দুশ্চিন্তা এবং তাঁর জনপ্রিয়তা ধরে রাখার কোন প্রয়োজন নেই। তিনি অনায়াসে এসব সমস্যার সমাধান করে দেশকে রাহুমুক্ত করতে পারতেন। যেসব ব্যক্তি সরকারের রোষাণলে পড়ে অবিচারের শিকার হয়, তারা অন্তত একটি আশ্রয়ে নির্ভয়ে গিয়ে বিনা কোর্টফিতে বিচার প্রার্থনা করতে পারতো। আর এভাবেই এই অযুত দুঃখের দেশে ''বিচারের বাণী নীরবে নিভৃতে কাঁদতো না।''

## ৭.০ উপসংহার

বাংলাদেশের সংবিধান প্রণেতাগণ বহু আগেই ন্যায়পাল নামক প্রতিষ্ঠানটির কথা চিন্তা করেছিলেন এবং সংবিধানে ন্যায়পাল নিয়োগের বিধান করার অবকাশ রেখেছিলেন। উন্নয়নশীল দেশে দুর্নীতির অবকাশ থেকে যায় রন্ধ্রে রন্ধ্রে। তার কিছুটা নিরাময়ের আশা নিহিত থাকে একজন আনুষ্ঠানিক ক্ষমতা ও কর্তৃত্বশালী নিরপেক্ষ ব্যক্তির আশ্রয়ে। ১৯৯০-৯১ সালের নিরপেক্ষ অস্থায়ী সরকার এবং ১৯৯৬ সালের তত্ত্বাবধায়ক সরকারের পক্ষপাতহীন শাসন ও বিচারে এদেশের জনগণ দুর্নীতিমুক্ত দু'টি নির্বাচন প্রত্যক্ষ করে লোভাতুর হয়ে বুভুক্ষের মত চেয়ে আছে ন্যায়পাল প্রতিষ্ঠানের মত অরাজনৈতিক ও সহজগম্য একটি আশ্রয়ের প্রতি। ন্যায়বিচার প্রাপ্তির ফল্গুধারাসহ একটি সু-সরকার প্রতিষ্ঠায় তাদের আশা উচ্চাভিলাসী হতে পারে কিন্তু অযৌক্তিক আকাঙ্ক্ষা নয়।

১৯৮০ সালের ১৫ নম্বর আইন "ন্যায়পাল আইন, ১৯৮০" সময়ের পরিপ্রেক্ষিতে পরিমার্জন প্রয়োজনীয় হলে পুনরায় সংসদে উত্থানপূর্বক তা সম্পূর্ণ করে গেজেটে প্রকাশ করা যেতে পারে। এই আইন কার্যকর হলে বাংলাদেশের দুঃখী জনগণ ৫ বছর পর পর একটি করে নিরপেক্ষ ও তত্ত্বাবধায়ক সরকারই কেবল লাভ করবে না, প্রতিটি মুহূর্তের জন্য একজন নিরপেক্ষ রাষ্ট্রীয় অভিভাবকও লাভ করবে। প্রশাসনিক জবাবদিহিতা ও স্বচ্ছতার দ্বার উন্মোচনের সুযোগ সৃষ্টি হবে। এতে অরাজনৈতিক ব্যক্তিরাই কেবল লাভবান হবে এমনটি নয়, বরঞ্চ প্রকৃত লাভবান হবে রাজনৈতিক দলগুলিই। ইতিহাস তখন তাদেরকেই স্মরণ করবে।

উল্লেখ্য, বিগত ৩০শে সেপ্টেম্বর, ১৯৯৮, দেশের জাতীয় সংসদের "ইনষ্টিটিউট অব পার্লামেন্টারী ষ্টাডিজ (আই পি এস)" প্রতিষ্ঠিত হয়েছে, যা সংসদীয় গণতন্ত্রকে কার্যকর ও অর্থবহ করে তুলতে এবং নির্বাচিত সংসদ সদস্যদের যথাযথ ভূমিকা পালনে দক্ষ হতে সহায়তা করবে। আই পি এস উদ্বোধনকালে বর্তমান প্রধানমন্ত্রী শীঘ্রই ন্যায়পাল আইন বলবৎকরণ এবং ন্যায়পাল নিযুক্তির আশ্বাস দিয়েছেন। এই আশ্বাস কার্যে পরিণত হলে দেশ একজন ন্যায়দন্ডধারী অভিভাবকরূপে ন্যায়পাল লাভ করে 'সু-সরকার' প্রতিষ্ঠার পথে অগ্রগামী হবে এবং বর্তমান প্রধানমন্ত্রী ন্যায়পাল প্রতিষ্ঠান প্রতিষ্ঠার ইতিহাসে অগ্র সৈনিক হিসেবে বিবেচিত হবেন।

## সহায়ক গ্রন্থপঞ্জি

১। Ahmed. Ali. (1993). *Ombudsman for Bangladesh.* Academic Publishers. Dhaka. Bangladesh.

২। Gellhorn. walter (1966). *Ombudsman and Others.* Harvard University Press. Massachusetts. USA

৩। *গণ-প্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধান* (১৯৭২), বাংলাদেশ সরকারী প্রেস, ঢাকা, বাংলাদেশ।

৪। জাতিসংঘ উন্নয়ন কর্মসূচী (১৯৯৩), *বাংলাদেশ লোক প্রশাসন সেক্টর সমীক্ষা রিপোর্ট।* (জুলাই, ১৯৯৩)

৫। বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র (১৯৯২), *'প্রশাসনে স্বচ্ছতা'* (সেমিনার প্রতিবেদন, ৮-ই সেপ্টেম্বর, ১৯৯২), সাভার, ঢাকা, বাংলাদেশ।

৬। *Report of the Task forces on Bangladesh Development Strategies for the 1990S.* (Vol. 2) University Press limited. Dhaka. Bangladesh.

৭। আহমদ, জামাল উদ্দিন (১৯৯৫), *প্রশাসনে জবাবদিহিতা ঃ ন্যায়পালের ভূমিকা (বাংলাদেশ প্রেক্ষিত)।* (সেমিনার প্রতিবেদন, ২৪তম উচ্চতর প্রশাসন ও উন্নয়ন কোর্স, অক্টোবর, ১৯৯৫), লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র, সাভার, ঢাকা, বাংলাদেশ।

৮। Muslim. Syed Naquib. "*Office of Ombudsman Can Promote Accountability*" The Daily Star. 17/06/1993. Dhaka.

লোক প্রশাসন সাময়িকী
দ্বাদশ সংখ্যা, সেপ্টেম্বর ৯৮, আশ্বিন ১৪০৫

# গণতন্ত্রের প্রাতিষ্ঠানিক বিকাশ ঃ বাংলাদেশ পরিপ্রেক্ষিত

মুহাম্মদ আব্দুল কাদের *

## ১.০ ভূমিকা

মানব জাতির ইতিহাস হলো প্রতিকুল পারিপার্শ্বিক অবস্থা, শোষণ আর বঞ্চনার বিরুদ্ধে নিরবচ্ছিন্ন সংগ্রামের ইতিহাস। মানব জাতি পর্যায়ক্রমে যখন থেকে ঘর বাঁধতে ও কৃষি কাজ করতে শুরু করে তখন থেকেই মূলত পারিবারিক জীবন বা সমাজ জীবনের সূত্রপাত হয়। কৃষি নির্ভর এই গ্রামীণ সমাজ থেকে মানব জাতি পর্যায়ক্রমে শহুরে জীবন তথা নগর রাষ্ট্রের উদ্ভব ঘটায়। আর এই নগর রাষ্ট্রকে কেন্দ্র করেই নগর রাষ্ট্রিক ব্যবস্থা তথা রাষ্ট্রীয় শাসন ব্যবস্থার সূত্রপাত ঘটে। রাষ্ট্রের সর্বোচ্চ পর্যায়ে যার অবস্থান ছিল তিনি রাজা হিসেবে পরিচিতি পান। রাজাকে কেন্দ্র করেই উজির-নাজির, অমাত্য, সেনাবাহিনী, সিপাহসালার, কোষাগার প্রভৃতি গড়ে ওঠে।

প্রাচীন প্রস্তর যুগের আদিম অধিবাসীরা যে সভ্যতার সূত্রপাত ঘটায়, তারই সূত্র ধরে বিগত সাত হাজার বছর আগে ব্যাবিলনীয় ও মিশরীয় সভ্যতা তথা ব্রোঞ্জযুগের সংস্কৃতির উদয় হয়। এ সময় মানুষ ধাতু, খনিজদ্রব্য, ইট ও পাথরের দালান, কাঠের কাজ, খালকাটা, বাঁধ নির্মাণ, নৌকা ও চাকাওয়ালা গাড়ী চালনা, রাস্তা নির্মাণ ইত্যাদি করতে শুরু করে। সেই সাথে জ্যোতির্বিদ্যা, সংখ্যা লেখা, হিসাব করা তথা পঞ্জিকা প্রণয়ন করতে শেখে। এই সভ্যতার বিকাশ ও বিস্তার ঘটে মিশর থেকে পারস্য, ভারতবর্ষ, চীন প্রভৃতি অঞ্চলে। প্রত্মতাত্ত্বিকরা মনে করেন যে, এই ব্রোঞ্জ যুগে নগর সভ্যতা তথা নগর রাষ্ট্রিক ব্যবস্থার সূত্রপাত ঘটে। মানুষের জীবন ধারণের নবতর পেশা সমাজ জীবনের পরিবর্তন সাধন

* থানা নির্বাহী কর্মকর্তা, পলাশ থানা, নরসিংদি।

করেছে। মানব জাতির বর্তমান অবস্থায় পৌঁছুতে মানব সমাজ নিম্নলিখিত সামাজিক স্তর পেরিয়ে এসেছে ঃ

(১) পুরাতন প্রস্তর যুগ

(২) নতুন প্রস্তর যুগের আদিম গণতান্ত্রিক গোষ্ঠী সমাজ

(৩) ব্রোঞ্জযুগের দাসতান্ত্রিক সমাজ

(৪) সামন্ততন্ত্র ঃ খৃষ্টপূর্ব দ্বিতীয় শতাব্দী থেকে দশম শতাব্দী পর্যন্ত পৃথিবীতে অর্থাৎ ইউরোপ ও আফ্রিকাতে সামন্ততন্ত্রের প্রসার ঘটে।

(৫) পুঁজিবাদ ঃ ১৬-১৮ শতাব্দীর মধ্যে ইউরোপে এ সমাজ ব্যবস্থার উদয় ও সমগ্র পৃথিবীতে এর প্রসার ঘটে।

(৬) সমাজতন্ত্র ঃ ঊনবিংশ ও বিংশ শতাব্দীতে সম্পদের সমবন্টনের ভিত্তিতে প্রথমে রাশিয়ায় সমাজতন্ত্রের উদ্ভব হয় ও চীনসহ বিশ্বের বেশ কয়েকটি দেশে সমাজতন্ত্রের প্রসার ঘটে।

## ২.০ গণতন্ত্রের বিকাশ

বিশ্ব সমাজে পুঁজিবাদের ধারণা বিকশিত হওয়ার সাথে সাথে সামাজিক ও রাজনৈতিক দর্শনে নতুন এক ভাবধারার উদ্ভব ঘটায়। এই নতুন ভাবধারাই গণতান্ত্রিক বিধি ব্যবস্থা হিসেবে জনসাধারণের মূল্যবোধের ভিত্তিতে প্রতিষ্ঠা লাভ করে। দাস প্রথার পরিবর্তে সমাজে ক্রমান্বয়ে মানবাধিকার প্রতিষ্ঠার তাগিদ অনুভূত হতে থাকে।

তবে গণতন্ত্রের বিকাশ ঘটেছে দীর্ঘদিনের কাল পরিক্রমায়। গ্রীক নগর রাষ্ট্রের রাজা ছিলেন সর্বোচ্চ ক্ষমতাধর অর্থাৎ একাধারে তিনি ছিলেন প্রধান পুরোহিত, প্রধান বিচারক ও প্রধান সেনাধ্যক্ষ। রাজা সাধারণত নিজ গোত্রের ধর্মীয় অনুষ্ঠান পরিচালনা করতেন বলে জনগণ রাজাকে দেব বংশোদ্ভূত মনে করতো ও দেবতার ন্যায় শ্রদ্ধা করতো। তবে রাজা ও তার শাসন পরিষদের সদস্যরা গণ-সম্মেলনে গিয়ে বা গণ সভায় গিয়ে সবার মতামত নিয়ে কাজ করতেন। আর এ থেকেই গণতন্ত্রের উৎপত্তি। আইন লিপিবদ্ধ করার জন্য গ্রীসে পর্যায়ক্রমিক আন্দোলন শুরু হয়। ক্ষমতাসীন ধনবাদীরা বাধ্য হয়ে আইন সংকলন শুরু করে। ফলে নাগরিকদের কতিপয় রাজনৈতিক অধিকার প্রতিষ্ঠিত হয়ে গ্রীসে গণতন্ত্রের উত্তরণ ঘটে।

পর্যায়ক্রমে গ্রীসের গণতান্ত্রিক শাসন ব্যবস্থা কালের গর্ভে বিলীন হয়ে যায়। মধ্যযুগ বলে অভিহিত সময়কালে বিশ্বের কোথায়ও গণতন্ত্রের অস্তিত্ব পাওয়া

যায়না। তবে এসময় আরব জাতির মধ্যে ৫৭০ খ্রীষ্টাব্দে আলোকবর্তিকা হিসেবে মক্কা নগরীতে হযরত মুহাম্মদ (সঃ) (৫৭০-৬৩২) জন্ম গ্রহণ করেন। তিনি ঐশী বাণীর মাধ্যমে জ্ঞানলাভ করে সাম্যের ধর্ম হিসেবে ইসলামের প্রবর্তন করেন। যদিও ঐশী বাণী দ্বারা তিনি চূড়ান্তভাবে নীতি নির্ধারণ করতেন, তবুও তিনি তার সাহাবাদের (সঙ্গী/অনুচর) সঙ্গে আলোচনা বা পরামর্শ করে রাষ্ট্র পরিচালনা করতেন। শ্রেণী ও বংশ-মর্যাদা নির্বিশেষে একই ইসলামী নীতি দ্বারা সর্বশ্রেণীর মানুষের উপর শাসন পরিচালনার জন্য তিনি মদীনা সনদের ভিত্তিতে মদীনায় আদর্শ প্রজাতান্ত্রিক রাষ্ট্র প্রতিষ্ঠিত করেন। তিনি গণ-প্রজাতান্ত্রিক রাষ্ট্র ব্যবস্থার ধারা অব্যাহত রাখার মানসেই নিজে কোন উত্তরাধিকারী নির্বাচিত করে যাননি। তাঁর ইন্তিকালের পরে সাহাবাগণের জনসমর্থনের ভিত্তিতে ও অনুমোদনের পরে হযরত আবু বকর (রাঃ) ইসলামী প্রজাতন্ত্রের প্রথম খলিফা নির্বাচিত হন। এইভাবে সে কালোপযোগী গণতন্ত্র প্রবর্তিত হয় এবং তা ইসলামের চতুর্থ খলিফা হযরত আলী (রাঃ) এর শাসনকাল পর্যন্ত সম্পূর্ণ অবিকৃত অবস্থায় টিকে ছিল। পর্যায়ক্রমে এই ব্যবস্থাও রাজতন্ত্র হিসেবে বিকৃত হয়ে যায়।

এই সময়ে ইউরোপের দেশগুলিতে রাজতন্ত্র বা রাজার শাসন চালু ছিল। ধর্মীয় প্রতিষ্ঠানের কেন্দ্রবিন্দু হিসেবে পোপ বা ধর্মযাজকরা দেশ শাসনের নিয়ামক শক্তি হিসেবে আবির্ভূত হয়েছিল। রাজা ও পোপরা আপোষ-রফার মাধ্যমে দেশ শাসন করতো। এদিকে ইংল্যান্ডে সংঘঠিত হয় রেনেসাঁ এবং তৎপরবর্তীকালে শিল্প বিপ্লব, অন্যদিকে ১৭৮৯সালে ফরাসী বিপ্লব সংঘটিত হওয়ার পরে সমগ্র ইউরোপে এক বৈপ্লবিক পরিবর্তন সাধিত হয় যা প্রায় সমগ্র ইউরোপে গণতান্ত্রিক শাসন প্রতিষ্ঠার ভিত্তিভূমি তৈরী করে। অপরদিকে কলম্বাস (১৪৪৬-১৫০৬) কর্তৃক আমেরিকার আবিস্কার-পরবর্তীকালে আমেরিকাতেও গণতন্ত্রের ছোঁয়া লাগে। আমেরিকাতে সাদা-কালোর সংঘাত শেষ হয়। সেখানে আব্রাহাম লিংকন (১৮০৯-৬৫) কর্তৃক উত্তম রাষ্ট্রের তথা গণতান্ত্রিক রাষ্ট্রের সংজ্ঞায়ন এবং দাস প্রথা আইন দ্বারা রদ করার মাধ্যমে গণতন্ত্র প্রতিষ্ঠিত হয়। পর্যায়ক্রমে বিশ্বের অন্যান্য দেশে; বিশেষত এশিয়া, আফ্রিকা ও ল্যাটিন আমেরিকার বিভিন্ন দেশে গণতন্ত্র গ্রহণযোগ্য শাসন হিসেবে গৃহীত হতে থাকে।

অতি সংক্ষিপ্ত পরিসরে গণতান্ত্রিক বিকাশ সম্বন্ধে আলোচনার পরে এবার দেখা যাক, গণতন্ত্র বলতে কি বুঝায়?

গণতন্ত্র শব্দটির ইংরেজী প্রতিশব্দ Democracy শব্দটির প্রথম প্রয়োগ হয় আজ থেকে প্রায় আড়াই হাজার বছর আগে। গ্রীক ঐতিহাসিক হিরোডোটাস

(Herodotus, মৃত্যু খৃঃ পূঃ ৪২৪) গণতন্ত্রের সংজ্ঞায়নে বলেন, গণতন্ত্র এক প্রকার শাসন ব্যবস্থা যেখানে শাসনক্ষমতা কোন শ্রেণী বা শ্রেণীসমূহের উপরেই ন্যস্ত থাকে না; বরং ব্যাপকভাবে সমাজের সদস্যগণের উপরে ন্যস্ত হয়। একই সুর ধরে এরিষ্টটল (খৃঃ পূঃ ৩৮৪-৩২২) তাঁর Politics গ্রন্থের চতুর্থ অংশের ষাট অনুচ্ছেদে বলেন, "সাধারণভাবে আমরা বলতে পারি, যে ব্যবস্থায় প্রত্যেকের অংশগ্রহণ নিশ্চিত হয়েছে তাই গণতন্ত্র। যে শাসন ব্যবস্থায় জনসমষ্টির অন্তত তিন-চতুর্থাংশ নাগরিকের অধিকাংশের মতে শাসনকার্য পরিচালিত হয়, তাই গণতন্ত্র। এক্ষেত্রে এও উল্লেখযোগ্য যে, নাগরিকদের ভোটের শক্তি যেন তাদের শারীরিক বলের সমান হয়।" বিয়াট্রীস ওয়েব (১৮৫৮-১৯৪৩) ও সিডনী ওয়েব (১৮৫৯-১৯৪৭) আর একধাপ অগ্রসর হয়ে বলেছেন, কোন নির্দিষ্ট এলাকায় সমস্ত প্রাপ্ত বয়স্ক অধিবাসীদের সংঘ যখন রাজনৈতিক আত্মশাসনের ক্ষমতা ও অধিকার ভোগ করে তখন তাকে রাজনৈতিক গণতন্ত্র বলে। স্যার ক্রীপ্স বলেন, গণতন্ত্র বলতে আমরা সেই শাসন ব্যবস্থাকে বুঝি, যেখানে প্রত্যেক প্রাপ্ত বয়স্ক ব্যক্তি সকল বিষয়ে তাদের মতামত প্রকাশ করতে পারে এবং সবার মধ্যে নিজ নিজ মত প্রকাশ করতে পারে। সি এফ ষ্ট্রং এর মতে, শাসিতগণের সক্রিয় সম্মতির উপরে যে সরকার প্রতিষ্ঠিত তাকে গণতন্ত্র বলা যায়। তবে প্রতিনিয়ত উদ্ধৃত আব্রাহাম লিংকনের সংজ্ঞাটি সর্বাপেক্ষা গ্রহণযোগ্য। দু'মিনিট স্থায়ী ১৮৬৩ সালের ১৯শে নভেম্বর প্রদত্ত গ্যাটীসবার্গ বক্তৃতায় আব্রাহাম লিংকনের গণতন্ত্র সম্পর্কিত উক্তিটি হলো, "জনগণের সরকার, জনগণের দ্বারা পরিচালিত সরকার এবং জনগণের স্বার্থে পরিচালিত সরকার, পৃথিবী থেকে মুছে যাবে না।" (that Government of the people, by the people, for the people, shall not perish from the Earth).

এসব সংজ্ঞা ছাড়াও অনেকে আবার গণতন্ত্রকে একাধারে শাসন ব্যবস্থা ও সমাজ ব্যবস্থা হিসেবেও বর্ণনা করেছেন। গণতন্ত্র বলতে অনেকে অর্থনৈতিক সাম্যের কথাও বলেন। মূলত ব্যক্তি স্বাধীনতার ভিত্তিতে গড়ে উঠা শাসন ব্যবস্থাই রাজনৈতিক গণতন্ত্র। সমাজ ব্যবস্থা হিসেবে গণতন্ত্র বলতে বুঝায় সেইরূপ সমাজকে যেখানে তীব্র অসাম্য অনুপস্থিত থাকে।

এই সংজ্ঞাগুলি কিছুটা বিশ্লেষণের দাবী রাখে। যেমন জনগণের শাসন বলতে যা বুঝানো হয়েছে তার বাস্তব উদাহরণ এই পৃথিবীর কোন রাষ্ট্রেই বিদ্যমান নেই। পেরিক্লিস (খৃঃ পূঃ ৪৯০-৪২৯) এই জনগণের শাসনের কথা আবেগ

জড়িত কণ্ঠে বললেও প্রকৃতপক্ষে জনসংখ্যার মাত্র এক-দশমাংশ সেই সময় নাগরিক হবার অধিকার লাভ করতেন। কারণ তখনকার এথেন্সের এক লক্ষ জনসমষ্টির ৫০ হাজার অধিবাসী ছিলেন ক্রীতদাস। আর বাকী ৫০ হাজার জনগোষ্ঠীর মধ্যে মহিলা, শিশু ও কিশোরও সে সময় নাগরিক হতে পারতো না।

তাছাড়া গণতন্ত্রকে সম্মতির শাসন ব্যবস্থা বা সম্মতিভিত্তিক সরকার হিসেবে যে দাবী করা হয় তাও স্পষ্ট নয়। কারণ এই সম্মতি কাদের? কোন বিষয়ে সম্মতি? কতদিনের জন্য সম্মতি? কারা সম্মতি নিবেন? এসব বিষয় নিয়ে বিস্তর মত-পার্থক্য আছে। এসব নানা কারণে প্রাচীনকাল থেকে গণতন্ত্রের তাত্ত্বিক ভিত্তি ও কার্যকারিতা সম্বন্ধে রাষ্ট্রবিজ্ঞানীরা বিরূপ মন্তব্য করেছেন। গ্রীক দার্শনিক প্লেটো (মৃত্যু ৩৪৭ খৃঃ পূঃ) গণতন্ত্রকে মূর্খের শাসন বলে চিহ্নিত করেছেন। আর এরিষ্টটলের মতে গণতন্ত্র হলো নিম্নস্তরের শাসন ব্যবস্থা। এমিল ফাগুয়ে গণতন্ত্রকে বলেছেন অক্ষমতার প্রাতিষ্ঠানিকীকরণ হিসেবে। লেনিন গণতন্ত্রকে কঠোর সমালোচনা করে বলেছেন "পার্লামেন্ট হলো শুয়োরের খোয়াড় এবং বুর্জোয়াদের গণিকালয়"। আধুনিককালে স্টারিল্যান্ড গণতন্ত্রকে চিহ্নিত করেছেন মন্দ লোকদের সরকার রূপে।

কিছু দিন থেকে গণতন্ত্র উৎকৃষ্ট সরকার ব্যবস্থা হিসেবে সর্বজনগ্রাহ্য হয়ে উঠেছে। দ্বিতীয় বিশ্বযুদ্ধের পর থেকে কোন সরকার কতটা বৈধতার ভিত্তির উপরে প্রতিষ্ঠিত তা পরিমাপের ভিত্তি ছিল সেই দেশের সরকার কতটা গণতান্ত্রিক তার উপরে। সবাই আজকে গণতন্ত্রের সমর্থক। ডানপন্থীরা তো বটেই, বামপন্থীরাও আজকে বড় গণতন্ত্রীতে পরিণত হয়েছেন। বর্তমানে গণতন্ত্র হয়েছে চমকপ্রদ এক আবরণ, যার মধ্যে নিয়মহীনতা এমনকি নীতি বিগর্হিত কাজকর্মও যেন বৈধতা পায়।

গণতন্ত্র তত্ত্ব হিসেবে অত্যন্ত প্রাচীন। আড়াই হাজার বছর আগে পূর্ব গ্রীসের লোকদের লেখায় গণতন্ত্রের উল্লেখের পর থেকে গণতন্ত্র মানবের আশা আকাঙ্ক্ষায় বরাবরই বিদ্যমান থেকেছে। কিন্তু গণতান্ত্রিক রাষ্ট্র বাস্তবে প্রতিষ্ঠিত হয় মাত্র কিছু দিন আগে, অর্থাৎ মার্কিন যুক্তরাষ্ট্রই সর্বপ্রথম গণতান্ত্রিক রাষ্ট্র হিসেবে আত্মপ্রকাশ করেছে। তবে কোন কোন রাষ্ট্র বিজ্ঞানী বৃটেনের শাসন ব্যবস্থায় আগে গণতন্ত্র প্রতিষ্ঠিত হয়েছে বলে মনে করেন। কিন্তু দু'টি দেশের গণতন্ত্রই ছিল অসম্পূর্ণ। কারণ যুক্তরাষ্ট্রে মহিলাদের ভোটাধিকার ১৯২০ সালে এবং বৃটেনে মহিলাদের ভোটাধিকার ১৯২৮ সালে প্রতিষ্ঠিত হয়। তাছাড়া মার্কিন যুক্তরাষ্ট্রে নিগ্রোদেরকে দীর্ঘদিন ভোটাধিকার থেকে বঞ্চিত রাখা হয়েছিল। সর্বজনীন ভোটাধিকারের ভিত্তিতে নির্বাচিত জন প্রতিনিধিদের দ্বারা

পরিচালিত শাসন ব্যবস্থাকে গণতন্ত্র হিসেবে বিবেচনা করলে বলা যায় যে, গণতান্ত্রিক রাষ্ট্র এই শতকের রাষ্ট্রীয় ব্যবস্থা হিসেবে আবির্ভূত হয়েছে। কারণ ১৮৯৮ সালে নিউজিল্যান্ডে সবার আগে মহিলাদের ভোটাধিকার প্রতিষ্ঠিত হয়েছে। অস্ট্রেলিয়ায় ১৯০২ সালে, মার্কিন যুক্তরাষ্ট্রে ১৯২০ সালে, বৃটেনে ১৯২৮ সালে, ফ্রান্সে এবং বেলজিয়ামে ১৯৪৭ সালে, সুইজারল্যান্ডে ১৯৭১ সালে নারীদের ভোটাধিকার দেয়ার মাধ্যমে সর্বজনীন ভোটাধিকার প্রতিষ্ঠিত হয়েছে। অর্থাৎ এদিক দিয়ে বিবেচনা করলে দেখা যায় যে, আড়াই হাজার বছরেরও পুরাতন তাত্ত্বিক প্রতিকল্পটি রাষ্ট্রীয় ব্যবস্থা হিসেবে প্রতিষ্ঠিত বা স্বীকৃত হয়েছে বিংশ শতাব্দীতে।

## ৩.০ গণতন্ত্রের প্রাতিষ্ঠানিক বিকাশ

উপরের আলোচনা থেকে দেখা যাচ্ছে যে, গণতন্ত্র তত্ত্ব হিসেবে বিকশিত বহুযুগ আগেই। কিন্তু গণতন্ত্র যে তাত্ত্বিক প্রতিকল্পের উপরে দাড়িয়ে আছে তা সমাজে বাস্তবে রূপায়ন করা খুব একটা সম্ভব হয়নি। এক কথায় বলতে গেলে গণতন্ত্রকে জনগণের শাসন হিসেবে সংজ্ঞায়িত করা সহজ হলেও জনগণের শাসন প্রতিষ্ঠার জন্য সমাজ ব্যবস্থায় যে সব শর্তের প্রয়োজন তা চিহ্নিত করা তেমন সহজ নয়। অর্থাৎ তত্ত্ব ও বাস্তবতার যে অসঙ্গতি প্রায় প্রতিটি তাত্ত্বিক প্রতিকল্প বাস্তবায়ন করার ক্ষেত্রে দেখা যায় তা এই তত্ত্ব বাস্তবায়নের ক্ষেত্রেও প্রতিফলিত হয়েছে। গণতন্ত্রের প্রাতিষ্ঠানিক বিকাশ সম্বন্ধে আলোচনার আগে আরও একটা বিষয় মনে রাখা দরকার। গণতন্ত্র একটি প্রতিষ্ঠান হিসেবে এখনও সুস্পষ্টরূপে বা সুনির্দিষ্টরূপে বিকশিত হতে পারেনি। প্রায়ই কোন না কোন গণতান্ত্রিক রাষ্ট্রের প্রেক্ষাপটে গণতন্ত্রকে ব্যাখ্যার প্রচেষ্টা চালানো হয়। গণতন্ত্র সম্বন্ধে স্পষ্টতা বা স্বচ্ছতার জন্য প্রায়ই তাকাতে হয় মার্কিন যুক্তরাষ্ট্র বা বৃটেনের শাসন ব্যবস্থার দিকে। কিন্তু এই দু'টি দেশের শাসন ব্যবস্থা একরকম নয়। আশ্চর্য হলেও সত্য যে, বৃটিশ উপনিবেশ অধীন প্রতিবেশী ৪টি দেশ অর্থাৎ বাংলাদেশ, ভারত, শ্রীলংকা ও পাকিস্তানের স্বাধীনতার সময় বৃটেনের অনুকরণে সংসদীয় গণতান্ত্রিক পদ্ধতিকে মডেল হিসেবে গ্রহণ করলেও এ চারটি দেশে একই রকম পদ্ধতি বা রীতিতে শাসন পদ্ধতির বিকাশ ঘটেনি। আবার বৃটেনে বিকশিত গণতন্ত্র ইউরোপের অন্যান্য দেশে একইভাবে প্রতিষ্ঠার উদ্যোগ নেয়া হলেও তা সেভাবে বিকশিত হতে পারেনি। একইভাবে মার্কিন সরকার পদ্ধতি যেভাবে বিকাশ লাভ করেছে সেভাবে কিন্তু অন্য কোন দেশে গণতন্ত্র বিকশিত হয়নি। অর্থাৎ গণতন্ত্র হলো বহুকেন্দ্রিক ব্যবস্থা, গণতন্ত্র কোন একক আদর্শ হিসেবে প্রতিষ্ঠিত ব্যবস্থা নয়।

তাহলে গণতন্ত্রের প্রাতিষ্ঠানিক বিকাশ সম্বন্ধীয় আলোচনা কিভাবে করা হবে? আমরা এখানেই কি ইতি টানবো? এ প্রশ্নের সহজ উত্তর হলো, না। কারণ যেখানে বাধা থাকে সেখানেই গতির সৃষ্টি হয়। প্রখ্যাত রাষ্ট্রবিজ্ঞানী রবার্ট ডাল গণতান্ত্রিক ব্যবস্থার বিভিন্ন দিক বিশ্লেষণ করে গণতান্ত্রিক ব্যবস্থার পূর্বশর্ত হিসেবে সাতটি প্রাতিষ্ঠানিক রূপের বর্ণনা করেছেন। যে কোন শাসন ব্যবস্থায় সব শর্তের উপস্থিতি ঘটলে সে ব্যবস্থাকে গণতন্ত্র বলে চিহ্নিত করা যায়। এ শর্তগুলো হলো ঃ

১। সরকারী নীতি প্রণয়ন ও সিদ্ধান্ত প্রণয়নের অধিকার সাংবিধানিকভাবে নির্বাচিত ব্যক্তিবর্গের উপরে ন্যস্ত থাকা।

২। কর্মকর্তা নির্বাচন ও অপসারণের লক্ষ্যে নিয়মিতভাবে সুষ্ঠু ও অবাধ নির্বাচন অনুষ্ঠান।

৩। নির্বাচনে প্রত্যেক ব্যক্তির ভোটাধিকারের নিশ্চয়তা বিধান।

৪। শাসনকার্য পরিচালনার জন্য অধিকাংশ বয়স্ক ব্যক্তির নির্বাচনে প্রার্থী হওয়ার সুযোগ।

৫। বাক্ স্বাধীনতার নিশ্চয়তা, সরকার এবং সরকারী কর্মকর্তাদের কার্যধারা পর্যালোচনা ও সমালোচনা তথা আর্থ-সামাজিক ও রাজনৈতিক ব্যবস্থার সমালোচনায় নাগরিকদের স্বীকৃত অধিকার।

৬। রাষ্ট্র এবং সমাজ সংক্রান্ত তথ্য এবং উৎস এমনভাবে পরিচালিত যে তার উপর সরকার বা বিশেষ সুবিধাভোগী কোন গ্রুপের একচেটিয়া কর্তৃত্ব প্রতিষ্ঠিত হবে না।

৭। সংঘ, সংগঠন এবং প্রতিষ্ঠান রচনায় নাগরিকদের অধিকারের স্বীকৃতি, যার মাধ্যমে তারা বিকল্প সরকার গঠনে অথবা বর্তমান সরকারকে নিয়ন্ত্রণে সক্ষম হয়।

উক্ত শর্তগুলি কোন সমাজে কার্যকর থাকলে বুঝা যাবে যে, ঐ সমাজ গণতন্ত্রের প্রাতিষ্ঠানিক বিকাশের ক্ষেত্র তৈরী করেছে অর্থাৎ গণতান্ত্রিক ব্যবস্থা কার্যকরকরণের মানসিকতা অর্জন করে গণতান্ত্রিক সংস্কৃতিতে সমৃদ্ধ হয়েছে। মার্কিন যুক্তরাষ্ট্র ভিত্তিক ফ্রিডম হাউজ তার ১৯৯০ সালের বার্ষিক প্রতিবেদনে উল্লেখ করেছে যে, সমকালীন বিশ্বের ১৬৭টি রাষ্ট্রের মধ্যে ৬১টি রাষ্ট্রই গণতান্ত্রিক পন্থা বেছে নিয়েছে। আর এসব রাষ্ট্রে বাস করছে বিশ্বের প্রায় ৩৯ শতাংশ মানুষ। এ হিসেবটি অবশ্য পুরাতন। সোভিয়েত ইউনিয়নের প্রজাতন্ত্রগুলি গণতন্ত্রের পথে পা বাড়িয়েছে। বাল্টিক রাষ্ট্রগুলির সঙ্গে সঙ্গে দক্ষিণ আমেরিকার স্বৈরাচারী রাষ্ট্রগুলিও গণতন্ত্রের দিকে পা বাড়িয়েছে। আফ্রিকার গহীন অরণ্যানী অঞ্চল

হিসেবে খ্যাত সেনেগাল, গ্যাবন, কঙ্গো, এঙ্গোলা, দক্ষিণ আফ্রিকা প্রভৃতি দেশে স্বৈরাচারী ব্যবস্থার পরিবর্তে গণতান্ত্রিক প্রক্রিয়া শুরু হয়েছে। বাংলাদেশ, পাকিস্তান ও নেপালে গণতান্ত্রিক সরকার ব্যবস্থা চালু হয়েছে। এশিয়ার তাইওয়ান থেকে মঙ্গোলিয়া পর্যন্ত এবং পূর্ব এশিয়ার দেশগুলিতে গণতন্ত্রের তীব্র ঢেউ অনুভূত হচ্ছে।

তবে একটি রাষ্ট্রের সরকার ব্যবস্থার সঙ্গে অন্য রাষ্ট্রের সরকার ব্যবস্থার বেশ কিছু স্বাতন্ত্র রয়েছে। কোথাও নির্বাহী কর্তৃত্ব প্রয়োগ করে প্রধানমন্ত্রীর নেতৃত্বে গঠিত মন্ত্রি-পরিষদ, কোথাও রাষ্ট্রপতির নেতৃত্বে উপদেষ্টা পরিষদ, কোন কোন রাষ্ট্রের রাষ্ট্র প্রধান জনগণের প্রত্যক্ষ ভোটে নির্বাচিত হন, কোথাও রাষ্ট্র প্রধান সংসদ সদস্য কর্তৃক পরোক্ষভাবে নির্বাচিত হন, কোন কোন জায়গায় তিনি উত্তরাধিকার সূত্রে ক্ষমতা প্রাপ্ত হন। অর্থাৎ গণতান্ত্রিক ব্যবস্থা সংসদীয়, রাষ্ট্রপতি শাসিত, যুক্তরাষ্ট্রীয়, এককেন্দ্রিক যে কোন ধরনেরই হোক না কেন নীতি হিসেবে গণতন্ত্রকে যে ব্যবস্থা উর্ধ্বে তুলে ধরে সেটাই গণতান্ত্রিক রাষ্ট্র।

উপরের আলোচনা এবং বিশ্বের যে সব দেশে গণতন্ত্রের প্রাতিষ্ঠানিক বিকাশ ঘটেছে সে সব দেশের গতি প্রকৃতি বিশ্লেষণে দেখা যাচ্ছে যে, কোন সমাজের সামাজিক সংগঠন এবং রাজনৈতিক প্রতিষ্ঠানগুলির গণতন্ত্রায়ন হলে, কাঠামো উন্নয়নমুখী বা জনকল্যাণমুখী হলে, সর্বোপরি নীতি নির্ধারণী পর্যায়ে ব্যক্তির পরিবর্তে প্রতিষ্ঠান প্রাধান্যশীল হলে সমাজে গণতন্ত্রের প্রাতিষ্ঠানিক বিকাশ ঘটেছে বলে ধরে নেয়া যায়। সমাজের প্রতিটা স্তরে বা রাষ্ট্রের প্রতিটি কাঠামোয় কোন কর্তাব্যক্তির কর্তৃত্বের পরিবর্তে প্রতিষ্ঠানের তথা জনপ্রতিনিধিদের নিয়ন্ত্রণ প্রতিষ্ঠার ব্যবস্থা করা হলে গণতন্ত্রের প্রাতিষ্ঠানিক বিকাশ ঘটেছে বলা যায়।

অন্য কথায় বলা যায় যে, যে দেশে গণতান্ত্রিক সংস্কৃতি যতখানি বিকশিত হবে সেই দেশে গণতান্ত্রিকতাও ততটা বেড়ে যাবে। গণতন্ত্র শুধু একটি শাসন পদ্ধতিই নয়। গণতন্ত্র মূলত সামাজিক রীতিনীতি তথা এক সমষ্টিগত সংস্কৃতিও বটে। রাষ্ট্রীয় পর্যায়ে শুধু কাঠামোগতভাবে পরিবর্তন ঘটলেই গণতন্ত্র বিকশিত হয়না। গণতন্ত্রের পরিপূর্ণ বিকাশের জন্য সবচেয়ে বেশী প্রয়োজন সামাজিক ব্যবস্থার সঠিক বিন্যাস। সংস্কৃতি চেতনায় মানুষ প্রাণবন্ত না হলে গণতন্ত্র লাভ করে না তার কাঙ্ক্ষিত মাত্রা। আর সাংস্কৃতিক চেতনার যথার্থ বিকাশের জন্য যা প্রয়োজন তা হলো দৈহিক বলের পরিবর্তে সমাজে যুক্তির প্রাধান্য, প্রতিটি মানুষের মধ্যে পারস্পরিক শ্রদ্ধাবোধ জাগ্রত রাখা এবং সন্দেহপ্রবণতা ও অবিশ্বাসের ভাব দূরীভূত করা। অর্থাৎ উন্নত সংস্কৃতি বিশিষ্ট দেশগুলিতে সাম্য, মৈত্রী, ভ্রাতৃত্ব, স্বাধীনতা প্রভৃতির বিকাশ ঘটেছে যথার্থভাবে।

গণতন্ত্রের প্রাতিষ্ঠানিক বিকাশের জন্য সর্বাগ্রে যেটা প্রয়োজন তা'হলো স্থানীয় সরকার পর্যায়ের প্রতিষ্ঠানগুলির সবক'টি স্তরে জনপ্রতিনিধিদের কর্তৃত্ব প্রতিষ্ঠা করা। অর্থাৎ গ্রাম, ইউনিয়ন এবং থানা পর্যায়ে স্থানীয় সরকার প্রতিষ্ঠানগুলির সর্বস্তরে জনপ্রতিনিধিদের কর্তৃত্ব প্রতিষ্ঠিত করার সাথে সাথে রাজনৈতিক দলগুলি নিজেদের কর্ম-পরিধি বিস্তৃত করলে গণতন্ত্রের প্রাতিষ্ঠানিক বিকাশ ঘটবে। গণতন্ত্রের বিকাশ উপর থেকে চাপিয়ে দেয়া প্রক্রিয়ায় হতে পারে, তবে তা স্থায়ী বা শক্তিশালী হয়না। বরং গণতন্ত্র যদি নিম্ন স্তরের কাঠামোগুলি থেকে বিকশিত হয়ে তা পর্যায়ক্রমে উপরে ওঠে তবে সেই গণতান্ত্রিক ব্যবস্থা বেশী মাত্রায় প্রাতিষ্ঠানিকতা লাভ করবে।

গণতন্ত্রের প্রাতিষ্ঠানিকীকরণের ক্ষেত্রে যে বিষয়টি সবচেয়ে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে তা'হলো জাতীয় ইস্যুগুলিতে বিশ্বাসযোগ্য বা গ্রহণযোগ্য ঐকমত্য। গণতান্ত্রিক ব্যবস্থায় মতভেদকে স্বীকার করে নেয়া হয়। এই মতভেদ বা ভিন্নমত দল থেকে দলে এমনকি একটি দলের মধ্যে বিদ্যমান থাকতে পারে কিন্তু জাতীয় স্বার্থ সংশ্লিষ্ট বিভিন্ন বিষয়ে বা জাতির সাধারণ স্বার্থ সংশ্লিষ্ট বিষয়াবলীতে বা প্রশ্নে সাধারণ ঐকমত্য থাকতে হবে। আর এই ঐকমত্য প্রতিষ্ঠিত হলে সমাজে গণতান্ত্রিকতা শুধু বিকশিতই হবে না বরং তা সমাজে গণতন্ত্রের প্রাতিষ্ঠানিক বিকাশ ঘটাবে।

## ৪.০ বাংলাদেশের প্রেক্ষাপট

বাংলাদেশে গণতন্ত্রের প্রাতিষ্ঠানিক বিকাশ কতটুকু হয়েছে বা এদেশে গণতান্ত্রিকতার মান কিরূপ এ পর্যায়ে এ বিষয়ে আলোচনা করার প্রয়াস নেয়া যাক। একথা বলার অপেক্ষা রাখে না যে, বাংলাদেশের স্বাধীনতা অর্জনের পর ২৭টি বছর পার হয়ে গেছে। কিন্তু এই ২৭ বছরের মধ্যে এদেশে গণতান্ত্রিক অভিজ্ঞতা অপ্রতুল। এদেশ বেশীর ভাগ সময় সামরিক শাসক অথবা অগণতান্ত্রিক সরকার দ্বারা পরিচালিত হয়েছে। ফলে এদেশে গণতান্ত্রিক প্রতিষ্ঠানসমূহের কাঙ্ক্ষিত মাত্রায় বিকাশ ঘটেছে এটা আশা করা ঠিক হবে না। উপরন্তু, এদেশ উত্তরাধিকার সূত্রেও স্বৈরতান্ত্রিক সরকার পদ্ধতির অভিজ্ঞতা লাভ করে। ভারত বিভাগের সময় পাকিস্তান গণতান্ত্রিক সরকার ব্যবস্থা লাভ করলেও পাকিস্তানী আমলের প্রায় পুরোটাই স্বৈরাচারী পদ্ধতিতে শাসনকার্য পরিচালিত হয়েছে বলে রাষ্ট্রবিজ্ঞানীগণ মনে করেন।

বাংলাদেশের সংস্কৃতিতে গণতান্ত্রিকতার মান অত্যন্ত নিম্ন স্তরের, অর্থাৎ এদেশে এখনও গণতান্ত্রিক সংস্কৃতির বিকাশ ঘটেনি বলেই প্রতিভাত হবে। তবে এদেশে গণতান্ত্রিক প্রতিষ্ঠানাদির বিকাশ প্রক্রিয়া শুরু হয়েছে। জাতীয় আশা-আকাঙ্ক্ষা প্রতিফলনকারী প্রতিষ্ঠান হিসেবে জাতীয় সংসদ পর্যায়ক্রমে শক্তিশালী প্রতিষ্ঠানে পরিণত হচ্ছে। ৩৩০ জন জাতীয় সংসদ সদস্য জাতীর প্রতিনিধি হিসেবে পর্যায়ক্রমে দৃঢ় ভিত্তির উপরে দাঁড়াতে শুরু করেছেন। জাতীয় সংসদের ৪৬টি সংসদীয় কমিটি আস্তে আস্তে কার্যকর হয়ে উঠছে। এই কমিটিগুলিতে দল-মত-আদর্শ নির্বিশেষে প্রত্যেক জনপ্রতিনিধি তাঁদের মতামত প্রতিফলিত করতে শুরু করেছেন। দায়িত্বশীল সরকারের দায়িত্ব শুধু নির্বাচিত জাতীয় সংসদের নিকটেই সীমাবদ্ধ নয়, জাতীয় সংসদের নিকট দায়িত্বশীলতার মাধ্যমে জনগণের প্রতি দায়িত্বশীলতাও এতে প্রতিফলিত হয়। আর যারা স্থায়ী সরকারী কর্মচারী, পর্যায়ক্রমে তারাও গণমুখী সংসদের মাধ্যমে জনগণের নিকট দায়িত্বশীল হয়ে উঠছেন। জাতীয় সংসদের কার্যক্রম ধীরগতিতে হলেও পর্যায়ক্রমে তা গণমুখী হয়ে উঠছে। সংসদীয় কমিটিগুলি যতই কার্যকর হয়ে উঠবে, দায়িত্বশীলতার পরিমাত্রা যতই প্রকট হবে, গণতন্ত্রের প্রাতিষ্ঠানিক বিকাশ যেন ততই প্রখর হতে থাকবে। বিভিন্ন মন্ত্রণালয় কর্তৃক গৃহীত কর্মসূচীর জন্য যেসব কমিটি গঠিত হচ্ছে তা একদিকে যেমন কর্মসূচীর সঠিক বাস্তবায়নে সহায়ক ভূমিকা পালন করবে, বাস্তবায়ন পর্যায়ে দুর্নীতি ও অনিয়মের শিকড়কে শিথিল করবে, অন্যদিকে তা বাস্তবায়নকারীদের উপর জনপ্রতিনিধিদের নিয়ন্ত্রণ প্রতিষ্ঠিত করবে।

অর্থাৎ এদেশে সরকার পদ্ধতি সম্বন্ধে যে দ্বিধা-দ্বন্দ্ব বিদ্যমান ছিল তা তিরোহিত হয়েছে। সরকার পদ্ধতি হিসেবে সংসদীয় গণতান্ত্রিক ব্যবস্থা প্রবর্তনের পক্ষে সমগ্র জাতি আজ একমত হয়েছে। সংসদীয় গণতন্ত্রের আবশ্যিক পূর্বশর্ত হলো রাজনৈতিক দলসমূহের সুষ্ঠু ও সুদৃঢ়ভিত্তিক বিকাশ। রাজনৈতিক দলসমূহের অভ্যন্তরে গণতন্ত্রের ব্যাপকভাবে চর্চা করতে পারলে দলীয় কর্মীদের মধ্যে গণতান্ত্রিক মানসিকতার ব্যাপক প্রসার ঘটবে। আর গণতান্ত্রিক মানসিকতা সম্পন্ন কর্মীরাই যখন সংসদের সদস্য হয়ে আসবেন তখন তারা গণতন্ত্রের প্রাতিষ্ঠানিক রূপ প্রদানে সক্রিয় ভূমিকা পালন করবেন। অর্থাৎ গণতন্ত্র তখন ব্যক্তি, দল, সমাজ তথা রাষ্ট্রে প্রতিষ্ঠিত হবে। পাশ্চাত্যের গণতান্ত্রিক সমাজের মতো আমাদের সমাজেও সংসদীয় সংস্কৃতির বিকাশ ঘটে গণতন্ত্র প্রাতিষ্ঠানিক রূপ লাভ করবে।

আমাদের দেশে পরমতসহিষ্ণুতা, পারস্পরিক শ্রদ্ধাবোধ, আইনের প্রতি শ্রদ্ধাবোধ তথা সংসদীয় সংস্কৃতির বিকাশ ঘটেনি বললেই চলে। অর্থাৎ আমাদের সমাজে গণতান্ত্রিক সংস্কৃতির বিকাশ এখনও হয়নি। আমাদের সমাজে গণতান্ত্রিক সংস্কৃতি এখনও অপরিণত। আমরা সমালোচনা করার সময় ব্যক্তিগত আক্রমণ না করে কথা বলিনা। আমরা আত্মসম্মানবোধে সচকিত নই বলে অপরকে সম্মান দিতে শিখিনি। ব্যক্তিগত পর্যায়ে এসবের উর্ধ্বে উঠতে পারলেই গণতন্ত্রের সম্ভাবনার দ্বার উন্মোচিত হবে। গণতন্ত্র যেহেতু জনগণের শাসন, সেহেতু এখানে প্রতিটি ব্যক্তির মর্যাদা যাতে অক্ষুণ্ণ থাকে, ব্যক্তি স্বাতন্ত্র্য যাতে ভাস্বর হতে পারে, তার ব্যবস্থা গণতান্ত্রিক সমাজে প্রতিষ্ঠা করতে হবে।

আর এজন্য প্রয়োজন হলো সমাজে আইনের শাসন প্রতিষ্ঠা করা। আইনের শাসন প্রতিষ্ঠার জন্য শক্তিশালী প্রশাসন ব্যবস্থার দরকার। প্রশাসন কোন ব্যক্তির নির্দেশে নয় বরং দেশের প্রচলিত আইন অনুযায়ী যাতে সব ব্যক্তির জন্য সমানভাবে আইনের কার্যকারিতা প্রতিষ্ঠার জন্য ব্রতী হতে পারে, তার নিশ্চয়তা বিধান করার জন্য প্রশাসন কাজ করতে পারলেই গণতান্ত্রিক ব্যবস্থা দৃঢ় ভিত্তিকভাবে প্রতিষ্ঠিত হতে পারবে। অর্থাৎ সমাজে আইন ভঙ্গের প্রবণতা রোধ করার জন্য সবচেয়ে বেশী প্রয়োজন সর্বক্ষেত্রে সমানভাবে আইনের কঠোর প্রয়োগ। আর এটা তখনই সম্ভব হবে, যখন প্রশাসন থাকবে শক্তিশালী, নৈর্ব্যক্তিক এবং নির্মোহ। প্রশাসনকে শক্তিশালী করার জন্য প্রশাসনকে আইনের আওতায় এনে প্রশাসনিক কাঠামোয় স্বায়ত্বশাসন প্রতিষ্ঠা দরকার। অর্থাৎ গণতান্ত্রিক সমাজ নির্মাণের লক্ষ্যে সামাজিক সাম্য প্রতিষ্ঠার জন্য প্রশাসনের বিভিন্ন বিভাগ যখন স্বয়ংক্রিয় ও স্বাধীনভাবে কাজ করবে তখনই গণতান্ত্রিক প্রাতিষ্ঠানিকতা বিকশিত হবে।

## ৫.০ উপসংহার

অবশেষে বলা যায় যে, গণতন্ত্র একদিকে যেমন দেয়ার জিনিস নয়, অন্যদিকে তা পাবারও জিনিষ নয়। গণতন্ত্র হলো চর্চার মাধ্যমে অর্জনের এক চলমান প্রক্রিয়া। গণতন্ত্রকে একটি সমাজে দৃঢ়ভাবে প্রতিষ্ঠিত করতে হলে যা দরকার, তা হলো ব্যক্তি জীবনে, পারিবারিক জীবনে, তথা সমাজ জীবনে গণতন্ত্রের চর্চা করা। গণতন্ত্রকে প্রাতিষ্ঠানিক রূপ দেয়ার জন্য অপরিহার্যভাবে রাজনৈতিক অঙ্গনে, বিশেষ করে প্রতিটি রাজনৈতিক দলের মধ্যে গণতন্ত্রের ব্যাপকভাবে চর্চা শুরু করতে হবে। গণতন্ত্রের চর্চা যখন সর্বস্তরে শুরু হবে তখন আপনা-আপনিই সমাজে গণতন্ত্রের শিকড় সুদৃঢ়ভাবে গ্রথিত হতে থাকবে, যার ভিত্তিতে সমাজে গণতন্ত্রের বৃহৎ বৃক্ষটি অবিচল দাঁড়িয়ে থাকবে।

## সহায়ক গ্রন্থপঞ্জি


১। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, ১৯৯৪, *গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধান,* ঢাকা, ৩০শে জুন

২। এরিষ্টটল *দি পলিটিক্স* (মূল) অনুবাদক সরদার ফজলুল করিম, বাংলা একাডেমী, ঢাকা।

৩। Griffiti. Earnest S 1956-*The American System of Government*, Methuen & Co. Ltd. London.

৪। ম্যাকআইভার, আর, এম, ১৯৮৩, *আধুনিক রাষ্ট্র*, এমাজউদ্দীন আহম্মদ (অনূদিত) বাংলা একাডেমী, ঢাকা।

৫। ঘোষ, শ্রী নির্মল কান্তি, ১৯৭৪, *আধুনিক রাষ্ট্র বিজ্ঞানের ভূমিকা,* রবীন্দ্র লাইব্রেরী, কলকাতা-১২।

৬। হক, আবুল ফজলঃ ১৯৭৪, *বাংলাদেশ শাসনব্যবস্থা ও রাজনীতি*, বাংলা একাডেমী, ঢাকা।

৭। Laski. H. J.-A Grammar of The Politics. London.

৮। Frank Stacey. 1978. *Ombudsman Compared,* Oxford Clarendon Press. Oxford 1978.

৯। Gellhoru. Walter. 1966. *Ombudsman & Others*, Massachusetts. Harvard University Press.

১০। হোসেন, সৈয়দ আনোয়ারা, ১৯৯২, *বাংলাদেশ গণতন্ত্র ; অতীত ও বর্তমান*, বিচিত্রা, ঈদ সংখ্যা, ঢাকা পৃ-৩৫-৩৬।

১১। আহম্মদ, অধ্যাপক এমাজউদ্দীন (সম্পাদিত) ১৯৯২, *বাংলাদেশে সংসদীয় গণতন্ত্র; প্রাসঙ্গিক চিন্তা ভাবনা*, করিম বুক করপোরেশন ঢাকা।

১২। *ভোরের কাগজ ;* ২৮শে জানুয়ারী ১৯৯৩, ঢাকা।

১৩। *Holiday*, February 15. 21. 1991.

১৪। Dahl. Robert : 1989. *Democracy and Its Critics,* New Haven (Yael University Press). New Delhi (Orient Long man. 1991 reprint)P-88.

১৫। Hemlington Samuel P:1991 *Democracy's Third Wave;* JOURNAL OF DEMOCRACY. Spring.

# বাংলাদেশের অর্থনীতি ঃ সাম্প্রতিক প্রবণতা

এস, এম, জোবায়ের এনামুল করিম *

## ১.০ ভূমিকা

যে কোন দেশের সার্বিক পরিস্থিতি সম্পর্কে ধারণা লাভ করতে ঐ দেশের বিভিন্ন প্রবণতার সম্যক চিত্র উল্লেখযোগ্য সহায়তা করে থাকে। সার্বিক অবস্থা/ পরিস্থিতি সম্পর্কে জানার জন্য একটি দেশ বা জাতির বিভিন্ন বিষয়ের (যেমন ; রাজনীতি, অর্থনীতি, সমাজ ও সংস্কৃতি ইত্যাদি) প্রবণতা বের করার প্রয়োজন হতে পারে। যে কোন বিষয়ের প্রবণতা বের করতে হলে সে বিষয় সম্পর্কে বিভিন্ন তথ্য বা উপাত্ত (data) প্রয়োজন এবং এ উপাত্তকে অবশ্যই সময় অনুক্রম (time series) উপাত্ত হতে হবে। আলোচ্য নিবন্ধটিকে শুধু বাংলাদেশের 'অর্থনৈতিক প্রবণতা'র মধ্যে সীমাবদ্ধ রাখা হয়েছে।

সাধারণত অর্থনৈতিক প্রবণতা বলতে একটি নির্দিষ্ট সময়ের (কয়েক বছরের)/ ব্যাপ্ত পরিসরে মোট জাতীয় উৎপাদনের প্রবৃদ্ধির উর্ধ্ব, নিম্ন বা আনুভূমিক গড় প্রবণতা বুঝায়। কৃষি, শিল্প, বাণিজ্যের মত প্রধান প্রধান অর্থনৈতিক খাতের প্রবৃদ্ধি এবং বিনিয়োগ, ভোগ ও সঞ্চয়ের মত সামষ্টিক চলকের প্রবণতা দ্বারা মোট জাতীয় প্রবৃদ্ধির হার বিপুলভাবে প্রভাবিত হয়। প্রকৃত বা ব্যাপক অর্থে অর্থনৈতিক প্রবণতা বলতে অর্থনীতির সামষ্টিক চলকসমূহের (macro variables) কয়েক বছরের/দীর্ঘকালীন গড় প্রবণতাকে বুঝায়।

অর্থনীতির গতিপ্রকৃতি নির্ধারণে চলক বাছাইয়ের প্রশ্নটি অত্যন্ত গুরুত্বপূর্ণ। উল্লেখ্য, নির্বাচিত চলকগুলো কেবল সামষ্টিক চলকের মধ্যে সীমিত করতে

---

* গবেষণা কর্মকর্তা, বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র, সাভার, ঢাকা।

হবে। দ্বিতীয় পর্যায়ে সামষ্টিক চলকের মধ্যে কেবল জাতীয় আয় নিকাশে সহায়ক চলক সমূহের কয়েক বছরের হিসাব/সময় অনুক্রম (time series) বিবেচনায় আনা দরকার। যেমন; মোট জাতীয় উৎপাদনের প্রবৃদ্ধির হার, ভোগ. বিনিয়োগ, সঞ্চয়, আমদানী ও রপ্তানী, রেমিট্যান্স, বৈদেশিক মুদ্রার মজুদ, বৈদেশিক মুদ্রার বিনিময় হার প্রভৃতি অর্থনীতির প্রবণতা নির্ধারণে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে থাকে। তবে বাংলাদেশের ক্ষেত্রে বৈদেশিক নির্ভরতা নির্দেশক কিছু চলক বিবেচনার দাবী রাখে; যেমন; বৈদেশিক সাহায্য, মাথাপিছু ঋণ, সুদ, রপ্তানী অনুপাত ইত্যাদি। বাংলাদেশ বিশ্বের দরিদ্রতম দেশগুলির অন্যতম বিধায় তার অর্থনীতির প্রবণতা নির্ধারণে দারিদ্রসীমার নিচের জনসংখ্যার হার অতীব গুরুত্বপূর্ণ। বর্তমানে এ ধরনের দেশসমূহের দারিদ্রসীমার নিচের জনগোষ্ঠীর হার নিম্নতম হওয়াকে উন্নয়নের অন্যতম নির্দেশক হিসেবে দেখা হচ্ছে। অতএব, বাংলাদেশের অর্থনীতির প্রবণতা বিশ্লেষণে এই নির্ণায়কটিকেও বিবেচনায় রাখা হয়েছে।

আলোচ্য নিবন্ধে সামষ্টিক অর্থনৈতিক পরিস্থিতি (macro economic situation) সম্পর্কে আলোচনা করা হয়েছে এবং বাংলাদেশের দারিদ্রাবস্থার একটি সংক্ষিপ্ত চিত্র তুলে ধরার প্রয়াস নেয়া হয়েছে এবং এ পর্যায়ে অধিকাংশ ক্ষেত্রে নব্বই দশকের বছরগুলোর তথ্য সন্নিবেশিত হয়েছে।

**২.০ দেশজ উৎপাদন, প্রবৃদ্ধি ও গঠন**

বিগত কয়েক বছরের দেশজ উৎপাদনের (১৯৮৪/৮৫ সালের মূল্যমানে) প্রবৃদ্ধির হার ৪ হতে ৪.৫ এর মধ্যে ছিল। ১৯৯০/৯১ সালে এ হার ছিল ৩.৪%, ১৯৯১/৯২ সালে ৪.২%, ১৯৯২/৯৩ ৪.৫, ১৯৯৩/৯৪ সালে ৪.২% এবং ১৯৯৪/৯৫ ও ১৯৯৫/৯৬সালে এ হার ছিল যথাক্রমে ৪.৪% ও ৫.৩%। ১৯৯৬/৯৭ সালে প্রবৃদ্ধির হার ছিল ৫.৯%। ১৯৯০-৯১হতে ১৯৯৫/৯৬ সালের গড় প্রবৃদ্ধি ৪.৩৩%। (মে. ১৯৯৮ এ প্রাক্কলিত) সাময়িক হিসাবে ১৯৯৭/৯৮ সালের প্রবৃদ্ধির হার ৫.৬%। ১৯৭৩/৭৪

হতে ১৯৯৭/৯৮ সাল পর্যন্ত মোট দেশজ উৎপাদন, প্রবৃদ্ধি এবং খাতওয়ারী অবদান সারণি-১ এ সন্নিবেশিত হলো।

সামগ্রিকভাবে দেশজ উৎপাদনে কৃষি খাতের অবদান সর্বাধিক। ১৯৯৭/৯৮ সালে মোট দেশজ উৎপাদনে কৃষি খাতের অবদান ৩১.৭% (ফসলের অবদান ২২.৯%)। এর পরের স্থান যথাক্রমে শিল্প (১৯.৪%) পরিবহন এবং যোগাযোগ (১২.৩%)। শিল্পের মধ্যে ম্যানুফ্যাকচারিং উপখাতের অবদান ১১.৩% (বৃহদায়তন শিল্প ৭.৫% ও ক্ষুদ্রায়তন শিল্প ৩.৮%)। মোট দেশজ উৎপাদনে কৃষি খাতের অবদান ১৯৯০/৯১ সালের ৩৮% হতে ১৯৯৭/৯৮ সালে ৩১.৭% এ কমে আসে (সারণি-২ দ্রষ্টব্য)। এ ক্ষেত্রে বিশ্লেষণে দেখা যায় যে, উপর্যুক্ত সময়ে শিল্প ও সেবা খাতের অবদান তুলনামূলকভাবে বৃদ্ধি পেয়েছে।

খাতওয়ারী প্রবৃদ্ধি লক্ষ্য করলে দেখা যায় যে (সারণি-৩.১), কৃষি খাতে প্রবৃদ্ধি ১৯৯৪/৯৫ সালের ঋণাত্মক প্রবৃদ্ধি(-) ১.০% হতে ১৯৯৫/৯৬ সালে ৩.৭% এ বৃদ্ধি পায় এবং ১৯৯৬/৯৭ সালে তা বৃদ্ধি পায় ৬.৪% এ। ১৯৯৭-৯৮ সালে কৃষি খাতে প্রবৃদ্ধি (সাময়িক) ৩.১% এ দাঁড়িয়েছে। ফসলের প্রবৃদ্ধি ১৯৯৪/৯৫ সালের ঋণাত্মক অবস্থা (-) ৩.৮% হতে বৃদ্ধি পেয়ে ১৯৯৫/৯৬ সালে দাঁড়ায় ২.৮% এ এবং ১৯৯৬/৯৭ সালে তা প্রায় ৬.২% এ দাঁড়ায় এবং ১৯৯৭-৯৮ সালে এ হার ১.৬% (সাময়িক) এ পৌঁছে। ১৯৯৭/৯৮ সালের খাদ্য শস্যের (ধান ও গম) প্রাক্কলিত উৎপাদন আনুমানিক ২০৫.০% লক্ষ মেট্রিক টন, ১৯৯৬/৯৭ সালে এই উৎপাদন ছিল ২০৩.৩৭ লক্ষ মেট্রিক টন যা পূর্ববর্তী বছরের (১৯৯৫/৯৬) তুলনায় ৬.৭% বেশী ছিল (খাদ্য উৎপাদন সারণি-৩.২ এ দ্রষ্টব্য)। বনজ সম্পদ খাতে প্রবৃদ্ধি ৪.৩%, পশুসম্পদ খাতে প্রবৃদ্ধি ৮%, মৎস্য খাতে প্রবৃদ্ধি ৮.৬%। ১৯৯৫/৯৬ সালে মৎস্য খাতের প্রবৃদ্ধি ছিল ৫.৯%। তবে শিল্প খাতের প্রবৃদ্ধি হ্রাস দেখা যায়, ১৯৯৫/৯৬ সালের ৫.৩% এর তুলনায় ১৯৯৬/৯৭সালে ৩.৫%, যা ১৯৯৭-৯৮ সালে বৃদ্ধি পেয়ে দাঁড়ায় ৮.১% (সারণি-৩.১)।

## সারণি-১ ঃ মোট দেশজ উৎপাদনের প্রবৃদ্ধির হার (১৯৮৪-৮৫ স্থির মূল্যে)

(কোটি টাকা)

| খাতসমূহ | ১৯৭৩/৭৪ | ১৯৭৪/৭৫ | ১৯৭৫/৭৬ | ১৯৭৬/৭৭ | ১৯৭৭/৭৮ | ১৯৭৮/৭৯ | ১৯৭৯/৮০ | ১৯৮০/৮১ | ১৯৮১/৮২ | ১৯৮২/৮৩ | ১৯৮৩/৮৪ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১। কৃষি | ১৪০১১ | ১৩৩৭২ | ১৪৪৯৩ | ১৩৯৪৬৩ | ১৫০৫৭ | ১৪৯৫৭ | ১৪৯৮১ | ১৫৬০৭ | ১৫৬৩১ | ১৬২৯৩ | ১৬৮৮১ |
| (ক) শস্য | ১০৮৩৫ | ১০২৩৩ | ১১৩২০ | ১০৮০৮ | ১১৬৭১ | ১১৭৮৯ | ১১৮১৩ | ১২৩৯৭ | ১২২৬৭ | ১২৭৭৮ | ১৩৩৯২ |
| (খ) বনজ সম্পদ | ৭৬৬ | ৭০৭ | ৭২৯ | ৬৯২ | ৮৫৮ | ৯৭৬ | ৯৪৪ | ৯৫৭ | ১০১৭ | ১০৭৯ | ১১৫৭ |
| (গ) পশু সম্পদ | ১০২৬ | ১০৪২ | ১০৫৯ | ১০৭৭ | ১১২৫ | ১১৫১ | ১১৭৭ | ১২০৫ | ১২৩৬ | ১২৬৬ | ১১৪১ |
| (ঘ) মৎস্য সম্পদ | ১৩৮৪ | ১৩৯০ | ১৩৮৫ | ১৩৮৬ | ১৪০৩ | ১৪৩২ | ১০৪৭ | ১০৫১ | ১১১১ | ১১৭০ | ১১৯১ |
| ২। মাইনিং এবং কোয়ারিং | .. | .. | .. | .. | .. | ১ | ১ | ১ | ১ | .. | .. |
| ৩। শিল্পসমূহ | ৩৩৯৬ | ৩০২৫ | ৩০০৪ | ৩৩৫৫ | ৩৩৯৪ | ৩৭৭৪ | ৩৮২৯ | ৩৭১২ | ৩৭২২ | ৩৭৯২ | ৪০৭৭ |
| (ক) বৃহদায়তন | ১৭২৪ | ১৩৩৮ | ১২৯৯ | ১৬৩৩ | ১৬৫২ | ২০১৬ | ২০৫১ | ১৯১৩ | ১৯০৪ | ১৯৫৪ | ২২১৪ |
| (খ) ক্ষুদ্রায়তন | ১৬৭২ | ১৬৮৭ | ১৭০৫ | ১৭২২ | ১৭৪২ | ১৭৫৮ | ১৭৭৮ | ১৭৯৯ | ১৮১৮ | ১৮৩৮ | ১৮৬৩ |
| ৪। নির্মাণ | ৯৫৪ | ৭৮২ | ৭৩১ | ১০২৩ | ১১৫৫ | ১৭৫৩ | ১৩৯৪ | ১৬৭০ | ১৭৩০ | ১৬৭১ | ২০০৭ |
| ৫। বিদ্যুৎ, গ্যাস, পানি ও সেনিটারী সেবাসমূহ। | ৪৬ | ৩৫ | ৪৮ | ৫৩ | ৮৫ | ৮৬ | ১০০ | ১১১ | ১৩২ | ২০২ | ২১৭ |
| ৬। পরিবহন, মজুদ ও যোগাযোগ | ২৯০৩ | ২৯৭৬ | ৩১২০ | ৩৩৭০ | ৩৫০৪ | ৩৬৫০ | ৩৬৭১ | ৩৭৫২ | ৩৮৯৩ | ৪১৭৪ | ৪৩৫১ |
| ৭। বাণিজ্য সেবাসমূহ | ২৪৮০ | ২৪০৫ | ২৪৩০ | ২৬৭৭ | ২৯৩৮ | ৩০৯৭ | ৩৩৪৮ | ৩২৫৫ | ৩২৬৮ | ৩৫১১ | ৬৮৩০ |
| ৮। গৃহায়ন সেবাসমূহ | ২৩২৬ | ২৩৯৬ | ২৪৬৮ | ২৫৪০ | ২৬১৮ | ২৬৯৭ | ২৭৮১ | ২৮৬৭ | ২৯৫৮ | ৩০৪৯ | ৩১৪১ |
| ৯। লোক প্রশাসন ও প্রতিরক্ষা | ৬৯৯ | ৫৩৫ | ৭১৭ | ৯৭৯ | ৮৯৬ | ৯৬০ | ৯১৩ | ৯৮০ | ৮৭৬ | ১০৭৩ | ৯৮৮ |
| ১০। ব্যাংক ও বীমা | ২৪৭ | ২৬২ | ২৫৫ | ২৮৫ | ৩১৭ | ৪১২ | ৫০৮ | ৫৭৭ | ৫৭৮ | ৫৮১ | ৬৬৫ |
| ১১। পেশাগত ও বিবিধ সেবাসমূহ | ১৯৩১ | ২০২০ | ২১১৬ | ২২২১ | ২৩৩৬ | ২৪৬৪ | ২৬০৪ | ২৭৫৭ | ২৯৩৩ | ৩১২৪ | ৩৩৩৬ |
| জিডিপি স্থির চলতি বাজার মূল্যে | ২৮৯৯৩ | ২৭৮০৭ | ২৯৩৮২ | ৩০১৬৭ | ৩২৩০১ | ৩৩৮৫২ | ৩৪১৩০ | ৩৫২৮৮ | ৩৫৭২২ | ৩৭৪৭০ | ২৯৫০৩ |
| প্রবৃদ্ধির হার (%) | ৯.৬ | ৪.১ | ৫.৭ | ২.৭ | ৭.১ | ৪.৮ | ০.৮ | ৩.৪ | ১.২• | ৪.৯ | ৫.৪ |

উৎস ঃ গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার। অর্থ মন্ত্রণালয়। বাংলাদেশ অর্থনৈতিক সমীক্ষা-১৯৯৮, পৃঃ ৯৬-৯৭।

## সারণি-১ ঃ (সমাপ্ত)

(কোটি টাকা)

| ১৯৮৪/৮৫ | ১৯৮৫/৮৬ | ১৯৮৬/৮৭ | ১৯৮৭/৮৮ | ১৯৮৮/৮৯ | ১৯৮৯/৯০ | ১৯৯০/৯১ | ১৯৯১/৯২ | ১৯৯২/৯৩ | ১৯৯৩/৯৪ | ১৯৯৪/৯৫ | ১৯৯৫/৯৬ | ১৯৯৬/৯৭ | ১৯৯৭/৯৮ (সাময়িক) |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১৬৯৯৭ | ১৭৫৫৫ | ১৭৬২৫ | ১৭৪৯০ | ১৭৩০৪ | ১৯০৩৫ | ১৯৩৪২ | ১৯৭৬৬ | ২০১২৩ | ২০১৯২ | ১৯৯৮২ | ২০৭১৩ | ২২০৪৬ | ২২৭৩৩ |
| ১৩৫০৩ | ১৩৯৬০ | ১৩৯৬০ | ১৩৭১২ | ১৩৪৫১ | ১৫০৮৩ | ১৫২৫৭ | ১৫৫১০ | ১৫৬৩৯ | ১৫৩৮৫ | ১৪৮০৭ | ১৫২১৭ | ১৬১৫৭ | ১৬৪১৯ |
| ১০৯৫ | ১১৪১ | ১১১৭ | ১২০৪ | ১২৩১ | ১২৫৯ | ১২৮৫ | ১৩১৫ | ১৩৫৪ | ১৪০৮ | ১৪৭১ | ১৫৩৪ | ১৫৯৮ | ১৬৬৭ |
| ১১৭৮ | ১২১৩ | ১২৮০ | ১২৯২ | ১৩৩৫ | ১৩৮০ | ১৪১০ | ১৪৬১ | ১৫৫২ | ১৬৮৪ | ১৮২৪ | ১৯৭১ | ২১২৮ | ২২৯৮ |
| ১২২১ | ১২৪১ | ১২৬৮ | ১২৮২ | ১২৮৭ | ১৩১৩ | ১৩৯০ | ১৪৮০ | ১৫৭৮ | ১৭১৫ | ১৮৮০ | ১৯৯১ | ২১৬৩ | ২৩৪৯ |
| .. | .. | .. | .. | .. | ৭ | ৮ | ৯ | ১১ | ১২ | ১৪ | ১৭ | ২২ | ২৮ |
| ৪০১১ | ৪১১৬ | ৪৪৪১ | ৪৪৬৮ | ৪৫৯৩ | ৪৯২৬ | ৫০৪২ | ৫৪১২ | ৫৯০৩ | ৬৩৬৭ | ৬৯১৬ | ৭২৮২ | ৭৫৪০ | ৮১৪৮ |
| ২১২৮ | ২২০৯ | ২৫০৯ | ২৫২৬ | ২৫৯৫ | ২৮৭০ | ৩২৩৪ | ৩৬৬৩ | ৩৬৬৩ | ৪০৩৭ | ৪৪৮৮ | ৪৭৫১ | ৪৯১৯ | ৫৪১৭ |
| ১৮৮৩ | ১৯০৭ | ১৯৩২ | ১৯৪২ | ১৯৯৮ | ২০৫৬ | ২১১৫ | ২১৭৮ | ২২৪০ | ২৩৩০ | ২৪২৮ | ২৫২৩ | ২৬২১ | ২৭৩১ |
| ২২৫২ | ২২৯১ | ২৪৪৭ | ২৭৪৮ | ২৮৮২ | ২৯৭৫ | ৩১০৯ | ৩২৪৭ | ৩৪০৩ | ৩৬০৭ | ৩৮৫৯ | ৪০১৫ | ৪২১০ | ৪৪৭১ |
| ২৩৫ | ২৬৪ | ৩২২ | ৩৭৪ | ৪৮২ | ৫৫৬ | ৬৭০ | ৭৮৮ | ৮৯৩ | ১০১৮ | ১১৩৪ | ১২৪৬ | ১২৬৭ | ১৩৪০ |
| ৪৫৬৬ | ৪৭১২ | ৫২৩৪ | ৫৪২৯ | ৫৬৬১ | ৫৯০২ | ৬০৮৪ | ৬৩৩৫ | ৬৬৪২ | ৭০০৯ | ৭৪২০ | ৭৭৮৯ | ৮২৯৫ | ৮৮৫০ |
| ৩৮৮২ | ৩৯৩৯ | ৪০৩৯ | ৪১৬৮ | ৪৩৬৬ | ৪৪৯৭ | ৪৬৭১ | ৪৮৫৬ | ৫০৬৩ | ৫৩২৮ | ৫৮৬৭ | ৬৪৫৫ | ৬৮৮০ | ৭৩০৭ |
| ৩২৪৪ | ৩৩৪৩ | ৩৪৫৩ | ৩৫৬৫ | ৩৬৮১ | ৩৮০৩ | ৩৯৩২ | ৪০৬৬ | ৪২২০ | ৪৩৭৯ | ৪৫৪৬ | ৪৭২০ | ৪৯০৪ | ৫০৯৬ |
| ১৩২৩ | ১৫৯৪ | ১৭১৯ | ১৮৫৫ | ১৯৮৪ | ২০৩৬ | ২২৩৩ | ২৪১৮ | ২৬২৪ | ২৮৪৯ | ৩০৯৬ | ৩৩৫৩ | ৩৬৩৪ | ৪০০৯ |
| ৬৮৯ | ৮৭০ | ৯১৮ | ৯৩১ | ৯৪২ | ৯৫২ | ৯৭৬ | ১৯৯৯ | ১০৩০ | ১০৬৬ | ১১০৯ | ১১৪৮ | ১১৯১ | ১২৩৭ |
| ৩৪৯৪ | ৩৭৭৫ | ৪০৩৬ | ৪৪৮৫ | ৪৭৬৬ | ৫০৬৪ | ৫৩৭৭ | ৫৭২২ | ৬১১১ | ৬৫৫৭ | ৭০৩৬ | ৭৫০৬ | ৮০৩২ | ৮৫৯৪ |
| ৪০৬৯৩ | ৪২৪৫৯ | ৪৪২৩৪ | ৪৫৫১৩ | ৪৬৬৬১ | ৪৯৭৫৩ | ৫১৪৪৪ | ৫৩৬১৯ | ৫৬০২৩ | ৫৮৩৮৪ | ৬০৯৭৯ | ৬৪২৪৪ | ৬৮০২১ | ৭১৮১৩ |
| ৩.০ | ৪.৩ | ৪.২ | ২.৯ | ২.৫ | ৬.৬ | ৩.৪ | ৪.২ | ৪.৫ | ৪.২ | ৪.৪ | ৫.৩ | ৫.৯ | ৫.৬ |

## সারণি-২ ঃ দেশজ উৎপাদনে খাতওয়ারী অবদান (%)
## (১৯৮৪/৮৫ সালের মূল্যে)

| | ১৯৯০/৯১ | ১৯৯১/৯২ | ১৯৯২/৯৩ | ১৯৯৩/৯৪ | ১৯৯৪/৯৫ | ১৯৯৫/৯৬ | ১৯৯৬/৯৭ | ১৯৯৭/৯৮ সাময়িক |
|---|---|---|---|---|---|---|---|---|
| ১। কৃষি | ৩৭.৬ | ৩৬.৯ | ৩৫.৯ | ৩৪.৬ | ৩২.৮ | ৩২.২ | ৩২.৪ | ৩১.৭ |
| (ক) শস্য | ২৯.৭ | ২৮.৯ | ২৭.৯ | ২৬.৪ | ২৪.৩ | ২৩.৭ | ২৩.৮ | ২২.৯ |
| (খ) বনজ সম্পদ | ২.৫ | ২.৫ | ২.৪ | ২.৪ | ২.৫ | ২.৪ | ২.৩ | ২.৩ |
| (গ) পশু সম্পদ | ২.৭ | ২.৮ | ২.৮ | ২.৯ | ৩.১ | ৩.১ | ৩.১ | ৩.২ |
| (ঘ) মৎস্য সম্পদ | ২.৭ | ২.৮ | ২.৮ | ২.৯ | ৩.১ | ৩.১ | ৩.২ | ৩.৩ |
| ২। খনিজ ও খনন + | – | – | – | – | – | – | – | – |
| ৩। শিল্প | ৯.৮ | ১০.১ | ১০.৫ | ১০.৯ | ১১.৩ | ১১.৩ | ১১.১ | ১১.৩ |
| (ক) বৃহদায়তন | ৫.৭ | ৬.০ | ৬.৫ | ৬.৯ | ৭.৪ | ৭.৪ | ৭.২ | ৭.৫ |
| (খ) ক্ষুদ্রায়তন | ৪.১ | ৪.০ | ৪.০ | ৪.০ | ৩.৯ | ৩.৯ | ৩.৯ | ৩.৮ |
| ৪। নির্মাণ | ৬.০ | ৬.১ | ৬.২ | ৬.৪ | ৬.৩ | ৬.২ | ৬.২ | ৬.২ |
| ৫। বিদ্যুৎ, গ্যাস, পানি ও সেনিটারী সেবা | ১.৩ | ১.৫ | ১.৬ | ১.৮ | ১.৮ | ১.৯ | ১.৯ | ১.৯ |
| ৬। পরিবহণ, সংরক্ষণ ও যোগাযোগ | ১১.৮ | ১.৮ | ১১.৯ | ১২.০ | ১২.১ | ১২.১ | ১২.২ | ১২.৩ |
| ৭। বাণিজ্যিক সেবা | ৯.১ | ৯.০ | ৯.০ | ৯.১ | ৯.৭ | ১০.০ | ১০.১ | ১০.২ |
| ৮। গৃহায়ণ সেবা | ৭.৬ | .৭.৫ | ৭.৫ | ৭.৫ | ৭.৫ | ৭.৩ | ৭.২ | ৭.১ |
| ৯। লোক প্রশাসন ও প্রতিরক্ষা | ৪.৩ | ৪.৭ | ৪.৭ | ৪.৯ | ৫.১ | ৫.২ | ৫.৩ | ৫.৬ |
| ১০। ব্যাংক ও বীমা | ১.৯ | ১.৮ | ১.৮ | ১.৮ | ১.৮ | ১.৮ | ১.৮ | ১.৭ |
| ১১। পেশা ও বিবিধ সেবা | ১০.৭ | ১০.৯ | ১০.৯ | ১১.২ | ১১.৫ | ১১.৭ | ১১.৮ | ১২.০ |

উৎস ঃ ১। বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো। ১৯৯৭/৯৮ সালের হিসাব (সাময়িক)।
২। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার। অর্থ মন্ত্রণালয়। বাংলাদেশ অর্থনৈতিক সমীক্ষা-১৯৯৮, পৃঃ ১৩।
\+ খনিজ ও খনন, খাতে অবদান ০.১% এর নিচে।

## সারণি-৩.১ ঃ দেশজ উৎপাদনে খাতওয়ারী বৃদ্ধির হার (%)
## (১৯৮৪/৮৫ সালের মূল্যে)

| | ১৯৯০/৯১ | ১৯৯১/৯২ | ১৯৯২/৯৩ | ১৯৯৩/৯৪ | ১৯৯৪/৯৫ | ১৯৯৫/৯৬ | ১৯৯৬/৯৭ | ১৯৯৭/৯৮ সাময়িক |
|---|---|---|---|---|---|---|---|---|
| ১। কৃষি | ১.৬ | ২.২ | ১.৮ | ০.৩ | -১.০ | ৩.৭ | ৬.৪ | ৩.১ |
| (ক) শস্য | ১.২ | ১.৭ | ০.৮ | -১.৬ | -৩.৮ | ২.৮ | ৬.২ | ১.৬ |
| (খ) বনজ সম্পদ | ২.১ | ২.৪ | ৩.০ | ৪.০ | ৪.৫ | ৪.৩ | ৪.২ | ৪.৩ |
| (গ) পশু সম্পদ | ২.২ | ৩.৬ | ৬.২ | ৮.৫ | ৮.৩ | ৮.০ | ৮.০ | ৮.০ |
| (ঘ) মৎস্য সম্পদ | ৫.৮ | ৬.৫ | ৬.৬ | ৮.৭ | ৯.৭ | ৫.৯ | ৮.৬ | ৮.৬ |
| ২। খনিজ ও খনন | ২১.২ | ১৭.৫ | ১৩.৮ | ১৩.১ | ১৩.৫ | ২৬.৭ | ২৭.৬ | ২৫.২ |
| ৩। শিল্প (ম্যানুফ্যাকচারিং) | ২.৪ | ৭.৩ | ৯.১ | ৭.৮ | ৮.৬ | ৫.৩ | ৩.৫ | ৮.১ |
| (ক) বৃহদায়তন | ২.০ | ১০.৫ | ১৩.২ | ১০.২ | ১১.২ | ৬.০ | ৩.৩ | ১০.১ |
| (খ) ক্ষুদ্রায়তন | ২.৯ | ২.৯ | ২.৯ | ৪.০ | ৪.২ | ৩.৯ | ৩.৯ | ৪.২ |
| ৪। নির্মাণ | ৪.৫ | ৪.৫ | ৪.৮ | ৬.০ | ৭.০ | ৪.০ | ৪.৯ | ৬.২ |
| ৫। বিদ্যুৎ, গ্যাস, পানি ও সেনিটারী সেবা | ২০.৬ | ১৭.৫ | ১৩.৪ | ১৪.০ | ১১.৩ | ৯.৯ | ১.৭ | ৫.৮ |
| ৬। পরিবহণ, সংরক্ষণ ও যোগাযোগ | ৩.১ | ৪.১ | ৪.৮ | ৫.৫ | ৫.৯ | ৫.০ | ৬.৫ | ৬.৭ |
| ৭। বাণিজ্যিক সেবা | ৩.৯ | ৪.০ | ৪.৩ | ৫.২ | ১০.১ | ১০.০ | ৬.৬ | ৬.২ |
| ৮। গৃহায়ণ সেবা | ৩.৪ | ৩.৪ | ৩.৮ | ৩.৮ | ৩.৮ | ৩.৮ | ৩.৯ | ৩.৯ |
| ৯। লোক প্রশাসন ও প্রতিরক্ষা | ৯.৭ | ৮.৩ | ৮.৫ | ৮.৬ | ৮.৭ | ৮.৩ | ৮.৪ | ১০.৩ |
| ১০। ব্যাংক ও বীমা | ২.৪ | ২.৫ | ৩.০ | ৩.৫ | ৪.০ | ৩.৫ | ৩.৮ | ৩.৮ |
| ১১। পেশা ও বিবিধ সেবা | ৬.২ | ৬.৪ | ৬.৮ | ৭.৩ | ৭.৩ | ৬.৭ | ৭.০ | ৭.০ |
| স্থির মূল্যে দেশজ উৎপাদনের প্রবৃদ্ধি | ৩.৪ | ৪.২ | ৪.৫ | ৪.২ | ৪.৪ | ৫.৩ | ৫.৯ | ৫.৬ |

উৎস ঃ ১। বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো। ১৯৯৭/৯৮ সালের হিসাব (সাময়িক)।

২। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার। অর্থ মন্ত্রণালয়। বাংলাদেশ অর্থনৈতিক সমীক্ষা-১৯৯৮, পৃঃ ১৩।

সারণি-৩.২ ঃ খাদ্যশস্য উৎপাদন

(লক্ষ মেট্রিক টন)

| খাদ্যশস্য | ১৯৯০/৯১ | ১৯৯১/৯২ | ১৯৯২/৯৩ | ১৯৯৩/৯৪ | ১৯৯৪/৯৫ | ১৯৯৫/৯৬ | ১৯৯৬/৯৭ | ১৯৯৭/৯৮ (সাময়িক) |
|---|---|---|---|---|---|---|---|---|
| আউশ | ১৩.৩ | ২১.৮ | ২০.৭ | ১৮.৫ | ১৭.৯ | ১৬.৮ | ১৮.৭১ | ১৮.৭৫ (প্রকৃত) |
| আমন | ৯১.৭ | ৯২.৭ | ৯৬.৮ | ৯৪.২ | ৮৫.০ | ৮৭.৯ | ৯৫.৫২ | ৮৮.৫০ (প্রকৃত) |
| বোরো | ৬৩.৬ | ৬৮.০ | ৬৫.৯ | ৬৭.৭ | ৬৫.৪ | ৭২.২ | ৭৪.৬০ | ৭৯.৭৯ |
| মোট চাল | ১৭৮.৬ | ১৮২.৫ | ১৮৩.৪ | ১৮০.৪ | ১৬৮.৩ | ১৭৬.৯ | ১৮৮.৮৩ | ১৮৭.০৪ |
| গম | ১০.০ | ১০.৭ | ১১.৮ | ১১.৩ | ১২.৫ | ১৩.৭ | ১৪.৫৪ | ১৮.০২ |
| মোট খাদ্য শস্য | ১৮৮.৬ | ১৯৩.২ | ১৯৫.২ | ১৯১.৭ | ১৮০.৮ | ১৯০.৬ | ২০৩.৩৭ | ২০৫.০৬ |
| (% পরিবর্তন) | (০.৬) | (২.৪) | (১.০) | (-১.৮) | (-৫.৭) | (৫.৪) | (৬.৭) | (০.৮) |

উৎস ঃ ১। বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো; ফুড প্ল্যানিং ও মনিটরিং ইউনিট (খাদ্য মন্ত্রণালয়)।
২। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার। অর্থ মন্ত্রণালয়। বাংলাদেশ অর্থনৈতিক সমীক্ষা-১৯৯৮, পৃঃ ৩৬।

আয়ের সাথে বিনিয়োগের অনুপাতের ক্রমাগত হ্রাস বা বৃদ্ধি মোট জাতীয় উৎপাদনের প্রবৃদ্ধি হারের হ্রাস বা বৃদ্ধির উপর সরাসরি প্রভাব রাখে। সারণি-৫ বিশ্লেষণে দেখা যায় যে, বিনিয়োগের হার কিছুটা বৃদ্ধি পেয়েছে। দেশের মোট বিনিয়োগ পূর্ববর্তি বছরের মোট দেশজ উৎপাদনের শতকরা ১৭.০ ভাগ থেকে বৃদ্ধি পেয়ে ১৯৯৬-৯৭ সালে শতকরা ১৭.৩০ ভাগে দাঁড়ায়। এবং ১৯৯০-৯৫ পর্যন্ত বিনিয়োগ বৃদ্ধির ক্ষেত্রে জিডিপি'র শতকরা হার প্রতি বছরে ১% হারের কিছুটা কম বা বেশীর মধ্যে সীমাবদ্ধ ছিল এবং এ ক্ষেত্রে বেসরকারী খাতের ভূমিকা সরকারী খাতের তুলনায় অধিকতর প্রবল ছিল।

সারণি-৫ ঃ মোট দেশজ উৎপাদনে (জিডিপি) বিনিয়োগের শতকরা হার

| বছর | জিডিপি এর শতকরা হার | সরকারী | বেসরকারী |
|---|---|---|---|
| ১৯৯০/৯১ | ১১.৫০ | ৫.৬৮ | ৫.৮২ |
| ১৯৯১/৯২ | ১২.১২ | ৫.৪৯ | ৬.৬৩ |
| ১৯৯২/৯৩ | ১৪.২৬ | ৬.৪১ | ৭.৮৫ |
| ১৯৯৩/৯৪ | ১৫.৪২ | ৭.৫৯ | ৭.৮৩ |
| ১৯৯৪/৯৫ | ১৬.৬৩ | ৭.২২ | ৯.৪১ |
| ১৯৯৫/৯৬ | ১৭.০ | ৬.২৩ | ১০.৭১ |
| ১৯৯৬/৯৭ | ১৭.২৮ | ৬.৫০ | ১০.৭৮ |

উৎস ঃ গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার। অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ অর্থনৈতিক সমীক্ষা, ১৯৯৮ পৃ. ৩০/১২।

## ৪.০ উন্নয়নে দেশীয় সম্পদ

উন্নয়ন কর্মকান্ডে ক্রমান্বয়ে দেশীয় সম্পদের ব্যবহার বৃদ্ধির মাধ্যমে একটি আত্মনির্ভরশীল অর্থনীতি গড়ে তোলার অংশ হিসেবে সরকারের রাজস্ব আয় বৃদ্ধির লক্ষ্যে আলোচ্য বছরে (১৯৯৮-৯৮) করের ভিত্তি সম্প্রসারণ এবং কর প্রশাসনের সংস্কার ও কাঠামোগত পুনর্বিন্যাসের প্রচেষ্টা অব্যাহত রাখা হয়। কর প্রশাসনের স্বচ্ছতা বৃদ্ধিকরণ এবং কর আদায়ের তদারকি ও মনিটরিং প্রক্রিয়া সুসংহতকরণের পদক্ষেপ আরো জোরদার করা হয়। ফলে, ১৯৯৬/৯৭ লে সরকারের রাজস্ব প্রাপ্তি পূর্ববর্তী বছরের তুলনায় শতকরা ১০.৫

ভাগ বৃদ্ধি পায়[৪]। অপরদিকে, রাজস্ব ব্যয় পূর্ববর্তী বছরের তুলনায় শতকরা ৬.১ ভাগ বৃদ্ধি পায়[৫]। রাজস্ব ব্যয়ের তুলনায় রাজস্ব আয় বৃদ্ধির হার বেশী হওয়ায় আলোচ্য বছরে রাজস্ব বাজেটে উদ্বৃত্তের পরিমাণ শতকরা ২৪.৭ ভাগ বৃদ্ধি পায়[৬]। সরকারের বাজেট ঘাটতি পূর্ববর্তী বছরের মোট দেশজ উৎপাদনের শতকরা ৬.৩ ভাগের তুলনায় ১৯৯৬-৯৭ সালে শতকরা ৫.৬[স] ভাগে হ্রাস পায়[৭]। উন্নয়ন বাজেটের জন্য অভ্যন্তরীণ সম্পদ যোগানের পরিমাণ পূর্ববর্তি বছরের শতকরা ৪২.৩ ভাগ থেকে বৃদ্ধি পেয়ে ১৯৯৬-৯৭ সালে শতকরা ৪৮.৯[৮] ভাগে দাঁড়ায়। কর/জিডিপি অনুপাত ১৯৯৫-৯৬ সালের শতকরা ৯.৪ ভাগ থেকে বৃদ্ধি পেয়ে ১৯৯৬-৯৭ সালে শতকরা ১০.০[স] ভাগে দাঁড়ায়[৯]। উপর্যুক্ত বিশ্লেষণ থেকে দেখা যায় যে, উন্নয়নে অভ্যন্তরীণ সম্পদের অবদান ক্রমাগত হারে বৃদ্ধি পাচ্ছে-যা অর্থনীতির গতি প্রকৃতি নির্ধারণে ধনাত্মক (positive) ভূমিকা পালন করে।

## ৫.০ বৈদেশিক সাহায্য/ঋণ ও ঋণ পরিশোধ

১৯৯৬-৯৭ সালে বাংলাদেশের জন্য প্রতিশ্রুত বৈদেশিক সাহায্যের মোট পরিমাণ দাঁড়ায় ১,৬১৬.০ মিলিয়ন ডলার, যা ১৯৯৫-৯৬ সালে প্রতিশ্রুত ১,২৮০.০ মিলিয়ন ডলারের তুলনায় শতকরা ২৬.৩ ভাগ বেশী[১০]। ১৯৯৬-৯৭ সালে প্রতিশ্রুত সাহায্যের মধ্যে ৮১৬.০ মিলিয়ন ডলার বা শতকরা ৫০.৫ ভাগ ছিল অনুদান এবং ৮০০.০ মিলিয়ন ডলার বা শতকরা ৪৯.৫ ভাগ ছিল ঋণ[১১]। স্বাধীনতার পর থেকে ১৯৯৭ সালের ৩০শে জুন পর্যন্ত প্রতিশ্রুত সর্বমোট ৩৮,০৬২০ মিলিয়ন ডলার বৈদেশিক সাহায্যের মধ্যে ১৭,৪৭২.০ মিলিয়ন ডলার বা শতকরা ৪৫.৯ ভাগ ছিল অনুদান[১২]।

১৯৯৬-৯৭ সালে অবমুক্ত সাহায্যের মোট পরিমাণ দাঁড়ায় ১,৪৭৬.০ মিলিয়ন ডলার, যা পূর্ববর্তি বছরের ১,৪৪৪.০ মিলিয়ন ডলারের তুলনায় ৩২.০ মিলিয়ন ডলার বা শতকরা ২.২ ভাগ বেশী[১৩]। স্বাধীনতার পর থেকে ১৯৯৭ সালের জুন শেষে অবমুক্ত সাহায্যের মোট পরিমাণ দাঁড়ায় ৩১,৯৬৪.০ মিলিয়ন ডলার যা মোট প্রতিশ্রুত সাহায্যের শতকরা ৮৪.০ ভাগ[১৪]। মোট অবমুক্ত সাহায্যের মধ্যে ১৫,৫৪০.০ মিলিয়ন ডলার বা শতকরা ৪৮.৬ ভাগ ছিল অনুদান এবং অবশিষ্ট ১৬,৪২৪.০ মিলিয়ন ডলার বা শতকরা ৫১.৪ ভাগ ছিল ঋণ[১৫]।

---

৪ বার্ষিক রিপোর্ট, ১৯৯৬-৯৭, বাংলাদেশ ব্যাংক, পৃষ্ঠা-১
৫ পূর্বোক্ত
৬ পূর্বোক্ত
৭ পূর্বোক্ত
স = সংশোধিত
৮ পূর্বোক্ত
৯ পূর্বোক্ত
স = সংশোধিত
১০ বার্ষিক রিপোর্ট, ১৯৯৬-৯৭, বাংলাদেশ ব্যাংক, পৃষ্ঠা-৯৭
১১ পূর্বোক্ত
১২ পূর্বোক্ত
১৩ পূর্বোক্ত
১৪ পূর্বোক্ত
১৫ পূর্বোক্ত

১৯৯৬-৯৭ সালের অবমুক্ত মোট সাহায্যের মধ্যে ঃ (ক) খাদ্য সাহায্যের পরিমাণ ছিল ১০১.০ মিলিয়ন ডলার, যা পূর্ববর্তি বছরে প্রাপ্ত ১৩৮.০ মিলিয়ন ডলারের তুলনায় শতকরা ২৬.৮ ভাগ কম[১৬]। (খ) পণ্য সাহায্যের পরিমাণ ছিল ২৬৩.০ মিলিয়ন ডলার, যা পূর্ববর্তি বছরে প্রাপ্ত ২২৯.০ মিলিয়ন ডলারের তুলনায় শতকরা ১৪.৮ ভাগ বেশী[১৭] এবং (গ) প্রকল্প সাহায্যের পরিমাণ ছিল ১,১১২.০ মিলিয়ন ডলার, যা পূর্ববর্তি বছরের ১,০৭৭.০ মিলিয়ন ডলারের তুলনায় শতকরা ৩.২ ভাগ বেশী[১৮]।

১৯৯৭ সালের ৩০শে জুন পর্যন্ত বাংলাদেশের মোট বকেয়া বৈদেশিক ঋণের স্থিতি ছিল ১৫,৯৬০.০ মিলিয়ন ডলার যা, ১৯৯৬ সালের জুন শেষের স্থিতি ১৫,৫৫০.০ মিলিয়ন ডলারের তুলনায় ৪১০.০ মিলিয়ন ডলার বা শতকরা ২.৬ ভাগ বেশী[১৯] (সারণি-৬)।

সারণি ৬ ঃ বৈদেশিক সাহায্য/ঋণ ও পরিশোধ +

(মিলিয়ন মার্কিন ডলার)

| বিবরণ | ১৯৯২-৯৩ | ১৯৯৩-৯৪ | ১৯৯৪-৯৫ | ১৯৯৫-৯৬ | ১৯৯৬-৯৭++ |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| ১। বৈদেশিক সাহায্য | | | | | |
| ক) অঙ্গীকার | ১,২৭৫ | ২,৪১০ | ১,৬১২ | ১,২৮০ | ১,৬১৬ |
| খ) বিতরণ | ১,৬৭৫ | ১,৫৫৯ | ১,৭৩৯ | ১,৪৪৪ | ১,৪৭৬ |
| গ) ১৯৭২ সাল থেকে মোট অঙ্গীকার | ৩১,১৩৬ | ৩৩,৫৫২ | ৩৫,১৬৬ | ৩৬,৪৪৬ | ৩৮,০৬২ |
| ঘ) ১৯৭২ সাল থেকে মোট বিতরণ | ২৫,৭৪৭ | ২৭,৩০৫ | ২৯,০৪৪ | ৩০,৪৮৮ | ৩১,৯৬৪ |
| ২। ঋণ পরিশোধ (মধ্যম ও দীর্ঘমেয়াদী) | ৩৭৪ | ৪০২ | ৪৬৮ | ৪৬৯ | ৪৯৪ |
| ৩। ৩০শে জুনে বকেয়া বৈদেশিক ঋণের স্থিতি | ১২,৭৪৮ | ১৪,৫৬২ | ১৫,০৯৯ | ১৫,৫৫০ | ১৫,৯৬০ |
| ৪। বৈদেশিক ঋণের স্থিতি-মোট দেশজ উৎপাদনের শতকরা অংশ | ৫২.৬৩ | ৫৬.৫৩ | ৫১.৮৭ | ৪৮.৭৯ | ৪৮.৫৯ |
| ৫। মধ্যম ও দীর্ঘমেয়াদী ঋণ পরিশোধ-রপ্তানী আয়ের শতকরা অংশ | ১৫.৬৯ | ১৫.৮৬ | ১৩.৪৮ | ১২.০৮ | ১১.১৮ |

উৎস ঃ ১। অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, অর্থ মন্ত্রণালয়।

২। বার্ষিক রিপোর্ট ১৯৯৬-৯৭, বাংলাদেশ ব্যাংক, পৃঃ-১১৫

+। আন্তর্জাতিক অর্থ তহবিলের সাথে লেনদেন বাদে।

+। ১৯৯৬-৯৭ সালের উপাত্ত সমূহ সাময়িক।

১৬ পূর্বোক্ত

১৭ পূর্বোক্ত

১৮ পূর্বোক্ত

১৯ পূর্বোক্ত

## ৬.০ বৈদেশিক বাণিজ্য ও বাণিজ্যের ভারসাম্য

বাংলাদেশ তার আয়কৃত বৈদেশিক মুদ্রার উপর বাণিজ্য উদ্বৃত্তের সহায়তা নিয়ে চাপ কমাতে পারবে, সে সুযোগ কম। কেননা, আন্তর্জাতিক বাণিজ্যে বিপুল ঘাটতি রয়েছে। এক্ষেত্রে যে পদক্ষেপ নেয়া যায় তা হলো বাণিজ্য ঘাটতি কমিয়ে এনে বৈদেশিক ঋণজনিত দায়-দেনার চাপ কমানো। এটি দু'ভাবে হতে পারে (ক) আমদানী কমিয়ে ও রপ্তানী বাড়িয়ে, অথবা (খ) আমদানী বৃদ্ধি হারের থেকে রপ্তানী বৃদ্ধির হার দ্রুততর করে। বাংলাদেশ দ্বিতীয় বিকল্পটি অনুসরণ করতে পারে[২০]। বাংলাদেশ তার লেনদেনের চলতি হিসেবের ঘাটতি পরিস্থিতি উন্নতির জন্য 'ফরেন রেমিট্যান্স' বাড়ানোর উপর গুরুত্বারোপ অব্যাহত রেখেছে।

১১৯৬-৯৭ সালে দেশের বৈদেশিক লেনদেনের সার্বিক ভারসাম্যে ১,০৫০.৬ কোটি টাকার (২৪৫.০ মিলিয়ন ডলার) ঘাটতি পরিলক্ষিত হয়[২১]। পূর্ববর্তি বছরে সার্বিক লেনদেন ভারসাম্যে ৩,৪৮১.৩ কোটি টাকা (৮৫২.০ মিলিয়ন ডলার) ঘাটতি ছিল[২২]। অপরিশোধেয় বেসরকারী হস্তান্তর (Private Unrequited Transfers) খাতে নীট প্রাপ্তির পরিমাণ পূর্ববর্তি বছরের ৬,০২৭.৪ কোটি টাকা (১,৪৭৫.০ মিলিয়ন ডলার) থেকে ১,৫৩৬.৬ কোটি টাকা (২৯৫.০ মিলিয়ন ডলার) বৃদ্ধি পেয়ে ৭,৫৬৪.০ কোটি টাকায় (১,৭৭০.০ মিলিয়ন ডলার) দাঁড়ায়[২৩]। নীট মূলধনের অন্তর্মুখী প্রবাহ ১৯৯৫-৯৬ সালের ২,৪৯১.৪ কোটি টাকা (৬১০.০ মিলিয়ন ডলার) থেকে ৯১.৭কোটি টাকা (৪৮.০ মিলিয়ন ডলার) হ্রাস পেয়ে ২,৩৯৯.৭ কোটি টাকায় (৫৬২.০ মিলিয়ন ডলার) দাঁড়ায়[২৪]। নীট মূলধনের অন্তর্মুখী প্রবাহ হ্রাস পাওয়া স্বত্ত্বেও সেবা খাত ও অপরিশোধেয় বেসরকারী হস্তান্তর খাতে নীট্ প্রাপ্তির পরিমাণ বৃদ্ধি এবং বহির্বাণিজ্যের ভারসাম্যে পূর্ববর্তি বছরের তুলনায় ঘাটতি হ্রাস পাওয়ায় আলোচ্য বছরে দেশের সার্বিক লেনদেন ভারাসাম্যে ঘাটতির পরিমাণ হ্রাস পায়। বহির্বাণিজ্য ও লেনদেন ভারসাম্যের বিস্তারিত বিবরণ সারণি-৭ এ দেখা যায়।

---

২০ আব্বাছ, এস, এম, আলী ঃ "বাংলাদেশের বাণিজ্য কাঠামো ও বাণিজ্য নীতি ঃ একটি সামগ্রিক পর্যালোচনা" প্রশাসন সমীক্ষা, ৩য় বর্ষ, ২য় সংখ্যা, কার্তিক, ১৩৯৬।

২১ বার্ষিক রিপোর্ট, ১৯৯৬-৯৭, বাংলাদেশ ব্যাংক পৃষ্ঠা ৬৪।

২২ পূর্বোক্ত

২৩ পূর্বোক্ত

২৪ পূর্বোক্ত

## সারণি-৭ ঃ বৈদেশিক লেনদেন ভারসাম্য

| দফা/খাতসমূহ | ১৯৯২-৯৩ | | ১৯৯৩-৯৪ | | ১৯৯৪-৯৫ | | ১৯৯৫-৯৬ | | ১৯৯৬-৯৭ (সাময়িক) | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | কোটি টাকা | মিলিয়ন মার্কিন ডলার | কোটি টাকা | মিলিয়ন মার্কিন ডলার | কোটি টাকা | মিলিয়ন মার্কিন ডলার | কোটি টাকা | মিলিয়ন মার্কিন ডলার | কোটি টাকা | মিলিয়ন মার্কিন ডলার |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ |
| রপ্তানী (এফওবি) * | ৯,২৫৭.৫ | ২,৩৮৩ | ১০,০৯৭৬ | ২,৫৩৪ | ১৩,৯২৮৫ | ৩,৪৭৩ | ১৫,৮৭৯.১ | ৩,৮৮২ | ১৮,৮১৩.০ | ৪,৪১৮ |
| আমদানি (সি এন্ড এফ)** | -১৫,৯৩৩৯ | -৪,০৭১ | -১৬,৭৬৬.০ | -৪,১৯১ | ২৩.৫৪৫.৭ | -৫,৮৩৪ | -২৮,০৯৭.৬ | -৬,৮৮১ | -৩০,৪০৩.০ | -৭,১২০ |
| (তম্মধ্যে খাদ্যশস্য) | (৬৯০.৪) | (১৭৬) | (৬০৩.৩) | (১৫১) | (১,৯১৩.৫) | (৪৭৬) | (২,৩৯৩.০) | (৫৮৬) | (৭৬৮.৬) | (১৮০) |
| বাণিজ্যের স্থিতি | -৬,৬৭৬.৪ | -১,৬৮৮ | -৬,৬৬৮.৪ | -১,৬৫৭ | -৯,৫২৬.২ | -২,৩৬১ | -১২,২১৮.৫ | -২,৯৯৯ | -১১,৫৯০০ | -২,৭০২ |
| সেবা (নীট) | ১২.৬ | ৩ | -৩৭.৫ | -১০ | -৫২০.৫ | -১৩০ | -৪৬১.১ | -১১৩ | ১২৮.১ | ৩০ |
| ক) অন্তঃ প্রবাহ | ২,৪১৪.১ | ৬১৭ | ২,৬৮০.৮ | ৬৭০ | ৩,২৯৩.৭ | ৮১৯ | ৩,৩০০.৩ | ৮০৮ | ৩,২৮৭.৯ | ৭৭০ |
| খ) বহিঃ প্রবাহ | -২,৪০১.৫ | -৬১৪ | -২,৭১৮.৩ | -৬৮০ | -৩,৮১৪.২ | -৯৪৯ | -৩,৭৬১.৪ | -৯২১ | -৩,১৫৯.৮ | -৭৪০ |
| (তম্মধ্যেঃ সুদ পরিশোধ) | (৬০৬.৭) | (১৫৫) | (৬১০.৭) | (১৫৩) | (৬৮০.০) | | (৬১৮.১) | ২১ | (৭৩৯.৩) | (১৭৩) |
| অপরিশোধেয় বেসরকারী হস্তান্তর | ৪,১৬৯.৪ | ১,০৬৭ | ৪,৯৮৪.৮ | ১,২৪৭ | ৫,৭৩০.৩ | ১,৪২৬ | | ২,৪৭৫ | ৭,৫৬৪.০ | ১,৭৭০ |
| (তম্মধ্যে বিদেশে কর্মরত বাংলাদেশীদের প্রেরিত অর্থ) | ৩,৬৯৮.৪ | ৯৪৪ | ৪,৩৫৪.৯ | ১,০৮৯ | ৪,৮১৪.৪ | ১,১৯৮ | ৪,৯৭৭.৮ | ১,২১৭ | ৬,৩০৪.৩ | ১,৪৭৫ |
| চলতি হিসাবের ভারসাম্য | -২,৪৯৪.৪ | -৬১৮ | -১,৭২১.১ | -৪২০ | -৪,৩ | | -৬,৬৫২.২ | -১,৬৩৭ | -৩,৮৯৭.৯ | -৯০২ |
| মূলধনী হিসাব (নীট) | ৪,৯৯৭.৮ | ১,২৭৭ | ৫,০৪৭.৭ | ১,২৬২ | ৫,৬০০.৮ | ১,৩৯৩ | ২,৪৯১.৪ | ৬১০ | ২,৩৯৯.৭ | ৫৬২ |

উৎস ঃ ১। পরিসংখ্যান বিভাগ, বাংলাদেশ ব্যাংক, বার্ষিক রিপোর্ট, ১৯৯৬-৯৭, বাংলাদেশ ব্যাংক, পৃঃ ১০০।

* রপ্তানী উন্নয়ন ব্যুরো (ইপিজেডসহ)।

** ইপিজেডসহ।

## সারণী-৭ ঃ বৈদেশিক লেনদেন ভারসাম্য

(চলমান-১)

| দফা/খাতসমূহ | ১৯৯২-৯৩ | | ১৯৯৩-৯৪ | | ১৯৯৪-৯৫ | | ১৯৯৫-৯৬ | | ১৯৯৬-৯৭ (সাময়িক) | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | কোটি টাকা | মিলিয়ন মার্কিন ডলার | কোটি টাকা | মিলিয়ন মার্কিন ডলার | কোটি টাকা | মিলিয়ন মার্কিন ডলার | কোটি টাকা | মিলিয়ন মার্কিন ডলার | কোটি টাকা | মিলিয়ন মার্কিন ডলার |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ |
| সাহায্য প্রাপ্তি [১] | ৬,৫৫৫.৯ | ১,৬৭৫ | ৬,২৩৪.৭ | ১,৫৫৯ | ৬,৯৯০.৮ | ১,৭৩৯ | ৫,৮৯৫.৯ | ১,৪৪৪ | ৬,৩০২.৬ | ১,৪৭৬ |
| ক) খাদ্য | (৪৭৩.৬) | (১২১) | (৪৭১.৪) | (১১৮) | (৫৫২.৫) | (১৩৭) | (৫৬৩.৬) | (১৩৮) | (৪৩১.৩) | (১০১) |
| খ) পণ্য | (১,৪৫৬.০) | (৩৭২) | (১,৮০৫.১) | (৪৫১) | (১,৩৩৭.৬) | (৩৩৩) | (৯৩৬.৬) | (২২৯) | (১,১২৩.০) | (২৬৩) |
| গ) প্রকল্প | (৪,৬২৬.৩) | (১,১৮২) | (৩,৯৫৮.২) | (৯৯০) | (৫,১০০.৭) | (১,২৬৯) | (৪,৩৯৫.৭) | (১,০৭৭) | (৪,৭৪৮.৩) | (১.১১২) |
| বৈদেশিক ঋণ পরিশোধ | -৯৩৫.৪ | -২৩৯ | -১,০৫৭.২ | -২৬৪ | -১,২৬১.০ | -৩১৪ | -১,২৮৯.৬ | -৩১৬ | -১,৪০৪.৮ | -৩২৯ |
| খাদ্য খাতে ঋণ (নীট) | -৩১.৩ | -৮ | -৪৪.৫ | -১১ | – | – | – | – | – | – |
| ক) ধার | – | – | – | – | – | – | – | – | – | – |
| খ) পরিশোধ | (-৩১.৩) | (-৮) | (-৪৪.৫) | (-১১) | – | – | – | – | – | – |
| ট্রাষ্ট ফান্ড | – | – | – | – | – | – | – | – | – | – |
| বিমান ক্রয়ের জন্য ঋণ (নীট্) | -৩৫.২ | -৯ | -৩৪.৫ | -৯ | -৩৭.৪ | -৯ | ১১৪.৪ | ২৮ | ১৯৪.৭ | ৪৬ |
| অন্যান্য মূলধন-[২] | -৫৫৬.২ | -১৪২ | -৫০.৮ | -১৩ | -৯১.৬ | -২৩ | -২,২২৯.৩ | -৫৪৬ | -২,৬৯২.৮ | -৬৩১ |

উৎস ঃ পরিসংখ্যান বিভাগ, বাংলাদেশ ব্যাংক, বার্ষিক রিপোর্ট, ১৯৯৬-৯৭, বাংলাদেশ ব্যাংক, পৃঃ ১১১।

১। সরকারী অনুদানসহ।

২। ট্রেড ক্রেডিট এবং ইপিজেড-এর ট্রেড ব্যালান্স এতে অন্তর্ভূক্ত।

– = নেই।

## সারণি-৭ ঃ বৈদেশিক লেনদেন ভারসাম্য (চলমান-২)

| দফা/খাতসমূহ | ১৯৯২-৯৩ | | ১৯৯৩-৯৪ | | ১৯৯৪-৯৫ | | ১৯৯৫-৯৬ | | ১৯৯৬-৯৭ (সাময়িক) | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | কোটি টাকা | মিলিয়ন মার্কিন ডলার | কোটি টাকা | মিলিয়ন মার্কিন ডলার | কোটি টাকা | মিলিয়ন মার্কিন ডলার | কোটি টাকা | মিলিয়ন মার্কিন ডলার | কোটি টাকা | মিলিয়ন মার্কিন ডলার |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ |
| ভ্রান্তি ও বাদসমূহ | -১৭৩.১ | -৬৪ | -৪৯৬.৮ | -১৩৫ | ৫৬৭.৮ | ১৩২ | ৬৭৯.৫ | ১৭৫ | ৪৪৭.৬ | ৯৫ |
| সার্বিক লেনদেন ভারসাম্য | ২,৩৩০.৩ | ৫৯৫ | ২,৮২৯.৮ | ৭০৭ | ১,৮৫২.২ | ৪৬০ | -৩,৪৮১.৩ | -৮৫২ | -১,০৫০.৬ | -২৪৫ |
| আর্থিক প্রবাহ (-বৃদ্ধি) | -২,৩৩০.৩ | -৫৯৫ | -২,৮২৯.৮ | -৭০৭ | -১,৮৫২.২ | -৪৬০ | ৩,৪৮১.৩ | ৮৫২ | ১,০৫০.৬ | ২৪৫ |
| বাংলাদেশ ব্যাংক | -২.১৬০.০ | -৫৫২ | -২,৬৩৯.০ | -৬৬০ | -১,৭২৬.৯ | -৪২৯ | ৩,২১৪.৫ | ৭৮৭ | ৬০৯.১ | ১৪২ |
| বৈদেশিক মুদ্রা [৩] | -২,১৬৯.৫ | -৫৫৪ | -২,৩৫৮.৯ | -৫৯০ | -১,৪৮৪.১ | -৩৬৯ | ৩,৪৮২.৩ | ৮৫৩ | ১,০৬৯.৪ | ২৫০ |
| দায় | ৯.৫ | ২ | -২৮০.১ | -৭০ | -২৪২.৮ | -৬০ | -২৬৭.৮ | -৬৬ | -৪৬০.৩ | -১০৮ |
| তম্মধ্যে ঃ | | | | | | | | | | |
| আইএমএফ এর ঋণ | (৯.৫) | (২) | (-২৮০.১) | (-৭০) | (-২৪২.৮) | (-৬০) | (-২৬৭.৮) | (-৬৬) | (-৪৬০.৩) | (-১০৮) |
| প্রাপ্তি | (৩১৭.৪) | (৮১) | – | – | – | – | – | – | – | – |
| পরিশোধ | (৩০৭.৯) | (-৭৯) | (-২৮০.১) | (-৭০) | (২৪২.৮) | (-৬০) | (-২৬৭.৮) | (-৬৬) | (-৪৬০.৩) | (-১০৮) |
| কেন্দ্রীয় ব্যাংকের আমানত | – | – | – | – | – | – | – | – | – | – |
| বাণিজ্যিক ব্যাংকসমূহ | -১৭০.৩ | -৪৩ | -১৯০.৮ | -৪৭ | -১২৫.৩ | -৩১ | | ৬৫ | ৪৪১.৫ | ১০৩ |
| ক) সম্পদ | -১৫৭.৯ | -৪০ | -২০৬.৩ | -৫১ | ১০১.১ | -২৫ | ১০৬.১ | | ৩৭৬.৩ | ৮৮ |
| খ) দায়-[৪] | -১২.৪ | -৩ | ১৫.৫ | ৪ | -২৪.২ | -৬ | ১৬০.৪ | ৬০ | ৬৫.২ | ১৫ |

উৎস ঃ পরিসংখ্যান বিভাগ, বাংলাদেশ ব্যাংক, বার্ষিক রিপোর্ট, ১৯৯৬-৯৭, বাংলাদেশ ব্যাংক, পৃঃ ১১১২।

৩। সরকারী অনুদানসহ।

৪। ট্রেড ক্রেডিট এবং ইপিজেড-এর ট্রেড ব্যালান্স এতে অন্তর্ভুক্ত।

– = নেই।

## ৭.০ আমদানী ব্যয় ও রপ্তানী আয়

১৯৯৬-৯৭ সালে আমদানী ব্যয়ের পরিমাণ দাঁড়ায় ৩০,৪০৩.০ কোটি টাকা, যা ১৯৯৫-৯৬ সালের আমদানী ব্যয় ২৮,০৯৭.৬ কোটি টাকার তুলনায় ২,৩০৫.৪ কোটি টাকা বা শতকরা ৮.২** ভাগ বেশী [২৫]। লেনদেনের প্রকার অনুযায়ী আলোচ্য বছরে নগদ, বিনিময় ও বিশেষ বাণিজ্য এবং ধার/ঋণ/অনুদানের আওতায় আমদানীর পরিমাণ ছিল যথাক্রমে ২২,৯১৭.৫ কোটি টাকা (শতকরা ৭৫.৪ ভাগ) ১৫৩.৭ কোটি টাকা (শতকরা ০.৫ ভাগ) এবং ৫৬১৫.২ কোটি টাকা (শতকরা ১৮.৫) এবং ইপিজেড এর আমদানী ১,৭১৬.৬ কোটি টাকা (শতকরা ৫.৬ ভাগ)[২৬] (সারণি-৮)। আমদানী পণ্যের মধ্যে উল্লেখযোগ্য হলোঃ খাদ্য শস্য, দুগ্ধ ও দুগ্ধজাত দ্রব্য, তেলবীজ ও ভোজ্যতেল, সিমেন্ট, অপরিশোধিত পেট্রোলিয়াম এবং পেট্রোলিয়ামজাত দ্রব্য, রাসায়নিক দ্রব্য, সার, তুলা, সুতা, ডাইং ও টেক্সটাইল সামগ্রী ইত্যাদি।

১৯৯৬-৯৭ সালে রপ্তানী আয়ের পরিমাণ দাঁড়ায় ১৮,৮১৩.০ কোটি টাকা, যা ছিল ১৯৯৫-৯৬ সালে অর্জিত ১৫,৮৭৯.১ কোটি টাকার তুলনায় ২,৯৩৩.৯ কোটি টাকা বা শতকরা ১৮.৫ ভাগ এবং আলোচ্য বছরের লক্ষ্যমাত্রা ১৮,৩৯৬.০ কোটি টাকার (৪,৩৮০.০ মিলিয়ন ডলার) তুলনায় শতকরা ২.৩ ভাগ বেশী[২৭]। প্রধানত তৈরী পোশাক, কাঁচা পাট, চা, মৎস্য (হিমায়িত চিংড়িসহ) এবং সার খাতসমূহ থেকে রপ্তানী আয় বৃদ্ধির ফলেই আলোচ্য বছরে রপ্তানী আয় বৃদ্ধি পায় (সারণি-৯)।

---

** ডলারের হিসেবে আমদানী ব্যয় বৃদ্ধি পেয়েছ শতকরা ৩.৫ ভাগ।

২৫ বার্ষিক রিপোর্ট, ১৯৯৬-৯৭, বাংলাদেশ ব্যাংক, পৃষ্ঠা-৬০।

২৬ পূর্বোক্ত।

২৭ পূর্বোক্ত পৃষ্ঠা-৬৩

## সারণি-৮ ঃ পণ্য আমদানী (ব্যয়)

| দফা/খাতসমূহ | ১৯৯২-৯৩ | | ১৯৯৩-৯৪ | | ১৯৯৪-৯৫ | | ১৯৯৫-৯৬ | | ১৯৯৬-৯৭ (সাময়িক) | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | কোটি টাকা | মিলিয়ন মার্কিন ডলার | কোটি টাকা | মিলিয়ন মার্কিন ডলার | কোটি টাকা | মিলিয়ন মার্কিন ডলার | কোটি টাকা | মিলিয়ন মার্কিন ডলার | কোটি টাকা | মিলিয়ন মার্কিন ডলার |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ |
| মোট আমদানী (সি এন্ড এফ) (ক+খ+গ) | ১৫,৯৩৩,৯ | ৪,০৭১ | ১৬,৭৬৬.০ | ৪,১৯১ | ২৩,৪৫৪.৭ | ৫,৮৩৪ | ২৮,০৯৭.৬ | ৬,৮৮১ | ৩০,৪০৩.০ | ৭,১২০ |
| ক) খাদ্যশস্য | ৬৯০.৪ | ১৭৬ | ৬০৩.৩ | ১৫১ | ১,৯১৩.৫ | ৪৭৬ | ২,৩৯৩.০ | ৫৮৬ | ৭৬৮.৬ | ১৮০ |
| ১। চাল | (০.৯) | (-) | (৪০.৯) | (১০) | (৮৮৪.৪) | (২২০) | (১,৪৬১.৯) | (৩৫৮) | (১১৫.৩) | (২৭) |
| ২। গম | (৬৮৯.৫) | (১৭৬) | (৫৬২.৪) | (১৪১) | (১,০২৯.১) | (২৫৬) | (৯৩১.১) | (২২৮) | (৬৫৩.৩) | (১৫৩) |
| খ) খাদ্যশস্য বাদে | ১৪,৯১০.৪ | ৩,৮১০ | ১৫,৬৭৮.৩ | ৩,৯১৯ | ২০,৭৪৯.৩ | ৫,১৬১ | ২৪,৬৩৮.৮ | ৬,০৩৪ | ২৭,৯১৭.৮ | ৬,৫৩৮ |
| ১। দুগ্ধ এবং দুগ্ধজাত দ্রব্য | ২৫২.৮ | ৬৫ | ১৪৮.৬ | ৩৭ | ১৬৩.১ | ৪১ | ২১৬.৪ | ৫৩ | ২২৬.৩ | ৫৩ |
| ২। মসলা | ৯২.০ | ২৪ | ৮৯.১ | ২২ | ৬২.৬ | ১৬ | ৯৩.৯ | ২৩ | ৫১.২ | ১২ |
| ৩। তেলবীজ | ১৩৭.০ | ৩৫ | ১৫৮.১ | ৪০ | ৩২১.৮ | ৮০ | ৩৬৩.৪ | ৮৯ | ২৯৮.৯ | ৭০ |
| ৪। ভোজ্য তেল | ৫৯৬.৭ | ১৫২ | ৪৬৬.২ | ১১৭ | ৮৮৩.৪ | ২২০ | ৭৩১.০ | ১৭৯ | ৭৬৮.৬ | ১৮০ |
| ৫। নারিকেল তেল | ৭.৬ | ২ | ৯.২ | ২ | ১৬.২ | ৪ | ২০.৪ | ৫ | ১৭.১ | ৪ |
| ৬। চিনি | ৫১.৮ | ১৩ | ৫২.৯ | ১৩ | ১৩০.৪ | ৩২ | ২৪.৫ | ৬ | ২৩৪.৯ | ৫৫ |
| ৭। সিমেন্ট | ৪৪৮.৪ | ১১৫ | ৩৯৯.২ | ১০০ | ৪৬৫.২ | ১১৬ | ৬৯৮.৩ | ১৭১ | ৬৪০.৫ | ১৫০ |
| ৮। অপরিশোধিত পেট্রোলিয়াম | ৭০৯.৭ | ১৮১ | ৪৬৫.৫ | ১১৬ | ৭১১.৬ | ১৭৭ | ৬৭৭.৯ | ১৬৬ | ৯৬৯.৩ | ২২৭ |
| ৯। পেট্রোলিয়ামজাত দ্রব্য | ৬৭৩.৯ | ১৭২ | ৬৭১.৩ | ১৬৮ | ৮২৮.৩ | ২০৬ | ১,১৮৪.৩ | ২৯০ | ১,৫৯২.৭ | ৩৭৩ |
| ১০। রাসায়নিক দ্রব্য | ৪৯৫.০ | ১২৬ | ৫৭৬.৬ | ১৪৪ | ৬২৩.১ | ১৫৫ | ৮২০.৮ | ২০১ | ৯৩৯.৪ | ২২০ |

## সারণি-৮ ঃ পণ্য আমদানী (ব্যয়)

চলমান-১

| দফা/খাতসমূহ | ১৯৯২-৯৩ | | ১৯৯৩-৯৪ | | ১৯৯৪-৯৫ | | ১৯৯৫-৯৬ | | ১৯৯৬-৯৭ (সাময়িক) | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | কোটি টাকা | মিলিয়ন মার্কিন ডলার | কোটি টাকা | মিলিয়ন মার্কিন ডলার | কোটি টাকা | মিলিয়ন মার্কিন ডলার | কোটি টাকা | মিলিয়ন মার্কিন ডলার | কোটি টাকা | মিলিয়ন মার্কিন ডলার |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ |
| ১১। ঔষধ সামগ্রী | ৫০.৪ | ১৩ | ৫৯.৭ | ১৫ | ৬৫.০ | ১৬ | ৮১.৭ | ২০ | ৮৯.৭ | ২১ |
| ১২। সার | ৫১২.৭ | ১৩১ | ৫৪০.১ | ১৩৫ | ৫৭০.৯ | ১৪২ | ৩৯৬.১ | ৯৭ | ৬৪০.৫ | ১৫০ |
| ১৩। ডাইং ও টেনিং প্রক্রিয়া-জাতকরণ সামগ্রী | ১৩১.৭ | ৩৪ | ১৪৬.৫ | ৩৬ | ২০০.০ | ৫০ | ২২৪.৬ | ৫৫ | ২৫৬.২ | ৬০ |
| ১৪। তুলা | ৩২২.২ | ৮২ | ২৮৭.৯ | ৭২ | ৫৪২.৭ | ১৩৫ | ৭৫৫.৫ | ১৮৫ | ৭৬৮.৬ | ১৮০ |
| ১৫। সুতা | ৪৯৮.৩ | ১২৭ | ৬৭০.৮ | ১৬৮ | ৮০৫.৯ | ২০০ | ১,২০৮.৮ | ২৯৬ | ১,৬০১.৩ | ৩৭৫ |
| ১৬। টেক্সটাইল এবং আনুষংগিক উপকরণ | ২,৬৯০.১ | ৬৮৭ | ৩,৩৬৪.৪ | ৮৪১ | ৪,১২০.৬ | ১,০২৫ | ৪,২৫৯.২ | ১,০৪৩ | ৪,৭৮২.৫ | ১,১২০ |
| ১৭। তন্তুজাত দ্রব্য | ১২০.৫ | ৩১ | ১২৩.৭ | ৩১ | ১৬০.৮ | ৪০ | ১৭৫.৬ | ৪৩ | ২১৩.৫ | ৫০ |
| ১৮। লৌহ এবং ইস্পাত | ৪১৫.১ | ১০৬ | ৫১৮.৭ | ১৩০ | ৮২৮.১ | ২০৬ | ১,৩১৪.৯ | ৩২২ | ১,৬০১.৩ | ৩৭৫ |
| ১৯। মূলধনী দ্রব্য | ৫,২৬৬.৫ | ১,৩৪৬ | ৫,১৯৫.৯ | ১,২৯৯ | ৬,৭৮৫.৮ | ১,৬৮৮ | ৭,৮৩২.৪ | ১,৯১৮ | ৮,৫৪০.২ | ২,০০০ |
| ২০। অন্যান্য | ১,৪৩৮.০ | ৩৬৮ | ১,৭৩৩.৯ | ৪৩৩ | ২,৪৬৩.৮ | ৬১২ | ৩,৫৫৯.১ | ৮৭২ | ৩,৬৮৫.১ | ৮৬৩ |
| গ) ইপিজেড-এর আমদানি | ৩৩৩.১ | ৮৫ | ৪৮৪.৪ | ১২১ | ৭৯১.৯ | ১৯৭ | ১,০৬৫.৮ | ২৬১ | ১,৭১৬.৬ | ৪০২ |

উৎস ঃ পরিসংখ্যান বিভাগ, বাংলাদেশ ব্যাংক, বার্ষিক রিপোর্ট, ১৯৯৬-৯৭, বাংলাদেশ ব্যাংক, পৃঃ ১১৪।

– = নেই।

## সারণি-৯ ঃ পণ্য রপ্তানী (আয়)

| দফা/খাতসমূহ | ১৯৯২-৯৩ | | ১৯৯৩-৯৪ | | ১৯৯৪-৯৫ | | ১৯৯৫-৯৬ | | ১৯৯৬-৯৭ | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | কোটি টাকা | মিলিয়ন মার্কিন ডলার | কোটি টাকা | মিলিয়ন মার্কিন ডলার | কোটি টাকা | মিলিয়ন মার্কিন ডলার | কোটি টাকা | মিলিয়ন মার্কিন ডলার | কোটি টাকা | মিলিয়ন মার্কিন ডলার |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ |
| মোট রপ্তানী (এফওবি) (ইপিজেডসহ) | ৯,২৫৭.৫ | ২,৩৮৩ | ১০,০৯৭.৬ | ২,৫৩৪ | ১৩,৯২৮.৫ | ৩,৪৭৩ | ১৫,৮৭৯.১ | ৩,৮৮২ | ১৮,৮১৩.০ | ৪,৪১৮ |
| ১। কাঁচা পাট | ২৮৮.৮ | ৭৪ | ২২৭.২ | ৫৭ | ৩১৮.৭ | ৭৯ | ৩৭১.১ | ৯১ | ৪৯৫.৩ | ১১৬ |
| ২। পাটজাত দ্রব্য (কার্পেটসহ) | ১,১৩৫.৯ | ২৯২ | ১,১৩০.৯ | ২৮৪ | ১,২৭৮.৬ | ৩১৯ | ১,৩৪৫.৩ | ৩২৯ | ১,৩৫৩.৫ | ৩১৮ |
| ৩। চা | ১৫৯.৮ | ৪১ | ১৫২.১ | ৩৮ | ১৩১.৫ | ৩৩ | ১৩৫.৫ | ৩৩ | ১৬২.৪ | ৩৮ |
| ৪। চামড়া | ৫৭৪.৬ | ১৪৮ | ৬৭০.২ | ১৬৮ | ৮১০.৫ | ২০২ | ৮৬৫.৯ | ২১২ | ৮৩২.৪ | ১৯৫ |
| ৫। মাছ ও চিংড়ি | ৬৬৪.৪ | ১৭১ | ৮৮১.৮ | ২২১ | ১,২২৫.৯ | ৩০৬ | ১,২৮৩.০ | ৩১৩ | ১,৩৬৫.৭ | ৩২১ |
| ৬। তৈরী পোশাক * | ৫,৬১৪.০ | ১,৪৪৫ | ৬,১৯৯.৮ | ১,৫৫৬ | ৮,৯৫২.৯ | ২,২৩২ | ১০,৪১৭.৮ | ২,৫৪৭ | ১২,৭৭৯.৩ | ৩.০০১ |
| ৭। ন্যাপথ্য, ফারনেস অয়েল ও বিটুমিন | ১৪৩.০ | ৩৭ | ৬২.৩ | ১৬ | ৫৪.৩ | ১৪ | ৪৪.৫ | ১১ | ৭০.০ | ১৬ |
| ৮। নিউজপ্রিন্ট | ২.৭ | ১ | ১.৪ | – | – | – | – | – | – | – |
| ৯। সার | ১৯৮.৮ | ৫১ | ২০৪.৭ | ৫১ | ৩৬৩.১ | ৯১ | ৩৮৭.১ | ৯৫ | ৪৪৩.৪ | ১০৪ |
| ১০। অন্যান্য | ৪৭৫.৫ | ১২৩ | ৫৬৭.২ | ১৪৩ | ৭৯৩.০ | ১৯৭ | ১,০২৮.৯ | ২৫১ | ১,৩১১.০ | ৩০৯ |

উৎস ঃ ১। রপ্তানী উন্নয়ন ব্যুরো, বার্ষিক রিপোর্ট, ১৯৯৬-৯৭, বাংলাদেশ ব্যাংক, পৃঃ ১১৩।
* নিট ওয়্যার ও হোসিয়ারী দ্রব্যাদিসহ।
– = নেই।

## ৮.০ রেমিট্যান্স

বিদেশে কর্মরত বাংলাদেশীদের প্রেরিত অর্থ মোট জাতীয় উৎপাদনে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। সারণি-১০ থেকে দেখা যাচ্ছে যে, ১৯৮১-৮২ থেকে ১৯৯৬-৯৭ সাল পর্যন্ত কিছু ব্যতিক্রম ছাড়া প্রায় প্রতি বছরে এ অর্থের পরিমাণ ক্রমাগত হারে বাড়ছে এবং প্রবাসীদের সংখ্যা ১৯৯৪-৯৫ সালে সর্বাধিক (২০০,০০) ছিল।

সারণি-১০ ঃ বিদেশে কর্মরত বাংলাদেশীদের সংখ্যা এবং তাঁদের প্রেরিত অর্থের পরিমাণ

| বছর | প্রবাসীদের সংখ্যা ('০০০') | শ্রমজীবীদের প্রেরিত অর্থ | |
|---|---|---|---|
| | | মিলিয়ন মার্কিন ডলার | কোটি টাকায় |
| ১৯৮১/৮২ | ৬৮ | ৪১২ | ৮৪০ |
| ১৯৮২/৮৩ | ৬৪ | ৬১৭ | ১৪৮০ |
| ১৯৮৩/৮৪ | ৫০ | ৫৯৬ | ১৪৯১ |
| ১৯৮৪/৮৫ | ৬৯ | ৪৩৯ | ১১৪৬ |
| ১৯৮৫/৮৬ | ৭৮ | ৫৫৫ | ১৬৬১ |
| ১৯৮৬/৮৭ | ৬১ | ৬৯৬ | ২১৩৬ |
| ১৯৮৭/৮৮ | ৭৪ | ৭৩৭ | ২৩০৪ |
| ১৯৮৮/৮৯ | ৮৭ | ৭৭১ | ২৪৭৭ |
| ১৯৮৯/৯০ | ১১০ | ৭৬১ | ২৪৯৬ |
| ১৯৯০/৯১ | ৯৭ | ৭৬৪ | ২৭২৬ |
| ১৯৯১/৯২ | ১৮৫ | ৮৪৮ | ৩২৪২ |
| ১৯৯২/৯৩ | ২৩৮ | ৯৪৪ | ৩৬৯৮ |
| ১৯৯৩/৯৪ | ১৯২ | ১০৮৯ | ৪৩৫৫ |
| ১৯৯৪/৯৫ | ২০০ | ১১৯৮ | ২৮১৪ |
| ১৯৯৫/৯৬ | ১৮১ | ১২১৭ | ৪৯৭৮ |
| ১৯৯৬/৯৭ (জুলাই-এপ্রিল) | | ১২০৩ | ৫১১৮ |

উৎস ঃ জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো এবং বাংলাদেশ ব্যাংক।

১। বার্ষিক রিপোর্ট-১৯৯৬-৯৭, বাংলাদেশ ব্যাংক, পৃষ্ঠা-৬৫।

২। পূর্বোক্ত পৃষ্ঠা-৩।

## ৯.০ বৈদেশিক মুদ্রার রিজার্ভ

সারণি-১১ থেকে দেখা যায় যে, ১৯৯৬-৯৭ সালে দেশের বৈদেশিক মুদ্রার রিজার্ভ হ্রাস পায়। বাংলাদেশ ব্যাংকের বিনিময়যোগ্য বৈদেশিক মুদ্রার রিজার্ভ

(আন্তর্জাতিক অর্থ তহবিলে রক্ষিত রিজার্ভসহ) ১৯৯৬ সালের জুন শেষের ৮,৪৯০.৬ কোটি টাকা (২,০৩৯.০ মিলিয়ন ডলার) থেকে হ্রাস পেয়ে ১৯৯৭ সালের জুন শেষে ৭৪৮৫.৭ কোটি টাকায় (১,৭১৯.০ মিলিয়ন ডলার) দাঁড়ায়। উল্লেখ্য, সর্বোচ্চ বৈদেশিক মুদ্রার রিজার্ভের পরিমাণ ছিল ১৯৯৪-৯৫ অর্থ বছরে ১,২৩০৮.৯ কোটি টাকা। (৩,০৭০.০ মিলিয়ন মার্কিন ডলার) ১৯৯৬-৯৭ অর্থ বছরে বৈদেশিক মুদ্রার রিজার্ভের পরিমাণ বিগত ৪টি অর্থ বছর থেকে কম হওয়ার অন্যতম কারণ হিসেবে বিগত কয়েক বছরের ধারাবাহিক রাজনৈতিক অস্থিরতা উল্লেখ করা যেতে পারে। বৈদেশিক মুদ্রার রিজার্ভের বিবরণ সারণি-১১ এ দেখানো হয়েছে।

## ১০.০ বৈদেশিক মুদ্রার বিনিময় হার

১৯৮০-৮১ থেকে ১৯৯৬-৯৭ অর্থ বছরের মুদ্রার বিনিময় হার সারণি-১২তে উল্লেখ করা হলো। সারণি বিশ্লেষণে দেখা যায়, ১৯৯২-৯৩ অর্থ বছর থেকে ১৯৯৫-৯৬ অর্থ বছরের মধ্যে বিনিময় হার মোটামুটি স্থিতিশীল (৩৯.১৯-৪০.৮৪ টাকার মধ্যে) থাকলেও ১৯৯৬-৯৭ অর্থ বছরে এর ব্যতিক্রম পরিলক্ষিত হয় (১৯৯৫-৯৬ অর্থ বছরের ৪০.৮৪ টাকার স্থলে ১৯৯৬-৯৭ অর্থ বছরে এ বিনিময় হার ৪২.৭০ টাকায় দাঁড়ায়)। এবং বর্তমানে বিনিময় হার আরও বৃদ্ধি পেয়ে ৪৮.৩০ টাকায় উন্নীত হয়েছে, যা ১৯৯৭ সালের ৩০শে জুনে ছিল ৪৩.৬৫ টাকা। বিনিময় হারের ক্রমাগত অবনতির অন্যতম কারণ হিসেবে বহির্বাণিজ্যে বাংলাদেশী পণ্যের প্রতিযোগিতা ক্ষমতা বজায় রাখা এবং প্রবাসী বাংলাদেশীদের স্বদেশে অর্থ প্রেরণের উৎসাহ অক্ষুণ্ন রাখার পাশাপাশি অভ্যন্তরীণ মূল্য পরিস্থিতি স্থিতিশীল রাখার আবশ্যকতার সামগ্রিক প্রেক্ষাপটে বৈদেশিক লেনদেন ভারসাম্যের পরিবর্তনের আলোকে টাকার বিনিময় হার ক্রমাগতভাবে পুনঃনির্ধারণে নমনীয় বিনিময় হার নীতির (Flexible Exchange Rate Policy) অনুসরণ বিশেষভাবে উল্লেখযোগ্য।

### সারণি-১১ ঃ বৈদেশিক মুদ্রার রিজার্ভ

| বছর (জুন শেষের স্থিতি) | মোট রিজার্ভ | |
|---|---|---|
| | মিলিয়ন টাকা | মিলিয়ন মার্কিন ডলার |
| ১ | ২ | ৩ |
| ১৯৮০-৮১ | ৪,৫২৩ | ২৫০ |
| ১৯৮১-৮২ | ২,৬৯৮ | ১২২ |
| ১৯৮২-৮৩ | ৮,৭৬৫ | ৩৫৮ |
| ১৯৮৩-৮৪ | ১৩,৫৯৫ | ৫৩৯ |
| ১৯৮৪-৮৫ | ১১,০৬৮ | ৩৯৫ |
| ১৯৮৫-৮৬ | ১৪,৪০৮ | ৪৭৬ |
| ১৯৮৬-৮৭ | ২২,১৫১ | ৭১৫ |
| ১৯৮৭-৮৮ | ২৬,৯৬৩ | ৮৫৬ |
| ১৯৮৮-৮৯ | ২৯,৪৫৪ | ৯১৩ |

## সারণি-১১ ঃ বৈদেশিক মুদ্রার রিজার্ভ

(চলমান-১)

| বছর (জুন শেষের স্থিতি) | মোট রিজার্ভ | |
|---|---|---|
| | মিলিয়ন টাকা | মিলিয়ন মার্কিন ডলার |
| ১ | ২ | ৩ |
| ১৯৮৯-৯০ | ১৮,১৬১ | ৫২০ |
| ১৯৯০-৯১ | ৩১,৫০১ | ৮৮০ |
| ১৯৯১-৯২ | ৬২,৭১৩ | ১,৬০৮ |
| ১৯৯২-৯৩ | ৮৪,৪০৭ | ২,১২১ |
| ১৯৯৩-৯৪ | ১,১১,২৮৯ | ২,৭৬৫ |
| ১৯৯৪-৯৫ | ১,২৩,০৮৯ | ৩,০৭০ |
| ১৯৯৫-৯৬ | ৮৪,৯০৬ | ২,০৩৯ |
| ১৯৯৬-৯৭ | ৭৪,৮৫৭ | ১,৭১৯ |
| ১৯৯৭-৯৮ (১৩.০৫.৯৮) | – | ১,৯০৩ |

উৎস ঃ বাংলাদেশ ব্যাংক, বার্ষিক রিপোর্ট-১৯৯৬-৯৭, পৃঃ ১১৬।

আন্তর্জাতিক অর্থ তহবিলে রক্ষিত রিজার্ভসহ।

## সারণি-১২ ঃ বৈদেশিক মুদ্রার বিনিময় হার
## (টাকার ডলার হারের গড়)

| বছর | প্রতি মার্কিন ডলারে টাকা (বার্ষিক গড়) |
|---|---|
| ১ | ২ |
| ১৯৮০-৮১ | ১৬.৪৫৭৭ |
| ১৯৮১-৮২ | ২০.০৬৫২ |
| ১৯৮২-৮৩ | ২৩.৭৯৫৩ |
| ১৯৮৩-৮৪ | ২৪.৯৪৩৭ |
| ১৯৮৪-৮৫ | ২৫.৯৬৩৪ |
| ১৯৮৫-৮৬ | ২৯.৮৮৬১ |
| ১৯৮৬-৮৭ | ৩০.৬২৯৪ |
| ১৯৮৭-৮৮ | ৩১.২৪২২ |
| ১৯৮৮-৮৯ | ৩২.১৩৯৯ |
| ১৯৮৯-৯০ | ৩২.৯২১৪ |
| ১৯৯০-৯১ | ৩৫.৬৭৫২ |
| ১৯৯১-৯২ | ৩৮.১৪৫৩ |
| ১৯৯২-৯৩ | ৩৯.১৩৯৫ |
| ১৯৯৩-৯৪ | ৪০.০০০৯ |
| ১৯৯৪-৯৫ | ৪০.২০০৫ |
| ১৯৯৫-৯৬ | ৪০.৮৩৬৫ |
| ১৯৯৬-৯৭ | ৪২.৭০০৮ |
| ১৯৯৮এর অক্টোবর পর্যন্ত | ৪৮.৩০ |

উৎস ঃ বাংলাদেশ ব্যাংক, বার্ষিক রিপোর্ট-১৯৯৬-৯৭, পৃঃ ১১৭।

## ১১.০ অর্থনীতির গতি প্রকৃতির বিশ্লেষণে দারিদ্র

সরকারের উন্নয়ন নীতি ও লক্ষ্যসমূহের মধ্যে দারিদ্র বিমোচন একটি প্রধান লক্ষ্য। পঞ্চম পঞ্চবার্ষিক পরিকল্পনায় (১৯৯৭/৯৮-২০০১/০২) এ লক্ষ্যকে অগ্রাধিকার প্রদানসহ সংশ্লিষ্ট খাতসমূহে উন্নয়ন কর্মসূচী নির্ধারণ করা হয়েছে।

**দারিদ্র পরিস্থিতি ঃ** দেশে দারিদ্র ব্যাপক। খানার ব্যয় নির্ধারণ জরীপ ভিত্তিতে (Household Expenditure Survey-HES) মাথাপিছু দৈনিক ক্যালরী গ্রহণ মাপকাঠিতে বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর তথ্য অনুযায়ী ১৯৯১-৯২ সালে পল্লী জনগোষ্ঠীর ৪৭.৮ শতাংশ দারিদ্র সীমার নিচে ছিল যারা ২১২২ কিলো ক্যালরীর কম খাদ্য গ্রহণ করে। চরম দারিদ্র জনগোষ্ঠী ছিল ২৮.৩ শতাংশ যারা ১৮০৫ কিলো কম ক্যালরীর খাদ্য গ্রহণ করে। শহর অঞ্চলে পরিস্থিতি ছিল প্রায় একই পর্যায়ে, ৪৬.৭% দারিদ্র সীমার নিচে এবং ২৬,২% চরম দারিদ্র সীমার নিচে (সারণি-১৩.১)। ১৯৯৫ সালে এ জরীপ অনুষ্ঠিত হলেও এর তথ্যাদি প্রকাশিত হয়নি। বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো কর্তৃক ১৯৯৪ সাল হতে দারিদ্র পরিবীক্ষণ প্রকল্প বাস্তবায়িত হচ্ছে। উক্ত প্রকল্পের উদ্যোগে এপ্রিল'৯৫ তে পল্লী অঞ্চলে অনুষ্ঠিত জরীপ হতে দেখা যায় যে, বাংলাদেশের পল্লী এলাকায় ৪৭.৬ ভাগ লোক দারিদ্র সীমার নীচে বাস করে। উল্লেখ্য, প্রকল্পের আওতায় খানা ব্যয় জরীপের অন্তর্ভুক্ত নমুনা এলাকা হতে গৃহীত ৬১টি জেলায় ৭৫টি নমুনা এলাকার ২২৫০টি খানা (Household) হতে তথ্য সংগ্রহ করা হয়েছে। উক্ত জরীপ হতে প্রাপ্ত দরিদ্র গোষ্ঠীর বিভিন্ন খাদ্য হতে দৈনিক ক্যালরী গ্রহণ চিত্র সারণি-১৩.৩ এ দেখা যায়[২৮]। এ সারণি বিশ্লেষণে দেখা যায় যে, শহর ও পল্লী এলাকায় দারিদ্র সীমার নিচে বসবাসকারী লোকের সংখ্যা ক্রমাগত হারে কমছে।

দারিদ্র পরিমাপে বাংলাদেশ উন্নয়ন গবেষণা প্রতিষ্ঠান (বিআইডিএস) এর এক প্রতিবেদনে দেখা যায় যে, পল্লী অঞ্চলে শতকরা ৫০ ভাগের বেশী জনগণ দরিদ্র (৫১.৭%, ১৯৯৪সন)। এর মধ্যে চরম দরিদ্র প্রায় ২২.৫ ভাগ (সারণি-১৩.২)। প্রতিবেদনে অবশ্য পল্লী অঞ্চলে এ দরিদ্র গোষ্ঠীর জীবন যাত্রায় বিভিন্ন

---

২৮ BBS : Report of the Poverty Monitroing Survey, December, 1996

ক্ষেত্রে উন্নয়ন সাধিত হয়েছে বলে উল্লেখ রয়েছে। এর মধ্যে আর্থিক, শিক্ষা, বাসস্থান, পোশাক-পরিচ্ছদ ইত্যাদি[২৯]।

শহর ও নগরে দারিদ্র সম্প্রসারিত হচ্ছে এবং শহর অঞ্চলে দারিদ্র প্রকট আকার ধারণ করছে। যদিও বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর তথ্য অনুযায়ী (সারণি-১৩.১) ১৯৯১-৯২ সালে শহর অঞ্চলে ৪৬.৭ ভাগ দারিদ্র সীমার নীচে ছিল, ১৯৯৫ সালের শহর দারিদ্রের উপর এক জরীপে শতকরা ৬০.৮৬ ভাগ পরিবার দরিদ্র এবং শতকরা ৪০.২ ভাগ চরম দরিদ্র বলে চিহ্নিত করা হয়। দরিদ্র জনগোষ্ঠীর শতকরা ৯০ ভাগ পরিবার নিরাপদ খাবার পানি (টিউবওয়েল ও কলের পানি) এবং শতকরা ৪১ ভাগ সেনিটারী ল্যাট্রিনের সুযোগ পাচ্ছে[৩০]।

উপর্যুক্ত তথ্য বিশ্লেষণ অনেকটা সাম্প্রতিক (১৯৯৪/৯৫)। সময়ের প্রেক্ষিতে দারিদ্র পরিস্থিতির নিম্ন চিত্র দেখা যায় ঃ

বিবিএস তথ্য (HES) অনুযায়ী দারিদ্র্য পরিস্থিতির কিছুটা উন্নতি লক্ষ্য করা যায় (সারণি ১৩.২)। ১৯৮১/৮২ সাল হতে ১৯৯১/৯২ সালে পল্লী দরিদ্র জনগোষ্ঠী ৭৩.৮ শতাংশ হতে ৪৭.৮ শতাংশে হ্রাস পায় এবং চরম দরিদ্র জনগোষ্ঠী ৫২.২ শতাংশ হতে হ্রাস পায় ২৮.৩ শতাংশে। তবে লক্ষ্য করা যায় যে, ১৯৮৫-৯২

---

২৯ BIDS : 1987-1994: Dynamics of Rural Poverty in Bangladesh, April, 1996

দেশে ৬২টি জেলায়, ৬৪টি ইউনিয়ন ১২৪টি গ্রামে ১৩১৬টি পরিবারের উপর জরীপ কাজ করা হয় এবং দারিদ্র সীমা নির্ধারণের জন্য জনপ্রতি দৈনিক ন্যূনতম ২১১২ কিলো ক্যালোরী এবং ৫৮ গ্রাম প্রোটিন গ্রহণের জন্য প্রয়োজনীয় আয় সীমা নির্ধারণ করা হয়। জরীপে আশির দশকের শেষ দিক (১৯৮৭) হতে নব্বই দশকে (১৯৯৪) পল্লী দারিদ্র কিছুটা লাঘব দেখা যায় (সারণি ১৩.২)। এতে ১৯৯৪ সালের জন্য খাদ্য ও খাদ্য বহির্ভূত ব্যয়সহ দারিদ্র আয় সীমা ধরা হয় মাথাপিছু বাৎসরিক ৬২৮৭ টাকা এবং চরম দারিদ্রের জন্য ৩৭৫২ টাকা (উক্ত বছরের চলতি মূল্যে)। ১৯৮৭ সালের জন্য আয় সীমা ধরা হয়েছিল যথাক্রমে ঐ বছরের চলতি মূল্যে ৪১৫০ টাকা এবং ২৪৮০টাকা।

৩০ Study of Urban poverty in Bangladesh, April, 1996

এশীয় উন্নয়ন ব্যাংক কর্তৃক অর্থায়িত এবং পরিকল্পনা কমিশন কর্তৃক পরিচালিত এ জরীপ প্রকল্পে ১০টি শহরে (ঢাকা, চট্টগ্রাম, খুলনা, রাজশাহী, বরিশাল, সিলেট, দিনাজপুর, টাংগাইল, হাজীগঞ্জ ও পাংশা) পরিবার ভিত্তিক জরীপ পরিচালনা করা হয়েছে। উক্ত জরীপে প্রতিদিনের প্রয়োজনীয় ক্যালরী গ্রহণে খাদ্য ও খাদ্য বহির্ভূত ব্যয় নির্বাহের জন্য পারিবারিক দরিদ্র আয় সীমা ৩৫০০ টাকা এবং চরম দারিদ্রের মাসিক আয় সীমা ২৫০০টাকা এর ভিত্তিতে দারিদ্রের পরিমাপ করা হয়েছে (পরিবার ভিত্তিক ৪.৩৬ সদস্য)। তবে সার্ভেকৃত এ দরিদ্র জনগোষ্ঠীর ৮০% নিজেদের দরিদ্র বলে মনে করে এবং এ মতামতের ভিত্তিতে এ সার্ভে ৪৮% কে দরিদ্র বলে বিবেচনা করে।

সালে চরম দরিদ্র ২২ শতাংশ হতে ২৮.৩ শতাংশে বৃদ্ধি পায়। ১৯৯৫ সালের দারিদ্রে পরিবীক্ষণ জরীপে পল্লী দারিদ্র প্রায় একই পর্যায়ে (৪৭.৬%) রয়েছে বলে দেখা যায়। যদিও ১৯৯৪ সালের একই প্রকল্পের জরীপে দারিদ্র ছিল ৪৪ শতাংশ। অর্থাৎ ১৯৯৫ সালে দারিদ্র বৃদ্ধি পেয়েছে। অপরদিকে বিআইডিএস উল্লিখিত তথ্য অনুযায়ী ১৯৮৭ হতে ১৯৯৪ এ পল্লী দারিদ্র ৫৭.৫ শতাংশ হতে হ্রাস পেয়ে ৫১.৭ শতাংশে দাঁড়ায়। চরম দরিদ্র হ্রাস পেয়ে ২৫.৮ শতাংশ হতে ২২.৫ শতাংশে। দারিদ্র সীমাও দারিদ্রের ব্যবধান (Poverty gap) ২১,৭ শতাংশ হতে ১৯.২ শতাংশে হ্রাস পায় এবং এফজিটি সূচক হ্রাস পায় ১০.৯ শতাংশ হতে ৯.৬ শতাংশে[৩১]। তবে বিবিএস এর তথ্যের তুলনায় পল্লী দারিদ্র বৃদ্ধি এ ক্ষেত্রে লক্ষ্যণীয়।

শহর দারিদ্রের ক্ষেত্রে বিবিএস এর তথ্য অনুযায়ী ১৯৯১/৯২ পর্যন্ত শহর দারিদ্র ছিল ৪৬.৭ শতাংশ। পরিকল্পনা কমিশন ষ্টাডিতে ১৯৯৫ সালে শহর দারিদ্র ছিল প্রায় ৬১ শতাংশ[৩২]। বিভিন্ন সংস্থার দারিদ্র পরিস্থিতির বিভিন্ন চিত্র পাওয়া গেলেও তা দেশে ব্যাপক দারিদ্র নির্দেশ করে। পল্লী অঞ্চলে প্রাকৃতিক, ব্যাধি ও অন্যান্য কারণজনিত দুর্যোগ মোকাবেলায় (Crisis Coping) আয়ের অনেকাংশ লাঘব পায় যা পল্লী দরিদ্র জনগোষ্ঠীর ক্ষেত্রে আয়ের ২২% চরম দরিদ্রের ক্ষেত্রে ২৭%[৩৩]।

পল্লী অঞ্চলে অসম ভূমি মালিকানা এবং শহর ও পল্লী অঞ্চলে অসম আয় বন্টন কর্মসংস্থানের অভাব এবং সার্বিকভাবে অর্থনৈতিক প্রবৃদ্ধির নিম্নহার দারিদ্র পরিস্থিতিকে প্রভাবান্বিত করে। বিআইডিএস এর উল্লিখিত জরীপে (যাতে পল্লী দারিদ্র ৫১.৭% দেখানো হয়েছে) সর্বোচ্চ আয়ের ১০% পরিবার মোট জমির ৫০.৬% জমির মালিক, মধ্যম ৪০%, ২৮% জমির মালিক এবং সর্বনিম্ন ৪০%, ২% জমির মালিক। এদের মাথাপিছু আয়ের বৈষম্য যথাক্রমে ৩১.৬%, ৩৫.৮% এবং ১৫.৭%। দারিদ্র্য সীমার মধ্যে ০.৫ একর জমির মালিকানায় দরিদ্র জনগোষ্ঠী প্রায় ৬৪.৭[৩৪]।

---

৩১ বিআইডিএস এর ষ্টাডিতে ১৯৮৭ হতে ১৯৮৯/৯০ সময়কালে দারিদ্র ৫৭.৫% হতে ৫৯.৩% এ বৃদ্ধি এবং ১৯৮৯/৯০ হতে ১৯৯৪এ ৫৯.৩% হতে ৫১.৭% এ হ্রাস পায়। ১৯৮৯/৯০ সালের দারিদ্র পরিস্থিতির জন্য ১৯৮৭-৮৮ সালের ভয়াবহ বন্যা কারণ হতে পারে বলে উল্লেখ আছে।

৩২ বার্ষিক রিপোর্ট, ১৯৯৬-৯৭, বাংলাদেশ ব্যাংক, পৃষ্ঠা-৮৫।

৩৩ পূর্বোক্ত

৩৪ পূর্বোক্ত

সারণি-১৩.১ ঃ ক্যালরী গ্রহণ ভিত্তিক দারিদ্র ও চরম দারিদ্র (%)

| দারিদ্রের ধারণ | | ১৯৮১/৮২ | ১৯৮৩/৮৪ | ১৯৮৫/৮৬ | ১৯৮৮/৮৯ | ৯৯১/৯২ |
|---|---|---|---|---|---|---|
| দারিদ্র | পল্লী | ৭৩.৮ | ৫৭.০ | ৫১.০ | ৪৮.০ | ৪৭.৮ |
| | শহর | ৬৬.০ | ৬৬.০ | ৫৬.০ | ৪৭.৬ | ৪৬.৭ |
| চরম দারিদ্র | পল্লী | ৫২.২ | ৩৮.০ | ২২.০ | ২৮.৬ | ২৮.৩ |
| | শহর | ৩০.৭ | ৩৫.০ | ১৯.০ | ২৬.৪ | ২৬.২ |

উৎস ঃ বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (পরিসংখ্যান পকেট বই, ১৯৯৬)

দারিদ্র সীমা ঃ প্রতিদিন মাথাপিছু ২১২২ ক্যালরীর কম গ্রহণ হিসাবে

চরম দারিদ্র ঃ প্রতিদিন মাথাপিছু ১৮০৫ ক্যালরীর কম গ্রহণ হিসাবে।

**১২.০ দারিদ্র বিমোচন কর্মসূচী ঃ** দারিদ্র বিমোচনে অর্থনৈতিক প্রবৃদ্ধির হার বৃদ্ধি ও ত্বরান্বিত করাসহ সার্বিক সামষ্টিক অর্থনৈতিক উন্নয়ন আবশ্যক। দরিদ্র জনগোষ্ঠীর যাতে দারিদ্র লাঘব এবং টেকসই (Sustainable) উন্নয়ন হয়, সে জন্য তাদের কর্মসংস্থান বৃদ্ধির সাথে মাথাপিছু আয় এবং সঞ্চয় বৃদ্ধি পেতে হবে। যার ফলে তাদের নিজস্ব অর্থনৈতিক কর্মকান্ড সৃষ্টি হয় এবং বিভিন্ন সামাজিক খাত (শিক্ষা, পুষ্টি, স্বাস্থ্য, বাসস্থান ইত্যাদি) উন্নয়নের মাধ্যমে জীবনযাত্রার মান উন্নয়ন হয়। কৃষিখাতে অসম ভুমি ব্যবস্থাপনা লাঘব সাপেক্ষে পল্লী অঞ্চলে বিভিন্ন অকৃষি খাতসহ শহর অঞ্চলে কর্মসংস্থান বৃদ্ধি প্রয়োজন এবং এর জন্য শিল্প, ব্যবসা ও অন্যান্য সেবা খাতসহ অর্থনৈতিক কাঠামো উন্নয়ন গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে। এর সাথে মুদ্রাস্ফীতি নিয়ন্ত্র (বিশেষ করে খাদ্য বহির্ভূত দ্রব্যাদির) এবং দরিদ্র জনগোষ্ঠীর প্রকৃত আয় বৃদ্ধিতে সহায়ক হবে।

দরিদ্রের কর্মসংস্থান ও আয় বৃদ্ধি এবং তাদের উন্নয়নের জন্য সরকারী ও এনজিওদের কর্মসূচী রয়েছে। সরকারী পর্যায়ে বিভিন্ন মন্ত্রণালয় ও সংস্থা, যথাঃ কৃষি মন্ত্রণালয়, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি), স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প সংস্থা ইত্যাদির কর্মসূচী রয়েছে। এছাড়া, কাজের বিনিময়ে খাদ্য, ভি জি ডি কর্মসূচী, গ্রামীণ সড়ক/অবকাঠামো নির্মাণ/রক্ষণাবেক্ষণ প্রভৃতি দরিদ্রদের জন্য কর্ম সৃষ্টি করছে। অপরদিকে, শিক্ষা সম্প্রসারণ কর্মসূচী, যথাঃ শিক্ষার জন্য খাদ্য, ছাত্রীদের জন্য বিশেষ বৃত্তি ও আর্থিক সাহায্য, অবৈতনিক প্রাথমিক শিক্ষা প্রভৃতি সরাসরি শিক্ষার ব্যয়ভার লাঘব করছে। সমাজ কল্যাণ, নারী ক্ষমতায়ন, শিশু অধিকার বিষয়ে এক সামাজিক সচেতনতা পরিলক্ষিত হচ্ছে যা তাদেরকে উন্নত জীবন যাপনে উৎসাহিত করে দারিদ্র বিমোচনে সহায়তা করতে পারে।

সারণি ঃ ১৩.২ পল্লী অঞ্চলে দারিদ্রের পরিবর্তন (%), ১৯৮৭-১৯৯৪ (বি আই ডি এস ষ্টাডি)

| সূচক | ১৯৮৭ | ১৯৮৯-৯০ | ১৯৯৪ |
|---|---|---|---|
| চরম দরিদ্র | ২৫.৮ | ৩০.৭ | ২২.৫ |
| দরিদ্র | ৩১.৭ | ২৮.৬ | ২৯.২ |
| দরিদ্র ও চরম দরিদ্র | ৫৭.৫ | ৫৯.৩ | ৫১.৭ |
| দারিদ্র ব্যবধান (Poverty gap) অনুপাত (%) | ২১.৭ | ২৪.৮ | ১৯.২ |
| এফজিটি অনুপাত | ১০.৯ | ১৩.৫ | ৯.৬ |

উৎস ঃ ১৯৮৭-১৯৯৪ঃ ডায়নামিক্স অফ রুরাল পোভার্টি ইন বাংলাদেশ, বিআইডিএস, এপ্রিল, ১৯৯৬।

সারণি-১৩.৩ ঃ পল্লী অঞ্চলে দরিদ্র জনগোষ্ঠীর বিভিন্ন খাদ্য হতে দৈনিক মাথাপিছু ক্যালোরী গ্রহণের তুলনামূলক বিবরণ, ১৯৯৫

| খাদ্য | খানা (Household) | | | খানার % | | দরিদ্র থেকে |
|---|---|---|---|---|---|---|
| | সচ্ছল | দরিদ্র | সচ্ছল | দরিদ্র | সচ্ছল | সচ্ছলের বৃদ্ধি (%) |
| চাল | ১৫৩৩.২৯ | ১৩৯০.৯৯ | ১৬৬৩.৩৪ | ৯০.৭২ | ১০৮.৪৮ | ১৯.৫৮ |
| অন্যান্য খাদ্য শস্য | ১৭৭.০২ | ১৮২.৬৫ | ১৭১.৮৯ | ১০৩.১৮ | ৯৭.১০ | (-) ৫.৮৯ |
| আলু | ৪৪.৫৪ | ৪১.৬১ | ৪৭.২৩ | ৯৩.৪২ | ১০৬.০৪ | ১৩.৫১ |
| শাক সবজী | ৫৯.৪২ | ৪৮.২৩ | ৬৯.৬৫ | ৮১.১৭ | ১১৭.২২ | ৪৪.৪১ |
| ডাল | ৮৭.৫২ | ৬৪.৪৫ | ১০৮.৬০ | ৭৩.৬৪ | ১২৪.০৮ | ৬৮.৫০ |
| ভোজ্য তৈল | ৯৮.৫৪ | ৬৯.৩৩ | ১২৫.২২ | ৭০.৩৬ | ১২৭.০৭ | ৮০.৬১ |
| দুধ ও দুগ্ধজাত দ্রব্য | ১৮.৬৫ | ১০.৭২ | ২৫.৯০ | ৫৭.৪৮ | ১৩৮.৮৭ | ১৪১.৬০ |
| মাংস | ১৩.৪৮ | ৫.৩৬ | ২০.৮৮ | ৩৯.৭৯ | ১৫৫.০১ | ১৮৯.৫৫ |
| মাছ | ৬৮.০০ | ৩৪.১৬ | ৯৮.৯২ | ৫০.২৩ | ১৪৫.৪৭ | ১৮৯.৫৮ |
| ডিম | ৭.৭০ | ৪.৬৮ | ১০.৪৭ | ৬০.৭৮ | ১৩৫.৯৭ | ১২৩.৭২ |
| ফল | ১১.৩৬ | ৫.৭৯ | ১৬.৪৬ | ৫০.৯৭ | ১৪৪.৮৯ | ১৮৪.২৮ |
| চিনি ও গুড় | ৫৪.৩৬ | ২৬.১৫ | ৮০.১৪ | ৪৮.১১ | ১৪৭.৪২ | ২০৬.৪৬ |
| মসলা | ৫৮.৭৬ | ৩৮.০৬ | ৭১.৫৪ | ৬৪.৭৭ | ১২১.৭৫ | ৮৭.৯৭ |
| গড় ক্যালরি গ্রহণ | ২২৩২.৬৩ | ১৯২২.১৮ | ২৫১০.২৪ | ৮৬.০৯ | ১১২.৪৩ | ৩০.৫৯ |
| গড় হতে কম/বেশী ক্যালরি গ্রহণ | | | | (-)১৩.৯ | (+)১২.৪৩ | |

উৎস ঃ বাংলাদেশ পরিসংখ্যান বুরোর "দারিদ্র পরিস্থিতির নিয়মিত ও ধারাবাহিক পরিবীক্ষণ প্রকল্প"।

দরিদ্র ঃ মাথাপিছু দৈনিক ২১২২ কিলো ক্যালোরীর কম গ্রহণ।

বিপিএটিসি গ্রন্থাগার সাময়িকী শাখা তারিখ সাভার, ঢাকা

## ১৩.০ উপসংহার

অর্থনৈতিক প্রবৃদ্ধি অর্জনের লক্ষ্যে বিনিয়োগের অনুকূল পরিবেশ সৃষ্টি করার জন্য অর্থনৈতিক ক্ষেত্রে সার্বিক স্থিতিশীলতা বজায় থাকা প্রয়োজন। শিল্প খাতে বেসরকারী উদ্যোগই হবে উন্নয়নের চালিকা শক্তি। তাই শিল্পে বিনিয়োগকারীদের উৎসাহিত করার লক্ষ্যে বিদ্যমান বিভিন্ন প্রতিবন্ধকতা, যথা; আইন, বিধি, প্রবিধান, নীতিমালার অসঙ্গতি প্রভৃতি যথাশীঘ্র সম্ভব দূর করার ব্যবস্থা নেয়া দরকার। তদুপরি, বিদ্যুৎ ও গ্যাসের প্রয়োজনীয় সরবরাহ নিশ্চিত করা একান্ত আবশ্যক। বিদেশী বিনিয়োগ উৎসাহিত করার লক্ষ্যে ইতোমধ্যে বেসরকারী রপ্তানী প্রক্রিয়াকরণ অঞ্চল প্রতিষ্ঠার জন্য যে আইন পাশ করা হয়েছে, তা বাস্তবায়নের জন্য ত্বরিৎ উদ্যোগ নেয়া দরকার। সর্বাত্মক প্রচেষ্টার মাধ্যমে দেশের সম্ভাবনাময় বন্ধ ও রুগ্ন শিল্প কলকারাখানগুলোকে চালু করা গেলে শিল্প উৎপাদন ভবিষ্যতে আরো বৃদ্ধি পাবে বলে ধারণা করা যায়। তবে, এক্ষেত্রে সতর্কতামূলক ব্যবস্থা অবলম্বন করা প্রয়োজন। এছাড়া, বৃহৎ ও মাঝারী শিল্পের বিরাষ্ট্রীয়করণ প্রক্রিয়া আরো জোরদার করতে হবে। মুক্ত বাজার অর্থনৈতিক নীতিমালা অনুসরণ করে ব্যক্তি উদ্যোগ, বেসরকারী বিনিয়োগ ও ব্যক্তিমালিকানাধীন শিল্প খাতকে সকল সহায়তা ও উৎসাহ প্রদান প্রক্রিয়া আরো জোরদার করা প্রয়োজন[৩৫]।

বাংলাদেশের দ্রুত উন্নয়ন প্রচেষ্টাকে বাস্তবে রূপ দিতে হলে শুধু সীমিত অভ্যন্তরীণ বাজারের উপর নির্ভরশীল না থেকে দেশীয় পণ্যের জন্য বহির্বিশ্বে চাহিদা অনুযায়ী আন্তর্জাতিক মানসম্পন্ন পণ্য উৎপাদনের লক্ষ্যে দেশের শিল্প প্রতিষ্ঠানসমূহের বাস্তবধর্মী উদ্যোগ নেয়া খুবই জরুরী। রপ্তানী-চালিত প্রবৃদ্ধি-কৌশল (Export-led growth-strategy) অবলম্বন অব্যাহত রেখে দেশের রপ্তানী শিল্পকে অগ্রাধিকারের ভিত্তিতে দ্রুত সম্প্রসারণের জন্য বাস্তবমুখী পদক্ষেপ নেয়া প্রয়োজন। ভবিষ্যতে আমদানী উদারীকরণের মাধ্যমে রপ্তানীমুখী শিল্পকে উৎসাহ দেয়ার সাথে সাথে দেশজ শিল্পের সংরক্ষণ ও প্রয়োজনীয় সুযোগ-সুবিধা প্রদানের প্রতি লক্ষ্য রাখতে হবে। দ্রুত রপ্তানী বৃদ্ধির জন্য নতুন নতুন পণ্য উদ্ভাবন ও বাজার সম্প্রসারণের প্রচেষ্টা অব্যাহত রাখতে হবে। রপ্তানীকারকদের বর্তমানে দেয়া সুযোগ সুবিধা চালু রেখে আরো নতুন নতুন রপ্তানীমুখী শিল্প প্রতিষ্ঠার জন্য দেশীয় শিল্পপতিদের উৎসাহিতকরণের লক্ষ্যে সক্রিয় উদ্যোগ নিতে হবে[৩৬]।

---

৩৫ পূর্বোক্ত, পৃষ্ঠা-৫।
৩৬ পূর্বোক্ত।

আন্তর্জাতিক বাণিজ্য আরো উদারীকরণসহ অর্থনৈতিক ব্যবস্থাপনা বাস্তবমুখী ও গতিশীল করার ফলে অর্থনৈতিক কার্যক্রমে অধিকতর সাফল্য অর্জিত হবে বলে আশা করা যায়। নমনীয় বিনিময় হার নীতি, সতর্ক ও বাস্তবানুগ মুদ্রানীতি, রাজস্ব নীতি ও মুদ্রা নীতির কাঙ্ক্ষিত সমন্বয় এবং রপ্তানী আয়ের সাথে সঙ্গতি রেখে ও বৈদেশিক মুদ্রা রিজার্ভের পরিমাণ বিবেচনায় রেখে আমদানী নীতি প্রণয়ন করা প্রয়োজন বলে মনে হয়। তবে, রপ্তানী বৃদ্ধির লক্ষ্যে সকল প্রকার প্রয়াস অনিবার্য বলে প্রতীয়মান হয়। এছাড়া, আর্থ-সামাজিক স্থিতিশীলতা ও বৈদেশিক সাহায্য/বিনিয়োগ বৃদ্ধির জন্য আবশ্যক। সামাজিক ও অর্থনৈতিক স্ব-নির্ভরশীলতা অর্জনের লক্ষ্যে ক্রমবর্ধমান হারে অভ্যন্তরীণ সম্পদ আহরণের জন্য সরকারের রাজস্ব নীতি ও ব্যবস্থাপনার উন্নতি সংক্রান্ত সংস্কার কর্মসূচী জোরদার করতে হবে, যাতে তা উৎপাদনশীল ও অধিক কর্মসংস্থান সৃষ্টিকারী প্রকল্পসমূহকে অগ্রাধিকার প্রদানের মাধ্যমে মোট দেশজ উৎপাদন বৃদ্ধিতে সহায়ক ভূমিকা পালন করতে পারে[৩৭]। প্রবাসীদের প্রেরিত অর্থের ক্রমবৃদ্ধি, বৈদেশিক বিনিয়োগ এবং মূল্যস্তরে স্থিতিশীলতা অর্জন এবং জনগণের ক্রয়ক্ষমতা বৃদ্ধি করতে পারলে ভবিষ্যতে দেশ দ্রুত উন্নয়নের দিকে এগিয়ে যেতে সক্ষম হবে।

দেশের সার্বিক অর্থনৈতিক কর্মকান্ড জোরদার করার লক্ষ্যে গৃহীত সংস্কারমূলক কর্মসূচীসমূহ ইতোমধ্যেই অর্থনীতির বিভিন্ন ক্ষেত্রে বেশ কিছু সুফল বয়ে আনতে শুরু করেছে বলে প্রতীয়মান হয়। সার্বিক অর্থনৈতিক উন্নয়ন ও দারিদ্র বিমোচনের লক্ষ্যে গৃহীত পদক্ষেপসমূহের সফল বাস্তবায়ন সম্ভব হলে মোট দেশজ উৎপাদন বৃদ্ধির হার আগামী বছরগুলোতে উল্লেখযোগ্যভাবে বৃদ্ধি পাবে বলে আশা করা যায়। তবে স্মর্তব্য যে, অর্থনৈতিক কর্মকান্ডে বর্ধিত গতিশীলতা ও প্রবৃদ্ধির হারের ক্রম-উন্নতি দেশের আর্থ-সামাজিক এবং রাজনৈতিক স্থিতিশীলতা ও আইন-শৃঙ্খলা পরিস্থিতির উন্নতির উপর অনেকাংশে নির্ভর করে।

---

৩৭ পূর্বোক্ত

## সহায়ক গ্রন্থপঞ্জি

১। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার। অর্থ মন্ত্রণালয়, ১৯৯৮। *বাংলাদেশ অর্থনৈতিক সমীক্ষা।*

২। বাংলাদেশ ব্যাংক, *বার্ষিক রিপোর্ট*, ১৯৯৬-৯৭

৩। আব্বাছ, এস, এম, আলী, ১৩৯৬। *বাংলাদেশের বাণিজ্য কাঠামো ও বাণিজ্যনীতি ঃ একটি সামগ্রিক পর্যালোচনা,* প্রশাসন সমীক্ষা, ৩য় বর্ষ, ২য় সংখ্যা, কার্তিক।

৪। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, ১৯৯৫। *বাংলাদেশ পরিসংখ্যান বর্ষপঞ্জী* ১৯৯৬-৯৭, ঢাকা ঃ বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো।

৫। Rahman, Atiq and Haque, Trina. 1988. *Poverty and Inequality in Bangladesh in the Eighties : An Analysis of Some Recent Evidence (Report No. 91).* Dhaka : Bangladesh Institute of Development Studies, December.

৬। Rahman Atiq et al. 1988. *A Critical Review of the Poverty Situation in Bangladesh in the Eighties (Research Report No.66),* Dhaka : Bangladesh Institute of Development Studies,.

৭। The World Bank, 1989. *Bangladesh : Recent Economic Development and Short term Prospects.* Washington, D. C.

৮। The World Bank, *World Tables 1989-90.*

৯। The World Bank, *World Development Report.* 1991-1997.

১০। Government of the People's Republic of Bangladesh.1996. Bangladesh Bureau of Statistics : *Report of the Poverty Monitoring Survey.*

১১। BIDS : 1987-1994 *Dynamics of Rural Poverty in Bangladesh,* April, 1996

১২। আহমেদ, নাসির উদ্দিন ও তারেক, মোহাম্মদ, ১৯৯৩। *উন্নয়ন অর্থনীতি ঃ বাংলাদেশ পরিপ্রেক্ষিত,* ঢাকা ঃ বাংলা একাডেমী।

লোক প্রশাসন সাময়িকী
দ্বাদশ সংখ্যা,  সেপ্টেম্বর ৯৮, আশ্বিন ১৪০৫

# প্রাতিষ্ঠানিক যোগাযোগ ঃ কতিপয় কৌশল

মোঃ হাসিবুর রহমান *

## ১.০ ভূমিকা

প্রতিষ্ঠান বলতে বুঝায় দফতর বা অফিস। দফতর কথার পারিভাষিক অর্থ হচ্ছে কাগজের স্তুপ। শব্দটির উৎস ফারসি ভাষা। লিখিত কাগজের স্তুপ সম্বলিত স্থানই দফতর বা অফিস বা প্রতিষ্ঠান। যোগাযোগ বলতে বুঝায় একজনের সঙ্গে আরেকজনের তথ্য বা সংবাদের বিনিময়। Knowledge is power। আমরা জ্ঞানের মাধ্যমে ক্ষমতাশালী হয়ে থাকি। এই জানাটা সম্ভব হয় যোগাযোগের মাধ্যমে। যোগাযোগের ইংরেজী Communication, যার উৎস হচ্ছে ল্যাটিন শব্দ Communis বা Communique যার অর্থ হচ্ছে যথাক্রমে "Commonness" এবং "Communicate" নিজের সাথে জড়িত আরেকজনের (Common) নিকট নিজের মত সরবরাহ বা প্রেরণ করাই হচ্ছে যোগাযোগ। অফিসের কাজ কর্মে ৯০% কাজই (আমেরিকার ব্যবস্থাপনা সমিতি- American Management Association (A. M. A) এর পরিসংখ্যান মতে) যোগাযোগের সঙ্গে সম্পৃক্ত তা হয় মৌখিক, লিখিত, অথবা সাংকেতিক। এক এক স্থানে এক এক ভাবে যোগাযোগ সাধিত হয়। সচিবালয়ে লিখিত; জেলা প্রশাসনে লিখিত ও মৌখিক, পুলিশ প্রশাসনে বা ট্রাফিক সিগন্যালে লিখিত, মৌখিক ও সাংকেতিক। এই যোগাযোগ অসম্ভব হলে, এই যোগাযোগে ভুল বুঝাবুঝি সৃষ্টি হলে, এই যোগাযোগে কোন গাফিলতি বা অনিচ্ছা বা অসন্তোষ থাকলে, প্রতিষ্ঠান, অফিস বা দপ্তর ঠিকমত চলতে পারে না। রাষ্ট্র, সরকার, জনগণ, রাষ্ট্রীয় নির্দিষ্ট ভূখন্ডের সার্বভৌমত্ব সবই পরিচালিত হয় যোগাযোগের মাধ্যমে। যোগাযোগে অবক্ষয় সর্বক্ষেত্রেই অবক্ষয়ের সৃষ্টি করে থাকে। সুতরাং দাপ্তরিক যোগাযোগ ব্যতিত সমস্ত অফিসই অচল।

* পরিচালক, বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র, সাভার, ঢাকা।

## ২.০ প্রশাসনিক ব্যবস্থাপনায় যোগাযোগ

এ ক্ষেত্রে একটি প্রবাদ আছে "If you cannot communicate you cannot manage" প্রাতিষ্ঠানিক যোগাযোগ মানবদেহের স্নায়ুতন্ত্রের মত কাজ করে থাকে। স্নায়ুতন্ত্র দুর্বল হয়ে পড়লে যেমন দেহ অচল হয়ে পড়ে, তেমনি যোগাযোগে অব্যবস্থা বিরাজ করলে প্রতিষ্ঠান দুর্বল হয়ে পড়ে। জানাটাই হলো সঠিক যোগাযোগের মাধ্যম। এটাই মানুষ, প্রতিষ্ঠান, সরকার ও রাষ্ট্রকে করে তোলে শক্তিশালী। শুধু জানার অভাবে এবং সঠিক তথ্যের অভাবেই মানুষ, প্রতিষ্ঠান, সরকার ও রাষ্ট্রকে ঠকতে হয়, লোকসানের ভাগী হতে হয়। এ সমস্ত তথ্যের অভাবকে বলা হয়ে থাকে "Communication gap"।

প্রাতিষ্ঠানিক যোগাযোগের ভুলে কিরূপ ক্ষতি হতে পারে তার দু'একটি উদাহরণ এখানে দেয়া হলো। ঘটনাগুলো সবই ঐতিহাসিক। বিসমার্কের অস্পষ্ট চিঠি ফ্রান্সকে রাগিয়ে তুলেছিল। যেই, ফ্রান্স চিঠি পেয়ে রেগে গিয়ে জার্মানীর উপর ঝাঁপিয়ে পড়লো তখনি জার্মান রাজ্যের সমস্যার সমাধান হলো এবং Unification of Germany সমস্যাটিরও সমাধান হলো। নেপোলিয়নের প্রথম বারের পরাজয় রাশিয়ার Winter general এর নিকট সঠিক তথ্যেরই অভাবে। দ্বিতীয় বার লর্ড ওয়েলিংটনের হাতে ওয়াটারলুর পরাজয়েও তিনি মার্শাল গ্রাউচীর সঙ্গে যোগাযোগ থেকে বঞ্চিত হয়েছিলেন। সে সময় মার্শাল ব্যস্ত ছিলেন প্রুশিয়ার একটি বিচ্ছিন্ন দলকে পিছু হঠাতে। সে দল পরে ওয়েলিংটনের সঙ্গে যোগ দেয় এবং মার্শাল গ্রাউচীর জানাই ছিল না যে নেপোলিয়নকে ততক্ষণে শেষ বারের মত সেন্ট হেলেনাতে নির্বাসন দেয়া হচ্ছে পরিবার পরিজন ছাড়া একা অবস্থায় (প্রথম বারে তাকে পরিবার পরিজনসহ নির্বাসনে দেয়া হয়েছিল সেন্ট আলভাতে, সে স্থান হতে তার নিজ দেশ ফ্রান্স তাকে উদ্ধার করে, তার শত্রু পক্ষের তার সম্পর্কে সঠিক তথ্যের অভাবে)। বিক্রমপুরের বাবা আদম ও বল্লাল সেনের ঘটনাটিও (১১৫৮-১১৮৯) এই ধরনের যোগাযোগ সম্পর্কিত। বল্লালসেন বাবা আদমকে বাবা আদমেরই বাতলানো উপায়ে হত্যা করতে সমর্থ হবার পরও পকেট থেকে কবুতর উড়ে রাজবাড়ীতে ভুল তথ্য পরিবেশন করার ফলে রাণী সপরিবারে খুবই দুঃখজনকভাবে আগুনে ঝাঁপ দিয়ে মারা যান। রাজা বল্লালসেন সঠিক সময়ের পরে বাড়ী পৌঁছে দেখেন সব শেষ। তখন নিজেও আত্মহত্যা করেন। ইরানের কবি আবুল কাশেম ফেরদৌসী রচিত শাহনামা গ্রন্থের সোহরাব রোস্তমের কাহিনীও যোগাযোগ সম্পর্কিত। আলবুরুজ পর্বতমালার পাদদেশে তাতার বাহিনী ও তুরান বাহিনী পিতা ও পুত্রকে তাদের স্বার্থে ব্যবহার করেন। তাহমিনা পুত্র সোহরাব, রুদাবা পুত্র রোস্তম। দুইজনের সম্পর্ক পিতা-পুত্রের। পরিচয় গোপন করে রোস্তমের হাতে হত্যা করা হয় পুত্র সোহরাবকে।

তাহমিনার বেঁধে দেয়া বাজুবন্ধ দেখে রোস্তম নিজ সন্তানকে হত্যার পর চিনতে পারলো। সোহরাব এই বলতে বলতে মারা গেল যে, তার পিতা রোস্তম জানতে পারলে তার ছেলের হত্যাকারীকে জ্যান্ত রাখবে না। সঠিক সময়ে সঠিক পরিচয়ের অভাবে সোহরাব মারা গেল। সঠিক সময়ে যোগাযোগের গুরুত্ব যে কত অপরিসীম, উপরের উদাহরণ হতেই তা স্পষ্ট।

## ৩.০ স্থান কাল ও পাত্র ভেদে যোগাযোগের ধরন

যোগাযোগ তিন প্রকার ঃ লিখিত, মৌখিক ও সাংকেতিক। সচিবালয় নির্দেশমালা (১৯৭৬) মোতাবেক ১৩ প্রকার পত্রের যে কোন এক প্রকারের নির্ধারিত পত্র ব্যতীত যদি কেউ যোগাযোগ করেন; নাম, স্বাক্ষর ও তারিখ বিহীন সেই যোগাযোগ গ্রহণীয় নয়। কারণ, এই ধরনের যোগাযোগ বিসমার্কের মত শত্রু পক্ষের অস্পষ্ট যোগাযোগও হতে পারে বিভ্রান্ত করার জন্য। তাই সচিবালয়ে যে কোন পত্র ডাইরী করার সময় এবং পত্রের উপর ব্যবস্থা গ্রহণের সময় এই সমস্ত বিষয় দেখে নিতে হয়। তবে বেনামী পত্রে সরবরাহকৃত তথ্য তদন্ত করে দেখে নিতে দোষ নেই। সব ধরনের লিখিত যোগাযোগেই এই বিষয়গুলো অনুসরণ করা হয়ে থাকে।

মৌখিক যোগাযোগ ঘর সংসার হতে শুরু করে অফিস, আদালত, দোকান পাট, রাস্তাঘাট, সব স্থানেই চলে। অনেক সময় লিখিতভাবে অনেক তথ্য পরিষ্কার করা সম্ভব হয় না। তাই সচিবালয়ে বা অফিস আদালতের নথিতে লিখা হয়ে থাকে 'আলাপ করুন'। মৌখিক যোগাযোগে ভুলের সম্ভাবনা অনেক। অনেক ক্ষেত্রে বলার সময় সব কথা ঠিকমত শুনা হয় না অবচেতন মনের জন্য। তখন অনেক ভুল বুঝাবুঝি হয়। উচ্চারণ ভঙ্গির জন্য ইংরেজিতে কাগজ (পেইপার) চাইলে দোকানী মরিচ (পিপার) বুঝে বসতে পারেন। গলার কাশিতে প্রথম শব্দটি বের হলনা, পরের শব্দগুলো প্রথমটি বাদ দিয়ে বুঝলে সম্পূর্ণ ভিন্ন অর্থ হতে পারে। বিশেষ করে টেলিফোনে কথা বলার সময় যান্ত্রিক গোলযোগ বা কারিগরী ক্রটির জন্য অনেক ভুল বুঝাবুঝির সৃষ্টি হতে পারে।

মৌখিক যোগাযোগের নিরাপত্তা খুবই কম। এতে সাবধানতা অবলম্বনের দরকার খুবই বেশী। একজনে কিছু বলে আবার পরে তা অস্বীকার করে বসতে পারে। বলেছে কিনা তার আবার সাক্ষ্য প্রমাণ দরকার আছে। তাই প্রাতিষ্ঠানিক যোগাযোগে "Everything should be in Black and white"। লিখিতভাবে দলিল পত্রে না থাকলে কোন তথ্যই নির্ভরযোগ্য নয়। মুখের কথা অনেক সময় চালাকিও হতে পারে।

সাংকেতিক যোগাযোগ ট্রাফিক আইনে গৃহীত হলেও সচিবালয়, জেলা অফিস বা অন্যান্য প্রতিষ্ঠানে তা গ্রহণীয় নয়। অনেক ক্ষেত্রে এটি দোষেরও হয়ে থাকে।

দন্ডবিধিতে বিকৃত অঙ্গভঙ্গি শাস্তিযোগ্য অপরাধও বটে। মানুষকে অপরাধে প্রলুব্ধ ও প্রভাবান্বিত করে এমন অঙ্গভঙ্গি (হাত, জিহ্বা, চক্ষু ইত্যাদি) দন্ডবিধিতে (Penal code) শাস্তিযোগ্য অপরাধ, যদি সাক্ষী সাবুদে প্রমাণ করা যায়। কিন্তু ট্রাফিক আইনে লাল-নীল বাতির সংকেত, ট্রাফিক পুলিশের (সার্জেন্ট, কনস্টেবল প্রমুখ) হাত বা আঙ্গুলের সংকেত ইত্যাদি ট্রাফিক আইনে খুবই অর্থবহ এবং কেউ এই সংকেত অমান্য করলে তা শাস্তিযোগ্য অপরাধ।

ট্রাফিক পুলিশ ছাড়াও কোন কোন সংকেত গুরুত্বপূর্ণ যোগাযোগের অর্থ বহন করে। যেমন দুই আঙ্গুল দেখালে 'ভি' "Victory" বা বিজয় বুঝায়। আবার বৃদ্ধাঙ্গুলি দেখানো O. K বা ঠিক আছে বোঝায়। কিন্তু এক্ষেত্রেও এক এক এলাকায় বা কালচারে এই সমস্ত ইঙ্গিতের অর্থও আলাদা। বাংলাদেশে বৃদ্ধাঙ্গুলি দেখালে 'তুমি কলা খাও' 'কচু খাও' বা 'কিছুই পাবে না' বুঝায়। কালচার বুঝে, অবস্থা বুঝে, সম্পর্ক বুঝে সংকেতের ব্যবহার করতে হয়। সুতরাং সবক্ষেত্রে সংকেতেরও নিরাপত্তা নাই, যদিও ট্রাফিক আইনে এর মূল্য ও প্রয়োজন আছে।

## ৪.০ যোগাযোগের দক্ষতা ও ফলপ্রসূতা

কোন যোগাযোগের মাধ্যম পত্র হতে পারে, মৌখিক কথা হতে পারে, আবার সংকেতও হতে পারে। এই মাধ্যম তিনটির দক্ষতার মাপকাঠি হচ্ছে ৭ (সাত) টি বিষয়। সাতটি বিষয় বিবেচনা করতে হয় যোগাযোগটি কতটা দক্ষ ও ফলপ্রসূতা যাচাই করার জন্য। এগুলো হচ্ছে (১) Speed বা দ্রুততা বা গতি (২) Image বা ভাবমূর্তি (৩) Record বা ভবিষ্যতে ব্যবহারের জন্য দলিল বা দালিলিক সাক্ষ্য (৪) Cost বা ব্যয় (৫) Correctness of information or data বা নির্ভুলতা বা সঠিকতা (৬) Security বা নিরাপত্তা বা ক্ষতির হাত হতে বিষয়টিকে হেফাজত করা (৭) Secrecy গোপনীয়তা বা যাদের বিষয়টি জানানো ঠিক নয় তাদের থেকে তথ্যটির গোপনীয়তা রক্ষা করা।

পত্র মাধ্যমে কোন যোগাযোগের ক্ষেত্রে উপরের সাতটি বিষয় বিবেচনা করে দেখতে পারি যোগাযোগটি কতটা ফলপ্রসূ হতে পারে।

ধরা যাক, সাভার, বনগ্রাম ও তেঁতুলজোড়া ইউনিয়নের উপর দিয়ে বয়ে যাওয়া ধলেশ্বরী ও কর্ণপাড়ার সংযোগ খাল (বৈরাগী বাড়ী খাল) এর জন্য ৭৫০০০ মন গম বরাদ্দ হলো বিভিন্ন বিলের আটকাপড়া মুখ এই খালের সাথে জুড়ে দিতে (বোরোচাষ, মৎস্য চাষ ও নৌ-পরিবহন ব্যবস্থাকে উন্নত করার পরিকল্পনা নিয়ে)। তথ্যটি পোষ্ট কার্ড, টেলিফোন ও মঞ্জুরী আদেশের এনভেলাপে পাঠানো যায়। প্রথমে দেখি পোষ্টকার্ডের মাধ্যমে প্রেরণে সাতটি বিষয়ের কোন্ কোন্ বিষয়ে কতটা সুবিধা পাওয়া যাবে ঃ

| বিষয় | ফলাফল বা সুবিধা | পরিমাপ |
|---|---|---|
| (১) দ্রুততা বা স্পীড | মোটামুটি | (সপক্ষের পয়েন্ট বা ইতিবাচক পয়েন্ট) |
| (২) ইমেজ বা ভাবমূর্তি বা সম্মান | ক্ষুন্ন হবে | (বিপক্ষের পয়েন্ট বা নেতিবাচক পয়েন্ট) |
| (৩) রেকর্ড বা দালিলিকে প্রমাণ | মোটামুটি | (ইতিবাচক পয়েন্ট) |
| (৪) খরচ বা ব্যয় | খুব কম | (ইতিবাচক পয়েন্ট) |
| (৫) সঠিকতা বা নির্ভুলতা | মোটামুটি | (ইতিবাচক পয়েন্ট) |
| (৬) নিরাপত্তা | ক্ষুন্ন বা বিঘ্নিত হতে পারে | (নেতিবাচক পয়েন্ট) |
| (৭) গোপনীয়তা | মোটেই রক্ষিত হবে না | (নেতিবাচক পয়েন্ট) |

এবার দেখি যোগাযোগটি সংশ্লিষ্ট কর্তৃপক্ষের সঙ্গে টেলিফোনের মাধ্যমে করলে সাতটি বিষয়ের কোন্ কোন্ বিষয়ে কিরূপ ফল লাভ করা যায় ঃ

| বিষয় | ফলাফল বা সুবিধা | পরিমাপ |
|---|---|---|
| (১) স্পীড | খুবই দ্রুত | ইতিবাচক পয়েন্ট |
| (২) ইমেজ | মোটামুটি | ইতিবাচক পয়েন্ট |
| (৩) রেকর্ড | মোটেই থাকবে না | নেতিবাচক পয়েন্ট |
| (৪) ব্যয় | পোষ্টকার্ডের চেয়ে ব্যয়বহুল হবে | নেতিবাচক পয়েন্ট |
| (৫) সঠিকতা বা নির্ভুলতা | মোটামুটি | ইতিবাচক পয়েন্ট |
| (৬) নিরাপত্তা | বিঘ্নিত হতে পারে | নেতিবাচক পয়েন্ট |
| (৭) গোপনীয়তা | মোটেই রক্ষিত হবে না | নেতিবাচক পয়েন্ট |

প্রায় সব ক্ষেত্রে বা বেশীর ভাগ ক্ষেত্রে ইতিবাচক পয়েন্ট আছে দেখে আমাদের যোগাযোগের তিনটির (পত্র, মৌখিক ও সংকেত) যে কোন একটি মাধ্যম ব্যবহার করতে হবে। সচিবালয় নির্দেশমালায় (১৯৭৬) এসব বিষয় বিবেচনা করেই ১৩ ধরনের লিখিত যোগাযোগের বিষয় উল্লেখ আছে। সরকারী ডাকটিকেট যুক্ত এনভেলাপে (বা মোড়ানো কাগজে) মঞ্জুরী আদেশটি প্রেরণ করলেই বেশীর ভাগ ক্ষেত্রে ইতিবাচক পয়েন্ট পাওয়া যাবে বলে বৈরাগী বাড়ী খাল পুনঃখননের মঞ্জুরী আদেশটি ঐ ধরনের এনভেলাপেই যথাস্থানে প্রেরণ করা হবে।

## ৫.০ যোগাযোগের উপাদান

যে কোন যোগাযোগে তিনটি উপাদান বিদ্যমান। Speaker, Audience and Speech. একজন প্রথম পক্ষ, আরেকজন দ্বিতীয় পক্ষ এবং আরেকটি হচ্ছে যোগাযোগের বিষয়। Aristotleও এই তিনটি বিষয়ে বলে গেছেন। এই তিনটির সাথে উপাদান হিসেবে আধুনিককালে আরো দুটো যোগ করা হয়েছে এবং তা হচ্ছে চ্যানেল ও রেস্পনস্। টেলিফোনের ক্ষেত্রে বক্তা হচ্ছে Source,

যিনি টেলিফোন ধরলেন তিনি হচ্ছেন রিসিভার বা Audience এবং তিনি যা জবাব দিচ্ছেন তা হচ্ছে রেসপনস বা Message, টেলিফোনের সেট ও তার হচ্ছে চ্যানেল। পত্র যোগাযোগের ক্ষেত্রেও এই পাঁচটি উপাদানকে আলাদা আলাদাভাবে দেখানো যায় (১) প্রেরক (২) প্রাপক (৩) সংবাদ, খবর বা তথ্য বা প্রশ্ন বা কোনো বিষয়ে জিজ্ঞাসা (৪) চিঠি হচ্ছে চ্যানেল, যার সহায়ক ডাক বিভাগ (৫) বিধিবিধান মতে চিঠির বা জিজ্ঞাসার উত্তর। এই ৫টি উপাদানকে ৫টি 'W' দিয়ে বুঝানো যায়ঃ 5W=Who says what in which channel to whom with what effects (Response or message).

পেশীশক্তি বিশিষ্ট ডাইনোসর, দৈত্য, দানবের যোগাযোগ দক্ষতা ছিল না। লেজে আঘাত করলে মাথায় তার অনুভূতি পৌঁছতো (স্নায়ুশক্তি খুব দুর্বল থাকায়) ১২ সেকেন্ড পরে (সকল অনুভূতির কেন্দ্রস্থলই মস্তিস্ক্য)। ফলে পেশীশক্তি বিশিষ্ট জন্তুগুলো আজ পৃথিবীতে নেই, ধ্বংস হয়ে গেছে। যোগাযোগ দক্ষতার জন্য টিকে আছে শুধু মানুষ। মৌখিক যোগাযোগের ক্ষেত্রে একজন ম্যানেজারকে তার প্রতিষ্ঠানের লাভ এবং নিজেকে সম্মানিত ব্যক্তিত্বে পরিণত করার জন্য তাকে পন্ডিতগণ নিম্নোক্ত বিষয়গুলোর দিকে খেয়াল রাখতে বলেছেন ঃ

(১) Donot give your sub-ordinate a readymade excuse শুধু তাল মিলিয়ে অধীনস্থদের কাছে ভাল হলে চলবে না। A Good man cannot become a good administrator. মুখের উপর কথা বলতে পারতে হবে এবং শক্ত কথা। নিজের দুর্বলতা না থাকলেই এমনটি পারা যায়। সময়মত টাইপের কাজ শেষ করে আনা হলো না, কৈফিয়ত চাইতে হবে। "আজ আপনার অনেক কষ্ট হয়েছে, কাল আনলেই চলবে" এমত বল্লে চলবে না। এ সমস্ত হচ্ছে সম্পূর্ণ স্বাভাবিক পরিস্থিতির কথা। অস্বাভাবিক পরিস্থিতিকে নিজেরা নিজের কর্ম দিয়ে স্বাভাবিক করে নিতে হবে। আকাশ থেকে কেউ নেমে এসে স্বাভাবিক করে দিবে না।

(২) Donot apologize for a Reasonable demand; নিজে ধমক দিয়ে নানা দুশ্চিন্তা করে পরে যেয়ে আবার 'ভুল করে ফেলেছেন' বলে মাফ চাইবেন না, যখন আপনি ন্যায় সঙ্গত ও আইন সঙ্গত কোন কাজ করেছেন বলে বুঝবেন। আপনার প্রাপ্য 'পিওন' তিন দিন ধরে চেয়েও পেলেন না, পরে চোখ গরম করলেন, রাগ দেখালেন। আবার যেয়ে নিজের রাগের জন্য ক্ষমা চাইলেন। এক্ষেত্রে আপনি তো নিজ অধিকার আদায়ের জন্য এমন করেছেন। এতে মাফ চাইবার কি আছে? এটি স্বাভাবিক অবস্থার কথা। অবস্থা খুবই বেগতিক না হলে এমন করা ঠিক নয়। কারবালার ময়দানেও ইমাম হোসেন ইয়াজিদের অন্যায়ের নিকট মাথা নত করেননি।

(৩) Donot Overqualify your Statements : নিজের কথাকে অতিশায়িত করবেন না। এই, তবে, কিন্তু, বাদ দিয়ে আদেশ করতে হবে। "রিপোর্ট আজই দিন, তবে কাল হলেও চলবে" এই ধরনের বল্লে কাজে ঢিলেমি এসে যাবে। সারা অফিসের প্রশাসন এই কারণে শিথিল হয়ে পড়বে। শক্তি প্রকাশ পায়-এমনভাবে কথা বলতে হবে। দুর্বলতা প্রকাশ পেলে অধীনস্থরা কেউ মানতে চাইবে না। হাতে পায়ে ধরে কাজ করালে চলবে না।

(৪) আপনার পোষ্টিং যখন যে প্রতিষ্ঠানে তার সংশ্লিষ্ট উর্ধ্বতন কর্তৃপক্ষের আদেশে আপনি আপনার অধীনস্থ সহকর্মীকে কোন কাজ করতে বলছেন-(যেমন, সচিবালয়ে সচিব, অধিদপ্তরে মহাপরিচালক, বিভাগ ও জেলায় তার সর্বোচ্চ কর্মকর্তা ইত্যাদি) এটা অধীনস্থকে বুঝালেই কাজে গাফিলতি ও শৈথিল্য আসবে। নিজের অথরিটি আছে এমন আত্মবিশ্বাস নিয়েই মৌখিক আদেশ করতে হবে। তখন নিজেরও দাম থাকবে, কাজও সময় মত হবে। Donot shift responsibility for your action to others.

আপনি কেন কাজটির আদেশ করছেন তা অধীনস্থদের বলবেন না; আপনি চান, এটিই বলবেন। আদেশ পালনকারীকে অন্যের জন্য আদেশ করছেন এমন বুঝাবেন না।

## ৬.০ মৌখিক যোগাযোগ

(ক) Be Direct :- সব কাজের কথাই সোজাসুজি এবং সরাসরি বলতে হবে। আদেশ পালনকারী নিজে বুঝে নিবেন, সেভাবে বল্লে চলবে না। কি চান স্পষ্টভাবে বলতে হবে।

(খ) Use Non verbal Cues:- চোখের দিকে চেয়ে কথার ভিতরে মাঝে মাঝে পস দিন। একই কথা বার বার বলে বিরক্তি সৃষ্টি করে নিজেকে পাতলা করবেন না, তাতে আদেশ অমাণ্য হতে পারে।

(গ) Keep your People Informed:- যারা কাজের সঙ্গে জড়িত, কাজে যাদের সহযোগিতা দরকার আছে, তাদের সব সময় কাজ সম্পর্কে অবহিত রাখবেন। একত্রে যে কয়জন বের হলেন, যে যে স্থানে যাবেন এবং গাড়ী কোথায় থাকবে সে সম্পর্কে সবাই অবগত থাকলে কাজে বিঘ্ন আসবে না।

(ঘ) Avoid Empty Threats:- মানুষকে ফাঁকা ভয় দেখিয়ে বশে আনতে চাইলে নিজেরই সম্মান কমে। যা করতে পারবেন না বা করবেন না, তা বলবেন না। তাতে অধীনস্থদের নিকট নিজের গুরুত্ব কমে যাবে। অল্পদিন পর অধীনস্থগণ সামনাসামনি বেয়াদবী করে বসবেন।

(ঙ) রিপোর্ট ঃ - কোথায় কখন কার সঙ্গে যোগাযোগ করতে হবে, এ সমস্ত ব্যাপারে সংশ্লিষ্টদের অবহিত রাখতে হবে। সংশ্লিষ্টগণ অবহিত না থাকলে

এবং রিপোর্টিং ঠিকমত না হলে সময়মত গিয়েও অনেককে না পাওয়া যেতে পারে।

(চ) ফলো আপ ঃ চিঠি পাঠিয়ে বসে থাকলে চলবেনা। স্থান বিশেষে টেলিফোনে এবং প্রয়োজনে নিজে গিয়ে তদবীর করতে হবে। এভাবে মৌখিক যোগাযোগ ফলপ্রসূ হবে।

**৭.০ ভাল যোগাযোগের অন্তরায়**

(১) দ্ব্যর্থবোধকতা (Ambiguity) : স্পষ্টতার অভাবে যোগাযোগ ফলপ্রসূ হয় না। "বাহক মারফত বিষয়টি পাঠাতে অনুরোধ করছি।" বাহক ছিলো পত্র বাহক নিজেই। বুঝতে না পেরে কোন মুরুব্বী সারা জীবনের জন্য চটে বসলেন। যোগাযোগটি যেন সংশ্লিষ্ট ব্যক্তি বুঝেন সেদিকে খেয়াল রেখে কী মৌখিক, কী সাংকেতিক, কী লিখিত সব ধরনের যোগাযোগ করতে হবে।

(২) প্রেক্ষাপট না জানা ঃ সমস্ত বিষয় পড়ে পূর্বাপর ঘটনা জেনে তারপর যে কোন যোগাযোগ করতে হবে বা সিদ্ধান্ত নিতে হবে। যে চাকুরীতে ইস্তফা দিয়ে গেছে, সে এখন কোন স্থানে তা না জেনে বদলী করা এবং যার জামিন আগে না মঞ্জুর হয়েছে; পূর্বাপর ঘটনা না জেনে তার নতুন দরখাস্তের পৃষ্টে জামিন মঞ্জুর করা ভুল যোগাযোগের ফল। যে কোন যোগাযোগে পূর্বাপর ঘটনা জেনে সিদ্ধান্ত গ্রহণ করতে হবে। সব যোগাযোগই মামুলী বলে মেনে নিলে চলবে না।

(৩) অন্য কিছুতে নিবিষ্ট থাকা (Pre-Occupation) ঃ কর্তার নিকট নালিশ এসেছিল যে, কাজের মেয়ে বেগম সাবকে জাহান্নামে যেতে বলেছে। দাবা খেলতে খেলতে অবচেতন মনে কর্তার জবাব এলো "যাও তবে তাড়াতাড়ি চলে এসো।" এই ধরনের মৌখিক যোগাযোগের বেলায় যথেষ্ঠ সাবধান হতে হবে। কথা বলে কথামত জবাব নাও আসতে পারে অন্য পক্ষ হতে, ঐ পক্ষের মাথায় যদি তখন অন্য চিন্তা থাকে।

(৪) যথাসময়ে যথা কাজ না করা ঃ সময়মত যোগাযোগ না হলে কার্যসিদ্ধি নাও হতে পারে। যে প্রেম পত্রে প্রেমিকের প্রশ্নের জবাব বিয়ের আগে আসা উচিত ছিল তা বিয়ের পরে পাঠালে কোন লাভ হবে না। সময়ের একফোঁড় অসময়ের দশফোঁড়। Strike the iron while it is hot অর্থাৎ সময় গেলে সাধন হবে না।

(৫) কলম বা টাইপের ভুল ঃ টেলিফোনের ভুল শ্রুতি, টাইপের ভুল যোগাযোগ বড় বড় ভুলের জন্ম দিয়ে থাকে। আমীনবাজার বাইগুনবাড়ী মসজিদের অনুদানের মঞ্জুরী আদেশ একই থানার সাদুল্লাপুর বাইগুনবাড়ী চলে গেলে বিরাট কেলেংকারীর সৃষ্টি হতে পারে। তেমনি নামের দু একটি 'শব্দ' বেশী

কমের জন্য অনেক বিরাট আকারের ভুল ভ্রান্তি হতে পারে। অনেক সময় শুধরানোর সময় থাকে এবং অনেক সময় তাও থাকেনা। তাই আগে ভাগেই সাবধান হওয়া উচিত।

(৬) Preconceived ideas:- হযরত নিযামুদ্দিন 'আউলিয়া' হয়ে যাবার পরও তাকে ডাকাত মনে করে যাওয়ার মত ভুলও মানুষের বদ্ধমূল ধারণার জন্য ঘটে থাকে। যার ৮ বছর আগের এসি আর-এ লেখা ছিল যে, সে কাজ জানে না, বিরক্তিকর ব্যক্তিত্ব, ইত্যাদি, ৮ বছর পর তার কাজ জানার কারণে পদোন্নতি হবার জন্য তাকে আগের মতই মনে করে যোগাযোগ করা একটি বদ্ধমূল ধারণার উপর ভিত্তি করেই সংঘটিত যোগাযোগ। এ ধরনের যোগাযোগের ফল আশানুরূপ হবে না।

(৭) অস্পষ্টতা (Illigibility) : অনেক সময় নোটাংশে কাব্যিক অলংকারপূর্ণ লেখা অনেক অভিজ্ঞ উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকটও বোধগম্য হয় না। পড়তে না পারার জন্য যোগাযোগ ভুল হতে পারে। এক জনের স্থলে অন্যজনকে মনে করা হয়ে থাকে। ফলে অনেক ভুল সিদ্ধান্ত প্রদান করা হতে পারে।

## ৮.০ উপসংহার

প্রাতিষ্ঠানিক যোগাযোগে দক্ষতা অর্জন যে কোন কর্মকর্তা/কর্মচারীর জন্য একটি গুরুত্বপূর্ণ বিষয়। সঠিক সময়ে সঠিক যোগাযোগের অভাবে পৃথিবীতে এ পর্যন্ত বড় বড় ঐতিহাসিক দুর্ঘটনা ঘটেছে। সুতরাং কী ব্যক্তিজীবন, কী সরকারী কাজ, কী প্রতিষ্ঠান, সর্বত্র যোগাযোগ যাতে সঠিক এবং সময়মত হয়, তার জন্য এর যেসব প্রক্রিয়াদি উপরে বর্ণনা করা হলো, তা মেনে চলা উত্তম।

### গ্রন্থপঞ্জি ঃ


১। ফারুক, আল, এম, এম, ১৯৮৯, *সরকারী অফিস ব্যবস্থাপনা ও রেকর্ড সংরক্ষণ*, পায়রা প্রকাশনী, ৬ হায়বত ন্যারলেন, বাবুবাজার, ঢাকা।

২। খান, মিসবাহ্ উদ্দিন, ১৯৯১, *অফিস ব্যবস্থাপনা, দক্ষতা ও উন্নয়ন*, প্যারাগণ পাবলিশার্স, রাজারবাগ, ঢাকা-১২১৭।

৩। চৌধুরী, পেয়ার আহম্মদ, ১৯৮৬, *অফিস ব্যবস্থাপনা চতুর্থ সংস্করণ*, স্টুডেন্ট ওয়েজ, বাংলাবাজার, ঢাকা-১।

৪। বালা, হীরালাল, *প্রশাসনিক যোগাযোগ*

৫। Kineaid D. Lawrence (ed.) 1987. *Communication Theory*, Academic Press, New York.

# শিশু স্বাস্থ্য ও শিশুসেবা : মায়েদের মতামত

তাহমিনা আখতার *

## ভূমিকা

শিশুর বাঁচার অধিকার বলতে সেইসব অধিকার সমষ্টিকে বোঝায়, যেসব মৌলিক প্রয়োজন জীবন রক্ষা করে। যেমন, স্বাস্থ্যসেবা, পুষ্টিকর খাবার, বিশুদ্ধ পানি এবং পরিচ্ছন্ন ও স্বাস্থ্যসম্মত পরিবেশ। সম্ভবত বেঁচে থাকার জন্য সবচেয়ে বেশী প্রয়োজন সুস্বাস্থ্য এবং স্বাস্থ্যসেবা। স্বাস্থ্যসেবা সম্পর্কে শিশু অধিকার সনদের ২৪ ধারায় বলা হয়েছে, শিশুদের চিকিৎসা ও স্বাস্থ্য পুনরুদ্ধারের সুবিধা ভোগের অধিকার রয়েছে এবং এই অধিকার থেকে শিশুরা যাতে বঞ্চিত না হয় তার জন্য শরীক রাষ্ট্রসমূহ প্রয়োজনীয় ব্যবস্থা নিবে[১]। কিন্তু বাংলাদেশে মোট জনগোষ্ঠীর অর্ধেকের বেশী চরম দারিদ্রের মধ্যে বাঁচে। ফলে জনগণের এবং সরকারের পক্ষে পর্যাপ্ত পরিমাণ খাদ্য, নিরাপত্তা এবং স্বাস্থ্যসেবা প্রদান বা গ্রহণ সম্ভব নয়। তাই গরীব জনগোষ্ঠীর অর্ধেকেরও বেশী অপুষ্টির শিকার, দুই তৃতীয়াংশ প্রাপ্ত বয়স্ক লোক নিরক্ষর, প্রতি ১০০০ এ সজীব শিশু জন্মে ৯১জন, স্বাস্থ্যসেবার প্রবেশগম্যতা নেই প্রায় ৫৫ ভাগ লোকের এবং অর্ধেক শিশু কম ওজন নিয়ে জন্মগ্রহণ করে, যেখানে অন্যান্য উন্নয়নশীল দেশের মাত্রা ১৯ শতাংশ[২]। পুষ্টিহীনতা বাংলাদেশের একটি গুরুত্বপূর্ণ সমস্যা হলেও এর প্রধান শিকার বাড়ন্ত বয়সের শিশু এবং গর্ভবতী ও প্রসূতি মায়েরা। পুষ্টিহীনতার কারণে শিশুদের দৈহিক বৃদ্ধি যেমন ব্যাহত হচ্ছে তেমনি তাদের মানসিক বৃদ্ধি অসম্পূর্ণ থেকে যাচ্ছে। দেহের রোগ প্রতিরোধ ক্ষমতা দুর্বল হয়ে যায় এবং কর্মক্ষমতা বহুলাংশে হ্রাস পায়[৩]। এদেশে ৫ বছরের শিশুমৃত্যু হার ১১৭জন, ৬৭% শিশু

---

* সহকারী অধ্যাপক, সমাজকল্যাণ ও গবেষণা ইনস্টিটিউট, ঢাকা বিশ্ববিদ্যালয়।

পুষ্টিহীনতায় ভোগে, দেশের ৬মাস থেকে ৬ বছর বয়সী ৫৭ভাগ শিশুর ওজন কম, জন্ম থেকে ১৮ বৎসর পর্যন্ত মেয়েরা দৈনিক প্রয়োজনের তুলনায় কম ক্যালরী গ্রহণ করে। স্বাস্থ্য সেবায় প্রবেশগম্যতা ৪৫%, অর্থাৎ পাঁচ বছরের কম বয়সী মৃত্যুর দুই তৃতীয়াংশের সাথে অপুষ্টির সম্পর্ক রয়েছে[৪]। সমীক্ষায় দেখা গিয়েছে যে, প্রসূতি অবস্থায় মহিলারা শতকরা ৭৩.২৬ জন কোন ধরনের চিকিৎসা গ্রহণ করে না, শতকরা ২৫ জন কোন ধরনের ধনুষ্টংকার প্রতিষেধক টীকা গ্রহণ করে না, শতকরা মাত্র ৫০ জন দুই বা ততোধিক টীকা গ্রহণ করে থাকে, শতকরা ৯৫ভাগ শিশুর জন্মস্থান বাড়ীতেই (গ্রামে) এবং ৮৫ ভাগের জন্মের সময় কোনো ডাক্তারি সহায়তা গ্রহণ করে না[৫]। বাংলাদেশ গত ১০ বছরে মাতৃমৃত্যুর হার কমাতে সক্ষম হলেও বর্তমানে এই হার দাঁড়িয়েছে ৪.৪[৬]। উচু হারে মাতৃ মৃত্যুর কারণগুলো খতিয়ে দেখা গেছে, যে সব মায়েদের মৃত্যু হয়েছে তাদের সকলের ক্ষত, সংক্রমণ এবং নানা রকমের অক্ষমতা ছিল; যেগুলো সাধারণত তারা কাউকে বলেনি এবং যার চিকিৎসা হয়নি এরকম বিব্রতকর, যন্ত্রণাদায়ক বিষয় যা তাকে সারা জীবনের জন্য দুর্বল করে রেখেছিল[৭]।

সাম্প্রতিক টীকা দান কর্মসূচীতে সরকারী ও বেসরকারী পর্যায়ে সর্বাধিক গুরুত্বারোপ করা সত্ত্বেও ১৯৯৬-১৯৯৭ সালে প্রয়োজনীয় সব কয়টি টীকা গ্রহণের হার হচ্ছে মাত্র ৫৪%। এক্ষেত্রে আবার লিঙ্গ ও এলাকা বৈষম্য বিদ্যমান। যেখানে ছেলে শিশুর ক্ষেত্রে ৫৬% সেখানে মেয়ে শিশু হচ্ছে ৫২%। আবার শহর এলাকায় যেখানে ৫৮% সেখানে গ্রাম এলাকায় ৫৪%। অন্যদিকে রাতকানা বা অন্ধত্ব রোধ করলে বাংলাদেশে ২৩ শতাংশ শিশুমৃত্যু রক্ষা করা যায়, সেক্ষেত্রে বর্তমানে ১ মিলিয়নের বেশী শিশুর ভিটামিন "এ" ক্যাপসুলের অপর্যাপ্ততা রয়েছে[৮]।

শিশু অসুস্থতা বা শিশু রোগের ক্ষেত্রে বাংলাদেশে সাধারণত যে সব রোগ দেখা যায় তা হচ্ছে, জ্বর, ডায়রিয়া, হুপিংকাশি, শ্বাসযন্ত্রের সংক্রমণ, আমাশয়, নিউমোনিয়া, জন্ডিস, টাইফয়েড ইত্যাদি[৯]। এর মধ্যে ১৯৯৩-৯৪ সালে Bangladesh Demographic and Health Survey (BDHS) এর এক সমীক্ষায় দেখা গিয়েছে যে, ২৩% শিশু ০-৬ মাসের মধ্যে এবং ১-৪ বৎসরের মধ্যে ২৫% শিশু মারা যায় শুধু জ্বরজনিত কারণে। শিশু মৃত্যুর আরেকটি গুরুত্বপূর্ণ কারণ হচ্ছে ডায়রিয়া। বাংলাদেশে শুধুমাত্র ডায়রিয়াই মারা যায় শতকরা ৩০জন শিশু[১০]। BDHA (1996-1997) কর্তৃক পরিচালিত সমীক্ষায়

দেখা গিয়েছে যে, শিশুর অসুস্থতার ক্ষেত্রে ৩০% শিশু জ্বরে ভোগে, ১২.৮% কাশি ও শ্বাসকষ্টে ভোগে এবং ৩২.৯% শিশু কোনো প্রকার চিকিৎসা গ্রহণ করে না[১১]। শিশু মৃত্যুর ক্ষেত্রে দেখা যায় যে, নব জন্মগত (ধনুষ্টঙ্কার নয়) সময়ে অসুবিধার কারণে ৩৬.৮%, ডায়রিয়া জনিত কারনে ২১.০৫%, দুর্ঘটনা। জখমে ৭.০২%, অন্যান্য সংক্রমণে ২.৬৩%, এ. আর. আাই ও ইনফ্লুয়েঞ্জায় ১৭.৫৪%, ধনুষ্টংকারে ০.৮৮% এবং অন্যান্য কারণে ১৪.০৪% শিশু মারা যায়[১২]।

উপর্যুক্ত পরিস্থিতিতে বাংলাদেশে পুষ্টিহীনতা দূর করার লক্ষে এ যাবৎ ৪টি জরিপ হয়েছে এবং বিভিন্ন পঞ্চবার্ষিক পরিকল্পনায় ২০০০ সাল নাগাদ 'সবার জন্যে স্বাস্থ', কর্মসূচি নিশ্চিত করার লক্ষ্যে বিভিন্ন লক্ষ্যমাত্রা এবং কৌশল নির্ধারণ করা হয়েছে বিশেষ করে 'থানা স্বাস্থ্য কমপেক্স', 'ইউনিয়ন স্বাস্থ্য পরিবার কল্যাণ কেন্দ্র', 'জনস্বাস্থ্য সেবা', 'ইপিআই', 'ডায়রিয়া প্রতিষেধক কর্মসূচী, 'ভিটামিন এ ক্যাপসুল বিতরণ ইত্যাদি কর্মসূচীর মাধ্যমে শিশু ও প্রসূতি মৃত্যুহার কিছুটা হ্রাস, অন্ধত্ব নিবারণ, ডায়রিয়া প্রতিরোধ করা গিয়েছে, কিন্তু শিশুদের পুষ্টিহীনতা দূর করা সম্ভব হয়নি। কারণ যে দেশে বেশীর ভাগ লোক দারিদ্র সীমার নিচে বসবাস করছে সে দেশে তেমনিভাবে সম্ভব নয় খাদ্যে নিরাপত্তা প্রদান ও পর্যাপ্ত ক্যালরিযুক্ত খাদ্য প্রদান এবং পর্যাপ্ত পরিমাণে স্বাস্থ্যসেবা ব্যবস্থা নিশ্চিতকরণ। তাই বিভিন্ন ধরনের পুষ্টি শিক্ষা প্রতিরোধমূলক কার্যক্রম গ্রহণ করে বিভিন্ন স্তরে বিশেষ করে মায়েদের সচেতনতা ও পারিবারিক সচেতনতা আনয়নের মাধ্যমে কিছুটা হলেও শিশু স্বাস্থ্য, শিশুযত্ন, শিশুর অসুস্থতারোধ এবং শিশু ও প্রসূতি মৃত্যুহার হ্রাস করা সম্ভব হবে।

বাংলাদেশ সম্পর্কে জাতিসংঘের শিশু তহবিলের এক প্রতিবেদনে মন্তব্য করা হয়েছে, বছরে মাথাপিছু মাত্র ৪৫০টাকা খরচ করলেই শিশুদের মারাত্বক সংক্রমণ থেকে বাঁচানো সম্ভব[১৩]। তাহলে স্পষ্টত সংক্রামক রোগের কারণে ব্যাপক শিশু মৃত্যুহারের পিছনে শুধু আর্থিক সঙ্কটই দায়ী নয়; এর পিছনে মাতা পিতার অসচেতনতা, অজ্ঞতা, প্রচলিত খাদ্যাভাস, খাদ্য সম্পর্কিত ভ্রান্ত ধারণা ইত্যাদি চলকগুলির প্রভাব বিদ্যমান রয়েছে। তাই বাংলাদেশ সরকারের ৫ম পঞ্চবার্ষিক পরিকল্পনায় গৃহীত ২০১০ সাল নাগাদ স্থূল শিশু জন্মহার ২০.৮০- স্থূল শিশু-মৃত্যু হার ৭.৭৫ (প্রতি হাজারে) এবং জনসংখ্যা বৃদ্ধির হার ১.৩১ এবং ৫০% শিশুকে অপুষ্টি দূর করা, কম ওজন নিয়ে জন্মগ্রহণকারী শিশুর সংখ্যা

১০% নামিয়ে আনা, রাতকানা রোগ বন্ধ করা, এবং ১০০ জন শিশুর কাছে ভিটামিন এ বিতরণ করা কর্মসূচীর লক্ষ্যমাত্রা ধার্য করা হয়েছে[১৪]। এসব লক্ষ্যমাত্রা অর্জন করতে হলে শিশু স্বাস্থ্য শিশুযত্ন এবং শিশুসেবাদান কর্মসূচী সম্পর্কে মায়েদের ব্যাপক সচেতনতা বৃদ্ধি করতে হবে। শুধু অবকাঠামোগত উন্নয়ন এবং সেবামূলক কর্মসূচী গ্রহণের মাধ্যমেই উল্লিখিত লক্ষ্যমাত্রা অর্জন করা সম্ভব নয় বরং কমিউনিটিলব্ধ প্রাপ্ত সুযোগ-সুবিধা গ্রহণের উপযোগী করে তোলার জন্য ব্যাপকভাবে মায়েদের সচেতনতামূলক কর্মসূচী এবং অন্যান্য স্বাস্থ্য সেবামূলক কর্মসূচী এবং সরকারী ও বেসরকারী সংস্থার যৌথ ও সমন্বিত কৌশল গ্রহণ করতে হবে।

তাই বর্তমান সমীক্ষায় শিশু স্বাস্থ্য ও শিশুসেবা সম্পর্কে মায়েরা কতটুকু সচেতন তা পরিমাপ করার উদ্দেশ্যে ঢাকা শহরের উচ্চবিত্ত, মধ্যবিত্ত এবং নিম্নবিত্ত মায়েদের উপর একটি তুলনামূলক জরীপ করা হয়েছে। কারণ, এদেশে শিশুযত্ন এবং লালন পালন যেহেতু মায়েদের সরাসরি তত্ত্বাবধানেই সম্পন্ন হয়ে থাকে, তাই এ বিষয়ে মায়েরা কতটুকু সচেতন, কিভাবে শিশুকে খাদ্য প্রদান করছেন, শিশুযত্ন, শিশুস্বাস্থ্য, মাতৃস্বাস্থ্য সম্পর্কিত বিষয়ে কতটুকু গুরুত্ব দিচ্ছেন, এ সবের ধরন, প্রকৃতি ও কাঠামো ইত্যাদি সম্পর্কে তথ্য উদঘাটন বর্তমানে অত্যন্ত সময়োপযোগী। কারণ, কেবল বস্তুনিষ্ঠ তথ্যের মাধ্যমে ভবিষ্যত পুষ্টিনীতি, কর্মসূচী প্রণয়ন ও সেবামূলক কর্মসূচী বাস্তবায়নে সঠিক দিক নির্দেশনা পাওয়া যেতে পারে। এ কারণেই বর্তমান সমীক্ষাটি সম্পন্ন হয়েছে; যার ফলাফল সরকারী ও বেসরকারী পর্যায়ে সংশ্লিষ্ট বিষয়ে জড়িত ব্যক্তিদের কিছুটা সহায়ক হবে।

**গবেষণার উদ্দেশ্য ঃ** (Objectives of Research)পরিচালিত গবেষণার সাধারণ উদ্দেশ্য ছিল মায়ের শিশু স্বাস্থ্য, শিশুসেবা ও শিশুযত্ন সম্পর্কে কতটুকু সচেতন সে সম্পর্কিত তথ্য উদঘাটন করা।

**বিশেষ উদ্দেশ্য ঃ**

(১) উত্তরদাতাদের আর্থ-সামাজিক, জনমিতিক ও পারিবারিক অবস্থা সম্পর্কে জানা।

(২) উত্তরদাতাদের শিশুস্বাস্থ্য, শিশু খাদ্য, পুষ্টি, যত্ন ও টিকা সম্পর্কে সচেতনতা জানা।

(৩) প্রচলিত শিশুরোগ সম্পর্কে মায়েদের মতামত এবং কি ধরনের সেবামূলক ব্যবস্থা অনুশীলন করে থাকে তা জানা।

(৪) উত্তরদাতাদের পরিবার পরিকল্পনা সম্পর্কে মনোভাব, অনুশীলন এবং মাতৃস্বাস্থ্য সম্পর্কিত তথ্য উদঘাটন করা।

## গবেষণা পদ্ধতি ঃ

বর্তমান সমীক্ষাটি মূলত একটি তথ্য উদঘাটনমূলক সামাজিক নমুনা জরীপ। সমগ্রক হিসেবে নির্বাচন করা হয়েছে ঢাকা শহরস্থ সকল মাকে। গবেষণায় এলাকা হিসেবে হাজারীবাগ, মিরপুর, কাঁঠালবাগান, আগারগাও বস্তি, শাহীনবাগ, ডিওএইচ এস, ক্যান্টনমেন্ট, রায়ের বাজার, আজিমপুর, কলাবাগান, ঢাকা শিশু হাসপাতাল, শ্যামলী, নয়াপল্টন এবং গ্রীন রোড এলাকাকে উদ্দেশ্যমূলকভাবে নির্বাচন করা হয়েছে। যেহেতু গবেষণা নমুনাভিত্তিক, তাই উদ্দেশ্যমূলক নমুনায়ন পদ্ধতি ব্যবহার করে আয়ের ভিত্তিতে ৩টি শ্রেণীতে যথাক্রমে উচ্চবিত্ত (২০,০০০/- তদুর্ধ) এর উপরে যে পরিবারের আয়) থেকে ৪০জন, মধ্যবিত্ত (৫০০০/-২০,০০০/এর মধ্যে যে পরিবারের আয়) থেকে ৪০ জন এবং নিম্নবিত্ত (৫০০-৫০০০/- যে পরিবারের আয়) থেকে ৪০জন সর্বমোট ১২০জন থাকে (৩+৪০=১২০জন) যাদের পরিবারের ১৪ বছরের নিচে শিশু আছে, তাদেরকে উত্তরদাতা হিসাবে নির্বাচন করা হয়েছে। তথ্য সংগ্রহের জন্য সরাসরি সাক্ষাতকার পদ্ধতিতে কাঠামোবদ্ধ সাক্ষাতকার অনুসূচীর মাধ্যমে তথ্য সংগ্রহ করা হয়েছে। সাক্ষাতকার অনুসূচী পূর্ব পরীক্ষণের মাধ্যমে মানসম্মত করা হয়েছে। সংগৃহীত তথ্যাবলী যথাযথভাবে সম্পাদন করে বিভিন্ন বৈশিষ্ট্যের আলোকে শ্রেণীবদ্ধকরণ ও সারণীবদ্ধকর করা হয়েছে এবং পরবর্তীতে সাধারণ পরিসংখ্যানগত; যেমন একচালক বিশিষ্ট বহুচালক বিশিষ্ট এবং সহসম্পর্ক মাত্রা বিশ্লেষণ এবং দন্ড চিত্রের মাধ্যমে তথ্য উপাস্থাপন করা হয়েছে।

## ফলাফল ও আলোচনা (Result and Discussion)

### ১. আর্থ সামাজিক, জনমিতিক ও পারিবারিক অবস্থা সম্পর্কিত তথ্যাবলী

**১.১ বয়স ঃ** উত্তরদাতাদের বয়স সম্পর্কিত তথ্যে দেখা গিয়েছে যে, সর্বাধিক সংখ্যক উত্তরদাতার বয়স ২৫-৩০ বৎসরের মধ্যে। এদের পরিমাণ হচ্ছে শতকরা ২৭.৫০জন। এর পরই অবস্থান করছে ৩০-৩৫বৎসরের উত্তরদাতা, যার শতকরা হার ২৬.৬৭জন। সবচেয়ে কমসংখ্যক উত্তদাতার বয়স ১৫-২০

বৎসরের মধ্যে (৫%) এবং ৪৫-তদূর্ধ্ব এর মধ্যে (১.৬৭%)। উত্তরদাতাদের গড় বয়স হচ্ছে ২৯.৭ বৎসর।

**১.২ শিক্ষাগত যোগ্যতা ঃ** উত্তরদাতাদের শিক্ষাগত যোগ্যতা সম্পর্কিত প্রাপ্ত তথ্যাবলীতে দেখা যায় যে, সর্বাধিক সংখ্যক উত্তরদাতা অর্থাৎ শতকরা ৩৮.৩৩জন শিক্ষিত (এস. এস. সি-ডিগ্রী পাশ)। তবে উল্লেখ্য যে, এক্ষেত্রে উচ্চবিত্তের মধ্যে শিক্ষিতের হার যেমন বেশী (৫৭.৫%) তেমনিভাবে নিম্নবিত্তের মধ্যে নিরক্ষরের সংখ্যা সবচাইতে বেশী (৫৫.৫%)। তাছাড়া উচ্চ শিক্ষিত (এম. এস. এস.-তদূর্ধ্বে এর ক্ষেত্রে উচ্চবিত্ত ও মধ্যবিত্তের হার যথাক্রমে ২২.৫ জন এবং ১৫.০০জন, নিম্নবিত্ত শ্রেণীতে উচ্চ শিক্ষিত উত্তরদাতা একেবারেই নেই। অন্যদিকে উচ্চবিত্তে ও মধ্যবিত্তে কোন নিরক্ষর উত্তরদাতা নেই, তবে স্বাক্ষরজ্ঞান সম্পন্ন এরকম উত্তরদাতার সংখ্যা হচ্ছে ৫% ও ১২.৫%। প্রাপ্ত তথ্যে এটা প্রতীয়মান হচ্ছে যে, আয়ের সাথে শিক্ষার একটি সহ সম্পর্ক বিদ্যমান।

**১.৩ পরিবারের সদস্য সংখ্যা ঃ** উত্তরদাতাদের পরিবারের গড় সদস্য সংখ্যা হচ্ছে ৫.২৩জন। উচ্চবিত্ত, মধ্যবিত্ত এবং নিম্নবিত্তের মধ্যে ৩-৫ সদস্য বিশিষ্ট পরিবারের সংখ্যাই বেশী, এদের সংখ্যা হচ্ছে যথাক্রমে ৫০.৫% ৫২.০% এবং ৫০.৫%। ৫-৭জন সদস্যবিশিষ্ট পরিবারের সংখ্যা সর্বমোট ৪৩.৩৩%, এর মধ্যে উচ্চবিত্ত (১৫.০%), মধ্যবিত্ত (১৩.৩৩%) এবং নিম্নবিত্ত (১৫.০%)। ৭-৯ সদস্য বিশিষ্ট পরিবারের সংখ্যা নিম্নবিত্তে সর্বাধিক, তবে সর্বমোট এদের সংখ্যা ১০.০০%।

**১.৪ উত্তরদাতাদের পেশা ঃ** উত্তরদাতাদের পেশার ধরন সম্পর্কিত প্রাপ্ত তথ্যে দেখা যায় যে, সর্বাধিক সংখ্যক উত্তরদাতা (৯২জন) গৃহিণী, যার শতকরা হার ৭৬.৬৭। এর মধ্যে উচ্চবিত্ত ও মধ্যবিত্তে গৃহিণীর সংখ্যা সর্বাধিক অর্থাৎ শতকরা ৮২.৫জন। এর পরই অবস্থান করছে চাকুরিজীবী (২০%)। নিম্নেবিত্তের মধ্যে চাকুরিজীবীর হার সর্বাধিক (৩০%)। এখানে উল্লেখ্য যে, চাকুরিজীবির মধ্যে উচ্চবিত্তে ও নিম্নেবিত্তে শিক্ষকতা,ডাক্তারী, সরকারী ও বেসরকারী পেশাজীবী এবং নিম্নেবিত্তের মধ্যে পরিচারিকা রয়েছে। সবচেয়ে কমসংখ্যক উত্তরদাতা হচ্ছে ছাত্রী (০.৮৩%),ব্যবসায়ী (১.৬৭%) এবং ভিক্ষুক (০.৮৩%)।

**১.৫ উত্তরদাতাদের মাসিক আয় ঃ** মাসিক আয় সম্পর্কিত তথ্যে দেখা যায় যে, উত্তরাদাতাদের গড় মাসিক আয় ৭৯৫.৮৩ টাকা মাত্র। সর্বাধিক সংখ্যক উত্তরদাতার (৯৩জন) কোন আয়ই নেই; যার শতকরা হার হচ্ছে ৭৭.৭৫জন, কারণ অধিকাংশের পেশা গৃহিণী। যাদের আয় আছে তাদের ক্ষেত্রে সর্বাধিক সংখ্যক উত্তরদাতার (৭জন করে) মাসিক আয় ০-৫০০/- ও ৫০০-২০০০/- টাকার মধ্যে। আয়ের এ স্তরে নিম্নবিত্ত শ্রেণীর অবস্থান রয়েছে, মধ্যবিত্ত ও উচ্চবিত্ত শ্রেণীর উপস্থিতি একেবারেই নেই। তবে ২০০০-৫০০০/-এবং ৫০০০/-১০০০০/- টাকা মাসিক আয় সম্বলিত উত্তরদাতারা সকলেই উচ্চবিত্ত নতুবা মধ্যবিত্ত শ্রেণীর। এদের সংখ্যা হচ্ছে যথাক্রমে ৪.১৭%এবং ২.৫%।

**১.৬ পরিবারের বাসস্থানের ধরন পানির উৎস এবং টয়লেটের ধরন ঃ** উত্তদাতাদের বাসস্থানের ধরনের ক্ষেত্রে উচ্চবিত্তের সকল পরিবারের বাসস্থান পাকা এবং মধ্যবিত্তের বেশীরভাগ পরিবারের বাসস্থান পাকা। অন্যদিকে নিম্নবিত্ত কোন পরিবারের বাসস্থান পাকা নেই, তবে এক্ষেত্রে আধা-পাকা আছে ১৫% এবং মধ্যবিত্তে ৭.৫%। নিম্নেবিত্তে কাঁচা (মাটির) বাসস্থানের সংখ্যা হচ্ছে ৮৫% এবং মধ্যবিত্তে আছে ২%। পানির উৎস সম্পর্কিত তথ্যে, সর্বাধিক সংখ্যক (৭৯.১৭%) উত্তরদাতা ওয়াসার পানি ব্যবহার করে। এই হার হচ্ছে উচ্চবিত্তে, মধ্যবিত্তে ও নিম্নবিত্তে যথাক্রমে শতকরা ৯৫, ৯২.৫ এবং ৫০জন। মোট ১৮টি পরিবারের মধ্যে নিম্নবিত্তের ১২৬টি পরিবারই টিউবওয়েলের পানি ব্যবহার করে ; এদের সংখ্যা হচ্ছে উচ্চবিত্ত, মধ্যবিত্ত ও নিম্নবিত্তে যথাক্রমে শতকরা ২.৫%, ২.% এবং ৪০%। ওয়াশা+টিউবওয়েলে মিলিয়ে পানি ব্যবহার করে থাকে উচ্চবিত্ত ২.৫, নিম্নবিত্ত ১০%, এবং মধ্যবিত্ত (২.৫)। টয়লেট ব্যবহারের ক্ষেত্রে উচ্চবিত্তের সকলেই পাকা টয়লেট ব্যবহার করে থাকে। অন্যদিকে নিম্নবিত্তে শতকরা ১০% পাকা টয়লেট ব্যবহার করে থাকে। এদের শতকরা ৮০ জনই কাঁচা টয়লেট ব্যবহার করে থাকে। মধ্যবিত্তের অধিকাংশের টয়লেটই পাকা (৯২.৫)

## ২. মাতৃস্বাস্থ্য সম্পর্কিত তথ্যাবলী

মাতৃস্বাস্থ্য ও শিশু স্বাস্থ্য অঙ্গাঙ্গিভাবে জড়িত। প্রসূতি মায়ের পর্যাপ্ত পরিচর্যা না হলে শিশুর স্বাস্থ্যের উপর তার নেতিবাচক প্রভাব পড়ে। প্রবন্ধের শুরুতেই

মাতৃস্বাস্থ্যের উপর আলোকপাত করা হয়েছে।

২.১ মাতৃস্বাস্থ্য ঃ মাতৃস্বাস্থ্য সম্পর্কিত তথ্যে গর্ভাবস্থায় যত্ন, ধনুষ্টংকার টীকা, ডেলিভারীর স্থান, ডেলিভারীর সাহায্যকারী, চিকিৎসা ইত্যাদি সম্পর্কিত প্রাপ্ত ফলাফল বিশ্লেষণ করা হয়েছে যা কিনা বর্তমানে মা ও শিশু স্বাস্থ্য MCH (কার্যক্রমে কার্যকর কৌশল ও নীতি নির্ধারণের ক্ষেত্রে সহায়ক হবে। টেবিল-৯ এ দেখা যাচ্ছে যে, বাংলাদেশের অধিকাংশ মা গর্ভাবস্থায় কোন ধরনের চিকিৎসা গ্রহণ করে না। এরূপ উত্তরদাতার সংখ্যা হচ্ছে শতকরা ৫৫.৮৩জন। গর্ভাবস্থায় ডাক্তারের পরামর্শ গ্রহণ করে থাকে শতকরা মাত্র ২০জন উত্তরদাতা এবং ৭জন উত্তরদাতা ডাক্তার ও নার্সদের পরামর্শ গ্রহণ করে থাকে। প্রসূতি অবস্থায় যত্নের ক্ষেত্রে ডাক্তারের সাথে পরামর্শ গ্রহণ করে থাকে উচ্চবিত্তদের মধ্যে সর্বোচ্চ সংখ্যক উত্তরদাতা (৩৭.৫০%) এবং "কোন ধরনের ব্যবস্থা গ্রহণ করে না"-এইরূপ উত্তরদাতার সংখ্যা নিম্নবিত্তে সর্বাধিক (৫০.৮৩%)। শুধু একটি টীকা গ্রহণ করেছে এইরূপ উত্তরদাতার সংখ্যা হচ্ছে শতকরা ১৬.৬৭জন এবং দুই বা ততোধিক টীকা গ্রহণ করেছে এইরূপ উত্তরদাতার সংখ্যা হচেছ শতকরা ৫০.৮০ জন। যদিও শতকরা ৮২.৫০জন উত্তরদাতা দুই বা ততোধিক টি. টি. নিয়েছে; উচ্চবিত্ত শ্রেণীর মায়েদের বিপরীতে নিম্নবিত্ত শ্রেণী মায়েদের সংখ্যা এক্ষেত্রে মাত্র ২৫.০জন।

মা ও শিশুর স্বাস্থ্য রক্ষার ক্ষেত্রে একটি গুরুত্বপূর্ণ উপাদান হচ্ছে ডেলিভারীর সময় চিকিৎসকের তত্ত্বাবধানে মায়েদের সন্তান প্রসব নিশ্চিত করা। কেবল চিকিৎসকের পরামর্শ এবং স্বাস্থ্যসম্মত স্থানে অভাবে বাংলাদেশে অনেক মায়ের বিভিন্ন জটিলতা নবজাতক শিশুর অসুস্থতা এবং মা শিশুর মৃত্যুও হয়ে থাকে। এক্ষেত্রে বর্তমান সমীক্ষায় তাই দেখান হয়েছে যে,ডেলিভারীর স্থান এবং ডেলেভারীর সাহায্যকারী হিসেবে কি ধরনের ব্যবস্থা গ্রহণ করে থাকে।

ডেলিভারীর সময় অধিকাংশ নবজাতক শিশু বাড়ীতেই জন্মগ্রহণ করে থাকে এবং এদের সংখ্যা হচ্ছে শতকরা ৪৩.৩৩জন। এক্ষেত্রে উচ্চবিত্ত, মধ্যবিত্ত ও নিম্নবিত্তদের সংখ্যা হচ্ছে শতকরা ২০.০জন, ৩৫.০জন এবং ৭৫.০জন উত্তরদাতা। অন্যদিকে ক্লিনিক এবং হাসপাতাল ও অন্যান্য স্বাস্থ্যকেন্দ্রে সন্তান

প্রসব করে থাকে।

টেবিল নং-১

| প্রসূতি অবস্থায় যত্ন, ডেলিভারীর স্থান এবং এর সাহায্যকারী সম্পর্কিত উত্তরদাতাদের মতামত | | | | |
|---|---|---|---|---|
| | উচ্চবিত্ত(%) | মধ্যবিত্ত (%) | নিম্নবিত্ত(%) | মোট(%) |
| প্রসূতি অবস্থায় যত্ন | | | | |
| ডাক্তার-এর পরামর্শ | ১৫(৩৭.৫০%) | ১০(২৫০%) | ১(২.৫০%) | ২৬(২১.৬৭%) |
| নার্স-এর পরামর্শ | ১০(২৫.০০) | ১১(২৭.৫০) | ৬(১৫.০%) | ২৭(২২.৫০%) |
| সেশন ব্যবস্থা গ্রহণ করেনি | ১৫(৩৭.৫০) | ১৯(৪৭.৫০) | ৩৩(৮৩.০%) | ৬৭(৫৫.৮৩%) |
| টিটেনাস টীকা গ্রহণ করেনি | ৫(১২.৫০%) | ১৪(৩৫.০%) | ২০(৫০.০%) | ৩৯(৩২.৫০%) |
| শুধুমাত্র একটি | ২(৫.০%) | ৮(২০.০%) | ১০(২৫.০%) | (২০(১৬.৬৭%০ |
| দুই বা ততোধিক | ৩৩(৮২.৫০%) | ১৮(৪৫.০%) | ১০(২৫.০%) | ৬১(৫০.৮৩%) |
| ডেলিভারীর স্থান | | | | |
| ক্লিনিক | ৪(৩৫.০%) | ১০(২৫.০%) | – | ২৪(২০.০%) |
| হাসপাতাল/মাতৃসেবা কেন্দ্র | ১৮(৪৫.০%) | ১৬(৪০.০%) | ১০(২৫.০%) | ৪৪(৩৬.৬৭%) |
| বাড়ীতে | ০৮(২০.০%) | ১৪(৩৫.০%) | ৩০(৭৫.০%) | ৫২(৪৩.৩৩%) |
| ডেলিভারীর সাহায্যকারী | | | | |
| ডাক্তার | ১৮(৪৫.০%) | ১৪(৩৫.০%) | ২(৫.০%) | ৩৪(২৮.৩৩%) |
| নার্স | ১০(২৫.০%) | ১০(২৫.০%) | ৮(২০.০%) | ২৮(২৩.৩৩%) |
| প্রশিক্ষণ প্রাপ্ত দাত্রী | ৬(১৫.০%) | ০৮(২০.০%) | ৮(২০.০%) | ২২(১৮.৩৩%) |
| অপ্রশিক্ষণ প্রাপ্ত দাত্রী | ৩(৭.৫%) | ০৪(১০.০%) | ১০(২৫.০%) | ১৭(১৪.১৭%) |
| আত্মীয়/প্রতিবেশী | ৩(৭.৫০%) | ০৪(১০.০%) | ১২(৩০.০%) | ১৯(১৫.৮৩%) |

মোট উত্তরদাতা উচ্চবিত্ত ৪০+ মধ্যবিত্ত ৪০+ও নিম্নবিত্ত ৪০জন=১২০জন মাত্র শতকরা ২১,৬৭ জন এবং নার্স এর পরামর্শ নিয়ে থাকে শতকরা ২২.৫০জন। এখানে উল্লেখ্য যে গবেষণাটি যেহেতু ঢাকা শহরকেন্দ্রিক এবং উচ্চবিত্ত, মধ্যবিত্ত ও নিম্নবিত্ত উভয় ধরনের উত্তরদাতা, তাই গ্রামাঞ্চলের তুলনায় সুযোগ সুবিধা অধিক থাকায় প্রসূতি অবস্থায় যত্ন, টিটেনাস টীকা গ্রহণ, ডেলিভারীর স্থান, সাহায্যকারী ইত্যাদির ক্ষেত্রে কিছুটা পার্থক্য থাকা স্বাভাবিক। Bangladesh Demographic and Health Survey (1996-1997) পরিচালিত গবেষনায় দেখা গিয়েছে বাংলাদেশে শতকরা ৭১জন মহিলা "গর্ভাবস্থায় কোন ধরনের চিকিৎসা গ্রহণ করেন না" শতকরা ২০.০ এবং ৩৬.৬৭জন। এক্ষেত্রে নিম্নবিত্ত উত্তরদাতাদের সংখ্যা ক্লিনিকে অনুপস্থিত এবং

কেবল মধ্যবিত্তদের সংখ্যা হচ্ছে ২৫% । BDHS 1996-97, কর্তৃক পরিচালিত গবেষণায় দেখা গিয়েছে শতকরা ৯৫জন মায়েদের সন্তান প্রসব হয়ে থাকে বাড়ীতে। কেবল ৪% মায়েরা সন্তান প্রসবের সময় বিভিন্ন স্বাস্থ্যসেবা সুবিধা ভোগ করে থাকে। অন্যদিকে সন্তান জন্মদানের সময় সাহায্যকারী হিসেবে ডাক্তার ও নার্সদের সাহায্য গ্রহণ করে থাকে শতকরা ২৮.৩৩ ও ২২.৩৩ জন উত্তরদাতা। এক্ষেত্রে উচ্চবিত্ত ও মধ্যবিত্তদের হার সর্বাধিক। প্রশিক্ষণ প্রাপ্ত দাই এবং অ-প্রশিক্ষণপ্রাপ্ত দাইদের সাহায্যে সন্তান প্রসব করে থাকে এরূপ উত্তরদাতাদের সংখ্যা হচ্ছে শতকরা ১.৩৩জন এবং ১৪.১৭জন; যেক্ষেত্রে নিম্নবিত্তদের সংখ্যা হচ্ছে সর্বাধিক (৪৫.০%)। শতকরা ১৫.৮৩জন উত্তর দাতা সন্তান প্রসবের সময় আত্মীয় স্বজন বা পাড়া প্রতিবেশীর সাহায্য নিয়ে থাকে বলে মতামত প্রকাশ করেছে। এক্ষেত্রে উচ্চবিত্ত এবং মধ্যবিত্তদের তুলনায় নিম্নবিত্ত উত্তরদাতাদের সংখ্যাই সর্বাধিক (৩০%)। অর্থাৎ নিম্নবিত্ত উত্তরদাতার মধ্যে শতকরা ৭৫জনের বাড়ীতে এবং কোন প্রশিক্ষণ ছাড়া দাই বা আত্মীয় স্বজনের সাহায্যে সন্তান জন্ম হয়ে থাকে। আর সে কারণে বাংলাদেশে নিম্নবিত্ত এবং গ্রামাঞ্চলে প্রসূতি ও শিশু মৃত্যুহার অত্যাধিক।

## ৩. শিশুখাদ্য ও পুষ্টি, শিশুযত্ন ও টীকা সম্পর্কিত তথ্যের বিশ্লেষণ

### ৩.১ শিশুখাদ্য ও পুষ্টি ঃ

ভূমিষ্ট হবার পর শিশুকে কি খাদ্য দিয়েছে সে সম্পর্কিত তথ্যে পরিলক্ষিত হয় যে, সর্বাধিক সংখ্যক (৭২.৫%), উত্তরদাতা শিশুকে শালদুধ দিয়েছে। এর মধ্যে মধ্যবিত্তের সংখ্যাই সবচেয়ে বেশী (৭৭.৫%), নিম্নবিত্তে উত্তরদাতা সংখ্যা হচ্ছে শতকরা ৭২.৫জন এবং সবচেয়ে কম দিয়েছে উচ্চবিত্তে (৬৭.৫%) উত্তরদাতা। শতকরা ২১.৬৭জন উত্তরদাতা শিশুকে মধু দিয়েছে। এর মধ্যে উচ্চবিত্ত, মধ্যবিত্ত ও নিম্নবিত্তের সংখ্যা হচ্ছে যথাক্রমে ২৫%, ২০% এবং ২০% উত্তরদাতা। চিনি, পানি এবং অন্যান্য খাবার দিয়েছে, এরূপ উত্তরদাতার সংখ্যা খুব কম। অন্যদিকে শিশুকে বুকের দুধ প্রদানের সময়কাল সম্পর্কিত প্রাপ্ত তথ্যাবলীর বিন্যাসে দেখা যায় যে, সবচেয়ে বেশী সংখ্যক উত্তরদাতা (৩৭.৫০%) ২ বৎসরেরও বেশী সময় ধরে শিশুকে বুকের দুধ প্রদান করে। এই হার নিম্নবিত্তে সর্বাধিক (৪৫%), উচ্চবিত্তে ও মধ্যবিত্তে এই হার হলো শতকরা ৩২.৫এবং ৩৫জন। ১-২ বৎসর পর্যন্ত শিশুকে বুকের দুধ প্রদান করে শতকরা ৩০.৮৩জন উত্তরদাতা। এর মধ্যে উচ্চবিত্ত, মধ্যবিত্ত ও নিম্নবিত্তের সংখ্যা হচ্ছে শতকরা যথাক্রমে ৩৫, ২৭.৫ এবং

টেবিল নং-১

বুকের দুধের পাশাপাশি শিশুর সম্পূরক খাদ্য ও সময়কাল সম্পর্কিত তথ্যাবলীর বিবরণ

(বন্ধনীযুক্ত নাম্বার শতকরা হার)

| সময়কাল | উত্তরদাতা | খাদ্যের তালিকা | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | খিচুড়ী গণসরণ্য(%) | ডিম % | আটা % | মাছ % | মাংশ | শাকসব্জী | সেরিল্যাক | অন্যান্য ফলমূল |
| ০–৫ | উচ্চবিত্ত | ১৫ (৩৭.৫) | ১৭ (৪২.৫) | ৬ (১৪.%) | ১০ (২৫.০%) | ১৩ (৩২.৫) | ১৫ (৩৭.৫) | – – | – – |
| | মধ্যবিত্ত | ১১ (২৭.৫) | ১৩ ৩২.৫) | ৫ (১২.৫) | ৫ (১২.৫) | ৫ (১২.৫) | ১৩ (৩২.৫) | – – | – – |
| | নম্নবিত্ত | ৪ (১০.৪) | ৩ (৭.৫) | ৩ (৭.৫) | ১ (২.৫) | ১ (২.৫) | ১ (২.৫) | – – | – – |
| ৫–১০ | উচ্চবিত্ত | ১৪ (৩৫.০) | ১৬ (৪০.০) | ১৬ (৪০.০) | ১৭ (৪২.৫) | ১৫ (৩৭.৫) | ১৫ (৩৭.৫) | ৮ (২০.০) | ১ (২.৫) |
| | মধ্যবিত্ত | ১৮ (৪৫.০) | ১৯ (৪৭.৫) | ২০ (৫০.০) | ৫ (৩৭.৫) | ১৪ (৩৫.০) | ১৪ (৩৫.০) | ৮ (২০.০) | ৩ (৭.৫) |
| | নিম্নবিত্ত | ১৯ (৪৭.০) | ১২ (৩০.০) | ১২ (৩০.০) | – – | – – | – – | | |

চলমান পাতা-২

| সময়কাল | উত্তরদাতা | খাদ্যের তালিকা | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | খিচুড়ী গণসরণ্য(%) | ডিম % | আটা % | মাছ % | মাংশ | শাকসব্জী | সেরিল্যাক | অন্যান্য ফলমূল |
| | উচ্চবিত্ত | ৭ | ৫ | ৭ | ৪ | ৫ | ৫ | ১ | ২ |
| | | (১৭.৫) | (১২.৫) | (৭.৫) | (১০.০) | (১২.৫) | (১২.৫) | (২.৫) | (৫.০%) |
| ১০-১৫ | মধ্যবিত্ত | ৩ | ৪ | ২ | ৮ | ৮ | ১ | ১ | – |
| | | (৭.৫) | (১০.০) | (৫.০) | (২০.০) | (২০.৮) | (৫.০) | (২.৫) | – |
| | নিম্নবিত্ত | ৭ | ১০ | ১০ | ১২ | ১০ | ২ | ২ | – |
| | | (১৭.৫) | (২৫.০) | (২৫.০) | (৩০.০) | (২৫.০) | (৫.) | (৫.) | – |
| | উচ্চবিত্ত | ১ | ১ | ৩ | ৪ | ৫ | ৫ | – | – |
| | | (২.৫) | (২.৫) | (৭.৫) | (১০.০) | (১২.৫) | (১২.৫) | – | – |
| ১৫-৩০ | মধ্যবিত্ত | ২ | ৩ | ৫ | ৩ | ৮ | ৮ | – | ১ |
| | | (২.৫) | (৭.৫) | (১১.৫) | (৭.৫) | (২০.০) | (২০.০) | – | (২.৫) |
| | নিম্নবিত্ত | ৩ | ৪ | ৩ | ৫ | ৬ | ৬ | – | ১ |
| | | (৭.৫) | (১০.০) | (৭.৫) | (১৫.০) | (১৫.০) | (১৫.০) | – | (২.৫) |

মোট উত্তরদাতা উচ্চবিত্ত ৪০+মধ্যবিত্ত ৪০ +নিম্নবিত্ত ৪০=১২০জন

৩০জন। আদৌ বুকের দুধ প্রদান করেনি এইরূপ উত্তরদাতা সবচেয়ে কম (২৫.৮৬)। যে সব কারণে বুকের দুধ শিশুকে প্রদান করে না, তা হচ্ছে– শারীরিক সমস্যা, অজ্ঞতা, ঝামেলা, বাইরে থাকার কারণে এবং পারিবারিক মূল্যবোধে ইত্যাদি।

রান্না ও রক্ষণাবেক্ষণ সম্পর্কে উত্তরদাতাদের মতামতের বিন্যাস সম্পর্কিত তথ্যে দেখা যায় যে, শাকসজী কাটার পূর্বে ধুয়ে থাকে শতকরা ২৬.৬৭জন এবং বেশী সংখ্যক উত্তরদাতাই কাটার পরে শাকসজী-তরিতরকারী ধুয়ে থাকে (৭৩.৩৩%)। এর ফলে খাদ্যগুন অনেকাংশে নষ্ট হয়ে যায়। অন্যদিকে শাকসজী-তরিতরকারীতে তেল ব্যবহার করে থাকে বেশীরভাগ উত্তরদাতাই (৬৮.৩৩%), তবে এক্ষেত্রে উচ্চবিত্ত ও মধ্যবিত্তের সংখ্যাই বেশী। নিম্নবিত্তের ক্ষেত্রে শতকরা ৭০.০০জন উত্তরদাতা কোন ধরনের তেল ব্যবহার করে না। এর কারণ হিসেবে অজ্ঞতা ও আর্থিক সংকট দু-ই দায়ী। শিশুদেরকে বাসী-পচা খাবার দেয়ার ক্ষেত্রে উচ্চবিত্ত ও মধ্যবিত্তের উত্তরদাতাদের সংখ্যা খুবই কম, তবে এক্ষেত্রে নিম্নবিত্ত উত্তরদাতাদের সংখ্যা সর্বাধিক (৫০.০০%)। তাছাড়া পানি ফুটিয়ে পান করে এরূপ উত্তরদাতার সংখ্যা সর্বাধিক হার উচ্চবিত্তে সর্বাধিক (৯০.০%) এবং মধ্যবিত্তে শতকরা ৭২.৫জন। শতকরা ৪১.৬৭জন উত্তরদাতা পানি ফুটিয়ে রাখে না; এক্ষেত্রে নিম্নবিত্তের হার সর্বাধিক (৮৭.৫%)। পুষ্টিগুণ বজায় রাখার জন্যে রান্না করার সময় ঢাকনা মুখে রান্না করে থাকে শতকরা ৫৮.৩৩জন এর মধ্যে উচ্চবিত্ত সর্বাধিক (৭৫.০%) এবং মধ্যবিত্তের সংখ্যা হচ্ছে শতকরা ৬২.৫%। অন্যদিকে ঢাকনা মুখে রান্না করে না এরূপ উত্তরদাতার সংখ্যা হচ্ছে ৪১.৬৭জন; যার মধ্যে নিম্নবিত্তের সংখ্যা সর্বাধিক (৬২.৫০%)।

## টেবিল-৩
## শিশুর পরিস্কার পরিচ্ছন্নতা সম্পর্কিত তথ্যাবলী

| গৃহীত ব্যবস্থা | উচ্চবিত্ত | মধ্যবিত্ত | নিম্নবিত্ত | মোট | শতকরা |
|---|---|---|---|---|---|
| প্রত্যহ গোসল করান | ৩৯(৯৬.৫) | ৩৭(৯২.৫) | (৩১(৭৭.৫) | ১০৭ | ৮৯.১৭ |
| প্রত্যহ গোসল করান না | ১(২.৫%) | ৩(৭.৫০) | ৯(২২.৫০) | ১৩ | ১০.৮৩ |
| খাবার পূর্বে হাতমুখ ধৌত করান | ৩০ | ৩২ | ২৫ | ৮৭ | ৭২.৫০ |
| | (৭৫.০০) | (৮০.০০) | ৬২.৫০ | | |
| খাবার পূর্বে হাতমুখ ধৌত করান না | ১০ | ০৮ | ১৫ | ৩৩ | ২৭.৫০ |
| | (২৫.০০) | (২০.০০) | (৩৭.৫০) | | |
| টয়লেট থেকে আসার পর | ৩৯ | ৩৮ | ২০ | ৯৭ | ৪৮০.৮০ |
| পর হাত পরিস্কার করান | (৯৭.৫০) | (৯৫.০০) | (৫০.০০) | | |
| টয়লেট থেকে আসার পর | ১ | ২ | ২০ | ২৩ | ১৯.১৭ |
| হাত পরিস্কার করান না | (২.৫০) | (৫.০০) | (৫০.০০) | | |
| পরিধেয় বস্ত্র নিয়মিত | ৩৭ | ৩০ | ২২ | ৮৯ | ৭৪.১৭ |
| ধুয়ে থাকেন | (৯২.৫) | (৭৫.০০) | (৫৫.০০) | | |
| পরিধেয় বস্ত্র নিয়মিত | ৩ | ১০ | ১৮ | ৩১ | ২৫.৮৩ |
| ধুয়ে থাকে না | (৭.৫%) | (২৫.০০) | (৪৫.০০) | | |
| সাপ্তাহিক নখ কাটান | ৩৬ | ৩২ | ২৩ | ৯১ | ৭৫.৮৩ |
| | (৯০.০) | ৮০.০০ | (৫৭.৫০) | | |
| সাপ্তাহিক নখ কাটান না | ৩ | ৮ | ১৭ | ২৮ | ২৪.১৭ |
| | (৭.৫) | (২০.০০) | (৪২.৫০) | | |

শিশুর পরিস্কার পরিচ্ছন্নতা সম্পর্কিত তথ্যাবলীর বিশ্লেষণে দেখা যায় যে, ৮৯.১৭ জন উত্তরদাতা শিশুকে প্রত্যহ গোসল করান; এই হার উচ্চবিত্তে সর্বাধিক (৯৭.৫%) এবং মধ্যবিত্ত ও নিম্নবিত্তে যথাক্রমে শতকরা ৯২.৫ এবং ৭৭.৫০জন। ৭২.৫০জন উত্তরদাতাই খাবার পূর্বে হাত ধৌত করান এবং ৮০.৮৩জন উত্তরদাতাই টয়লেট থেকে আসার পরে হাত পা পরিস্কার করান। তবে উল্লেখ্য যে, উচ্চ ও মধ্যবিত্তে এ হার সর্বাধিক এবং নিম্নবিত্তের ক্ষেত্রে অর্ধেক উত্তর দাতাই (৫০%) টয়লেট থেকে আসার পর হাত পরিস্কার করান না। এছাড়া শিশুর পরিস্কার-পরিচ্ছন্নতার ক্ষেত্রে শিশুকে প্রতিদিন গোসল করান, শিশুর পরিধেয় বস্ত্র নিয়মিত পরিস্কার করা এবং এন্টিসেপটিক ডেটল ব্যবহারের ক্ষেত্রে উচ্চবিত্ত উত্তরদাতাদের সংখ্যা বেশী। অন্যদিকে উপরোক্ত দিকগুলির ক্ষেত্রে নিম্ন বিত্তের উত্তরদাতারা অপেক্ষাকৃত কম সচেতন এবং কম গুরুত্ব দিয়ে থাকে। শিশুর নখ কাটা বা নখ পরিস্কার রাখার ব্যাপারেও উচ্চবিত্ত ও মধ্যবিত্ত উত্তরদাতারা নিম্নবিত্তের তুলনায় বেশী যত্নশীল।

**টেবিল-৪**

**শিশুকে টীকাদান ও ভিটামিন এ ক্যাপসুল প্রদান সম্পর্কিত তথ্যাবলীর বিন্যাস**

| টীকাদান ও ভিটামিন ও ক্যাপসুল প্রদান | উচ্চবিত্ত | মধ্যবিত্ত | নিম্নবিত্ত | মোট | শতকরা |
|---|---|---|---|---|---|
| শিশুকে মোট টীকা দিয়েছে | ৩৯ (৯৭.৫) | ৩৮ (৯৫.০) | ৩৪ (৮৫.০) | ১১১ | ৯২.৫০ |
| শিশুকে সবগুলো টীকা দিয়েছে | ২৭ (৬৭.৫%) | ২৪ (৬০.০০) | ১১ (২৭.৫%) | ৬২ | ৫৫.৮৬ |
| শিশুকে আংশিক টীকা দিয়েছে | ১২ (৩০.০০) | ১৪ (৩৫.০০) | ২৩ (৫৭.৫%) | ৪৯ | ৪৪.১৪ |
| শিশুকে আদৌ টীকা দেয়নি | ১ (২.৫) | ২ (৫.০) | ৬ (১৫.০০) | ৯ | ৬.৬৭ |
| এ ক্যাপসুল প্রদান করেছে | ৩০ (৭৫.০) | ৩২ (৮০.০) | ২০ (৫০.০) | ৮২ | ৬৮.৮৮ |
| এ ক্যাপসুল প্রদান করেনি | ১০ (২৫.০) | ৮ (২০.০০) | ২০ (৫০.০) | ৩৮ | ৩১.৬৭ |

বর্তমান সরকারী ও বেসরকারী পর্যায়ে সম্পসারিত টীকা দান কর্মসূচীর আওতাধীন সকল শিশুকে টীকা প্রদানের আওতাভুক্তির লক্ষ্যমাত্রা থাকলেও বর্তমান গবেষণার তথ্যে তা অত্যন্ত হতাশাব্যঞ্জক। যদিও শিশুকে টীকা দিয়েছে শতকরা ৯২.৫জন উত্তরদাতা, কিন্তু শিশুকে সবগুলো টীকা দিয়েছে এরূপ উত্তরদাতার সংখ্যা হচ্ছে মাত্র শতকরা ৫৫.৮৫জন। এই হার উচ্চবিত্তে সর্বাধিক (৬৭.৫%) এবং মধ্যবিত্তে ও নিম্নবিত্তে এই হার যথাক্রমে শতকরা ৬০.০জন এবং ২৭.৫জন। শিশুকে আংশিক টীকা প্রদান করেছে শতকরা ৪৪.১৪জন উত্তরদাতা; এক্ষেত্রে নিম্নবিত্তে সর্বাধিক উত্তরদাতা (৫৭.৫%) এবং মধ্যবিত্তে ও উচ্চবিত্তে যথাক্রমে শতকরা ৩৫.০ ও ৩০.০জন। খুব কমসংখ্যক উত্তরদাতাই শিশুকে আদৌ কোন টীকা প্রদান করেনি এবং এ ক্ষেত্রেও নিম্নেবিত্তের সংখ্যা সর্বাধিক (১৫.০০)। শিশুদের অন্ধত্বের হাত থেকে রক্ষা করার জন্যে সরকার বিনামূল্যে মাঠকর্মী বা পরিবার কল্যাণ কেন্দ্র বা হাসপাতাল এর মাধ্যমে ভিটামিন ক্রম্বইম্বম্ব ক্যাপসুল প্রদান করে থাকে। কিন্তু বর্তমান সমীক্ষায় দেখা গিয়েছে যে, এই ৬৮.৮৮% উত্তরদাতা কেবল ভিটামিন ক্রম্বএম্বম্ব ক্যাপসুল প্রদান করেছে এক বা একাধিক সময়ে। ক্রম্বম্বএম্বম্ব ক্যাপসুল প্রদানের ক্ষেত্রে উচ্চবিত্ত ও মধ্যবিত্তে তুলনায় নিম্নবিত্তের উত্তরদাতাদের সংখ্যা অনেক কম। উল্লেখ্য যে, টীকা এবং ভিটামিন "এম্বম্ব ক্যাপসুল না প্রদানের ক্ষেত্রে অজ্ঞতা, অস্বচ্ছলতা, অলসতা, সময় হয়নি, ঝামেলাপূর্ণ কাজ ইত্যাদি কারণসমূহকে দায়ী করেছে।

**শিশুরোগ ও শিশুসেবা সম্পর্কিত তথ্যাবলী ঃ**

বাংলাদেশে শিশু মৃত্যুহার অন্যান্য দেশের তুলনায় অনেক বেশী। বর্তমানে প্রতি হাজারে ১১৭জন শিশু বিভিন্ন রোগে অসুস্থ হয়ে মৃত্যুবরণ করে। শিশুরা সাধারণত যেসব রোগ ভোগ করে থাকে তা হচ্ছে;আমাশয়, নিউমোনিয়া, টাইফয়েড, ডায়রিয়া, হুপিং কাশি, জন্ডিস, হাম, সর্দি, কাশি, জ্বর ইত্যাদি। বর্তমান সমীক্ষাতেও দেখা যায় যে, শিশুরা সাধারণত যে সব রোগে ভোগে

তার মধ্যে বেশীর ভাগই (৯০.৮৩%) ঠান্ডা/সর্দি/কাশি/জ্বর ভোগ করে থাকে বলে উত্তরদাতারা মতামত প্রকাশ করেছে।

**টেবিল নং-৫**

**শিশুরা সাধারণত যে সব অসুখে ভোগ তার বিবরণ**

| অসুস্থতার ধরন | উচ্চবিত্ত | মধ্যবিত্ত | নিম্নবিত্ত | মোট | শতকরা হার |
|---|---|---|---|---|---|
| ঠান্ডা/সর্দি/কাশি/জ্বর | ৩২<br>(৮০.০০) | ৩৮<br>(৯৫.০) | ৩৯<br>(৯৭.৫%) | ১০৯ | ৯০.৮৩ |
| পেটের অসুখ, (আমাশয় পেট খারাপ, পেট ব্যাথা কৃমি ইত্যাদি) | ৭<br>(১৭.৫) | ৬<br>(১৫.০) | ৬<br>(১৫.০) | ১৯ | (১৫.৮৩) |
| ডায়রিয়া | ১০<br>(২৫.০) | ১১<br>(২৭.৫০) | ২৫<br>(৬২.৫০) | ৪৬ | (৩৮.৩৩) |
| নিউমোনিয়া | ২<br>(৫.০০) | ৪<br>(১০.০০) | ০<br>(২৫.০০) | ১৬ | (১৩.৩৩) |
| জন্ডিস | ৩<br>(৭.৫০) | ৩<br>(৭.৫০) | ৮<br>(২০.০০) | ১৪ | (১১.৬৭) |
| হুপিং কাশি | ২<br>(৫.০০) | ৫<br>(১২.৫০) | ১২<br>(৩০০০) | ১৯ | (১৫.৮৩) |
| অন্যান্য | ৫<br>(১২.৫০) | ৬<br>(১৫.০০) | ১৪<br>(৩৫.০০) | ২৫<br>(২৪.৮) | (২০.৮৩) |

ব্র্যাকেট এর মধ্যে কলাম শতকরা হার প্রত্যেকটি শ্রেণীর মোট উত্তরদাতার (উঃ ৪০ মধ্যঃ ৪০ নিম্ন ঃ ৪০)

এর মধ্যে উচ্চবিত্ত মধ্যবিত্ত ও নিম্নবিত্তের হার যথাক্রমে ৮০%, ৯৫% এবং ৪৭.৫% জন। পরেই ডায়রিয়া আক্রান্ত হয়ে থাকে বলে শতকরা ৩৮.৩৩জন উত্তরদাতা মতামত দিয়েছে, এর্ব এক্ষেত্রে নিম্নবিত্তের হার সর্বাধিক (৬২.৫০%)। পেটের অসুখ এবং হুপিং কাশিং কথা উল্লেখ করেছে সমসংখ্যক উত্তরদাতা। এদের সংখ্যা হচ্ছে শতকরা ১৫.৮৩জন। তাছাড়া নিউমোনিয়া, জন্ডিস এবং অন্যান্য রোগে শিশুরা আক্রান্ত হয়ে থাকে বলে

জানিয়েছে শতকরা ১৩.৩৩, ১১.৬৭ এবং ২০.৮৩জন। উল্লেখ্য যে প্রত্যেকটি রোগের ক্ষেত্রে উচ্চবিত্ত বা মধ্যবিত্তের তুলনায় নিম্নবিত্তের শিশুরা বেশী অসুস্থতার কথা উল্লেখ করেছে। এর কারণ হিসেবে আর্থিক অসংগতি, অসচেতনতা এবং ঠিকসময়ে চিকিৎসার অভাবই দায়ী।

## শিশু চিকিৎসাজনিত সেবা ঃ

শিশু অসুস্থ হলে কোন ধরনের প্রতিষ্ঠান থেকে চিকিৎসা ব্যবস্থা গ্রহণ করা হয় সে সম্পর্কিত তথ্যে দেখা যায় যে, সর্বাধিক সংখ্যক উত্তরদাতা (৬০.৮৩%) এ্যালোপ্যাথিক চিকিৎসা ব্যবস্থা গ্রহণ করে থাকে। এই হার উচ্চবিত্ত, মধ্যবিত্ত ও নিম্নবিত্ত সব ক্ষেত্রেই প্রায় সর্বাধিক (যথাক্রমে শতকরা ৭৭.৫, ৮০.০% ও ২৫.০%)।

টেবিল নং-৬

শিশুদের চিকিৎসাজনিত সেবা সম্পর্কিত মতামতের বিবরণ

| উৎসসমূহ | উচ্চবিত্ত | মধ্যবিত্ত | নিম্নবিত্ত | মোট | শতকরা হার |
|---|---|---|---|---|---|
| হোমিওপ্যাথ | ৩ (৭.৫%) | ১২(৩০.০%) | ১৯(৪৭.৫০) | ৩৪ | ২৮.৩৩ |
| কবিরাজ | – | ৩(৭.৫০%) | ৪(১০.০%) | ৭ | ৫.৮৩ |
| ঝাড়ফুক | – | ১(২.৫%) | ৫(১২.৫%) | ৬ | ৫.০০ |
| এ্যালোপ্যথিক (প্রাইভেট) | ৩১(৭৭.৫%) | ৩২(৮০.০%) | ১০(২৫.০%) | ৭৩ | ৬০.৮৩ |
| সরকারী হাসপাতাল | ৭(১৭.৫%) | ৯(২২.৫%) | ১২(৩০.০%) | ২৮ | ২৩.৩৩ |
| বেসরকারী হাসপাতাল | ১(২.৫%) | ৫(১২.৫%) | ৩(৭.৫%) | ৯ | ৭.৫ |
| ক্লিনিক | ১৩(৩২.৫%) | ২(৫.০%) | – | ১৫ | ১২.৫ |
| কোন ব্যবস্থাই গ্রহণ করে না | – | ১(২.৫%) | ৩(৭.৫%) | ৪ | ৩.৩৩ |
| মোট | ৫৫ | ৬৫ | ৫৬ | ১৭৬ | |

(একাধিক উত্তর)

শিশুদের চিকিৎসার ব্যাপারে শতকরা মাত্র ২৩.৩৩জন উত্তরদাতা সরকারী হাসপাতালের কথা উল্লেখ করেছে, এর মধ্যে নিম্নবিত্ত উত্তরদাতাদের সংখ্যা সর্বাধিক (৩০.০%)। হোমিওপ্যাথ ও কবিরাজদের মাধ্যমে চিকিৎসা করে থাকে এইরূপ উত্তরদাতাদের সংখ্যা হচ্ছে শতকরা ২৮.৩৩ এবং ৫.৮৩জন। এক্ষেত্রেও নিম্নবিত্ত উত্তরদাতাদের সংখ্যাই বেশী।

ব্যক্তিগতভাবে ক্লিনিকের আশ্রয় গ্রহণ করে থাকে এরূপ উত্তরদাতার মধ্যে উচ্চবিত্ত ৩২.৫% এবং মধ্যবিত্ত ৫%। উল্লেখ্য যে, ঝাড়ফুক, কবিরাজ এবং কোন ব্যবস্থাই গ্রহণ করে না এইরূপ উত্তরদাতা উচ্চবিত্তে সম্পূর্ণভাবে অনুপস্থিত অন্যদিকে নিম্নবিত্ত উত্তরদাতাদের মধ্যে হোমিওপ্যাথ, সরকারী হাসপাতাল, কবিরাজ, ঝাড়ফুক বা কোন ব্যবস্থাই গ্রহণ করে না এইরূপ উত্তরদাতাই বেশী। এজন্যে শিশু মৃত্যুহার নিম্নবিত্তদের মধ্যে বেশী।

## চিকিৎসা ব্যবস্থা উন্নয়নকল্পে উত্তরদাতাদের সুপারিশসমূহ ঃ

শিশুদের প্রচলিত চিকিৎসা ব্যবস্থা সরকারী ও বেসরকারী পর্যায়ে কতটুকু পর্যাপ্ততা বা অপর্যাপ্ততা রয়েছে সে সম্পর্কিত তথ্যে দেখা যায় যে, মাত্র শতকরা ৩২.৫জন উত্তরদাতা গৃহীত ব্যবস্থা পর্যাপ্ত বলে জানিয়েছে। সর্বাধিক সংখ্যক উত্তরদাতা শতকরা ৬২.৫জন উত্তরদাতাই সরকারী/বেসরকারী পর্যায়ে গৃহীত ব্যবস্থাবলী অপর্যাপ্ত বলে মতামত প্রকাশ করেছে। এরমধ্যে উচ্চবিত্তে সর্বাধিক (৭২.৫%), মধ্যবিত্তে শতকরা ৫৫জন এবং নিম্নবিত্তে শতকরা ৬৯জন উত্তরদাতা। কোন ধরনের মন্তব্য করেনি এরূপ উত্তরদাতার সংখ্যা শতকরা ৫জন।

শিশু সেবার মান উন্নয়নে সর্বাধিক সংখ্যক উত্তরদাতা ডাক্তার, নার্স ও হাসপাতালের সংখ্যা বৃদ্ধির সুপারিশ করেছে। এর মধ্যে উচ্চবিত্ত, মধ্যবিত্ত ও নিম্নবিত্তের সংখ্যা যথাক্রমে শতকরা ৪৫.০, ৫০.০ ও ৩৭.৫জন। গরীবদের জন্য ফ্রি ঔষধ ও ফ্রি হাসপাতালের ব্যবস্থা করার সুপরিশ করেছে শতকরা ২৫জন উত্তরাদাতা। নিম্নবিত্তের এই হার সর্বাধিক (৪০%)

টেবিল নং-৭

## চিকিৎসা ব্যবস্থাবলীর পর্যাপ্ততা/অপর্যাপ্ততা এবং এর মান উন্নয়নে উত্তরদাতাদের সুপারিশসমূহঃ

| মতামতের বিবরণ | উচ্চবিত্ত | মধ্যবিত্ত | নিম্নবিত্ত | মোট% |
|---|---|---|---|---|
| পর্যাপ্ত বলে মনে করেন | ১১(২৭.৫) | ১৫(৩৭.৫) | ১৩(৩২.৫) | ৩৯(৩২.৫) |
| পর্যাপ্ত বলে মনে করেন না | ২৯(৭২.৫) | ২২(৫৫.০) | ২৪(৬০.০) | ৭৫(৬২.৫) |
| মন্তব্য করেননি | – | ৩(৭.৫) | ৩(৭.৫%) | ৬(৫.০০) |
| মোট | ৪০ | ৪০ | ৪০ | ১২০(১০০) |
| সুপারিশ সমূহ | উচ্চবিত্ত | মধ্যবিত্ত | নিম্নবিত্ত | মোট % |
| ডাক্তার নার্স ও হাসপাতালের | | | | |
| সংখ্যা বৃদ্ধি | ১৮(৪৫.০) | ২০(৫০%) | ১৫(৩৭.৫) | ৫৩(৪৪.১৭) |
| গণমাধ্যমের প্রচার | | | | |
| বৃদ্ধির মাধ্যমে সচেতনতা | ৫(১২.৫) | ৪(১০.০) | ৪(১০.০) | ১৩(১০.৮০) |
| গরীবএদের জন্য ফ্রি এবং | | | | |
| ঔষধ রং ও অর্থের ব্যবস্থা | ৯(২২.৫০) | ৫(১২.৫০) | ১৬(৪০.০) | ৩০(২৫.০) |
| ডাক্তার ও নার্সদের দায়িত্ব | | | | |
| সচেতনতা বৃদ্ধি | ৭(১৭.৫০) | ৫(১২.৫) | ৪(১০.০) | ১৬(১৩.৩৩) |
| স্বাস্থ্য কর্মীদের ট্রেনিং | | | | |
| এর ব্যবস্থা | ২(৫.০) | ২(৫.০) | ২(৫.০) | ৬(১৫.০) |
| অন্যান্য | ১৮(৪৫.০) | ৬(১৫.০) | ২(৫.০) | ২৬(২১.৬৭) |
| মোট | ৫৯ | ৪২ | ৪৩ | |

ডাক্তার নার্সদের দায়িত্ব সচেতনতা বৃদ্ধির সুপারিশ করেছে শতকরা ১৩.৩৩ জন উত্তরদাতা, যা উচ্চবিত্তে সর্বাধিক (১৭.৫%)। স্বাস্থ্য কর্মীদের ট্রেনিং এর ব্যবস্থা এবং গণ মাধ্যমে প্রচার বৃদ্ধির মাধ্যমে গণসচেতনতা বৃদ্ধির সুপারিশ করেছে যথাক্রমে শতকরা ৫.০০ ও ১০.৮০ জন উত্তরদাতা/অন্যান্য সুপরিশের মধ্য ডাক্তারদের গ্রামে বাধ্যতামূলক অবস্থান, স্বাস্থ্যখাতে বাজেট বৃদ্ধি সেবার মান উন্নয়ন, জনগণের মধ্যে শিক্ষার হার বৃদ্ধি ইত্যাদি প্রধান এবং এই হার শতকরা ২১.৬৭জন।

## উপসংহার

উপসংহারে বলা যায় যে, শিশুস্বাস্থ্য, পুষ্টি যত্ন ও সেবার ক্ষেত্রে পরিবারের লোকজন বিশেষ করে মায়েরা গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে থাকেন। বর্তমান গবেষণার ফলাফলেও দেখা গিয়েছে যে, উচ্চবিত্তের শিক্ষিত ও সচেতন মায়েরাই শিশুপুষ্টি, সেবা, যত্ন সম্পর্কে নিম্নবিত্ত অশিক্ষিত, অসচেতন মায়েদের তুলনায় বেশী সচেতন। এজন্য পুষ্টিশিক্ষা কার্যক্রম বিভিন্ন অপুস্টিগ্রস্ত জনগোষ্ঠীর জন্য আলাদা হতে পারে এবং তার সাফল্য নির্ভর করে কার্যকর জনসংযোগ মাধ্যমের উপর। যদিও দারিদ্র অপুষ্টির মূল কারণ, তবুও পুষ্টি শিক্ষা ও বিভিন্ন ধরনের স্বাস্থ্যসেবা জনগণের মধ্যে সুষ্ঠু খাদ্যাভাস গড়ে তোলা, চিরাচরিত ভুল খাদ্যাভ্যাস দূর করা এবং শিশুদের রোগ সম্পর্কে সচেতনতা আনয়ন, টীকা প্রদান, শিশুর নিরাপদ জন্মস্থানের ব্যবস্থাকরণ, শিশু মৃত্যুহার হ্রাস, শিশুপুষ্টি, যত্ন ও সেবার ক্ষেত্রে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখতে পারে। উন্নয়নশীল দেশসহ বাংলাদেশে পুষ্টি শিক্ষা ও স্বাস্থ্যসেবার উন্নয়ন ছাড়া কোনক্রমেই শিশুদের মৃত্যুহার রোধ, প্রসূতি মৃত্যুহার রোধ, স্বাস্থ্য ও পুষ্টিগত মান উন্নয়ন সম্ভব নয়। এক্ষেত্রে সরকার ও বেসরকারী পর্যায়ে বিভিন্ন প্রতিরোধমূলক ব্যবস্থা গ্রহণ করতে হবে।

সাম্প্রতিক ইউনিসেফ কর্তৃক প্রকাশিত "স্বাস্থ্যতথ্য" সম্পর্কিত একটি বই প্রকাশিত হয়েছে যা শিশুদের বিকাশ, খাদ্যাভ্যাস, শিশুযত্ন ও পরিচর্যা সম্পর্কে কার্যকর ভূমিকা পালন করছে। লোক কাহিনীর মাধ্যমে রচিত বিভিন্ন ধরনের পুষ্টিবার্তা গ্রাম্য জনগোষ্ঠীর সচেতনতার ক্ষেত্রে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করতে পারে। অধিক পুষ্টি ও অপুষ্টি উভয়ক্ষেত্রে অন্যান্য প্রতিরোধী ব্যবস্থার সঙ্গে বিশেষ ধরনের পুষ্টি ও স্বাস্থ্য শিক্ষা কার্যক্রম দরকার। প্রতিটি কার্যক্রমই জনগণের প্রয়োজন অনুসারে প্রণয়ন করতে হবে। উদাহরণস্বরূপ, গর্ভবতী ও প্রসূতি মায়েদের ক্ষেতে-খামারের ভাল খাদ্য উৎপাদনের পদ্ধতি শিক্ষা যথাযথ নয়, তার পরিবর্তে পরিবারের জন্য সুষম খাদ্য প্রস্তুত, রন্ধনপ্রণালী সম্পর্কে প্রশিক্ষণ যেমন অধিকতর কার্যকর তেমনিভাবে গ্রামে পুরুষ সদস্যদের খাদ্য উৎপাদনের কৌশলের সাথে পুষ্টি শিক্ষা একটি গুরুত্বপূর্ণ কৌশল হিসেবে নির্ধারণ করা যেতে পারে। আবার বাল্যবিবাহ এবং অল্প বয়সে গর্ভবতী হওয়া দুই-ই মা ও নবজাতক শিশু উভয়ের জন্যে স্বাস্থ্য ও পুষ্টি এবং বেড়ে ওঠার ক্ষেত্রে ক্ষতিকর। তাই এসব বিষয়ে বয়স্ক শিক্ষা, প্রাইমারী স্কুল এবং উপানুষ্ঠানিক প্রাথমিক শিক্ষা কেন্দ্রগুলোর মাধ্যমে সচেতনতা আনয়ন করা প্রয়োজন। পরিশেষে বলা যায় যে, উন্নয়নশীল দেশের জনগণের স্বাস্থ্য, পুষ্টি, সেবা, যত্ন,

মাতৃস্বাস্থ্য, পরিবার পরিকল্পনা ইত্যাদির জন্য সঠিক কোন নির্দিষ্ট কৌশল নেই, তাই একাধিক কার্যক্রম গ্রহণের অভিজ্ঞতার মাধ্যমে অবিরাম প্রচেষ্টা চালিয়ে যাওয়া আবশ্যক।

## তথ্য নির্দেশিকা


১. হোসেন, একরাম (১৯৯৮) *"শিশুর বাঁচার অধিকার"* উন্নয়ন পদক্ষেপ লালমাটিয়া ৩/৪ ব্লক ডি, ঢাকা, পৃষ্ঠা-৪০।

২. হক মাহ্বুব উল, (১৯৯৭) *"দক্ষিণ এশিয়ার মানব উন্নয়ন রিপোর্ট"* ইউনিভার্সিটি প্রেস লিমিটেড, পৃষ্ঠা ৪৮ ও ৪৯।

৩. আবদুল্লাহ এম (১৯৮৯) *"বাংলাদেশের পুষ্টি সমস্যা ঃ একটি প্রায়োগিক পর্যালোচনা"* ঢাকা বিশ্ববিদ্যালয় পত্রিকা ৩৩তম সংখ্যা, ফেব্রুয়ারী পৃঃ ১১৫

৪. মাহ্বুব উল হক, প্রাগুক্ত, পৃঃ ৪৯ এবং "Bangladesh National Nutrition Survey INFIS, 1995-96.

৫. Hellen keller International (HKI) (1995). "Nutritional Surveillance Project : Vitamin A Capsule Distribution Compaign. Dhaka Helen keller International. Dhaka-Bangladesh.

৬. BBS and UNICEF, (1996-1997) "Multiple Indicator Cheatr Survey (NICS).

৭. P. A damson (1996) 'A Failure of Imagination (in the progress of nations) 1996 UNICEF.

৮. S. N. Miitra and elal (1997) "Bangladesh Demographic and Health Survey Report" National Institute of population Research and Training (NIPORT), Dhaka. Bangladesh P : 111. and Sample vital Registration System BBS (1996 Figure Provisional)

৯. International Center for Diarrhoeal Disease Research, Bangladesh (ICDDRB). 1997. Glimpse 19:2. Dhaka : ICDDRB.

১০. Basui, Abdullah Hit; Robert E. Black, Shamsuel Arifeen, okenneth hill, S. N. Mitra and Ahmed Al-Sabir 1997. *"Cause of childhood deaths in Bangladesh : Result of nation-wide verbal autopsy study"* Special Research Report, Dhaka. International Center for Diarrhoeal Disease Research, Bangladesh.

১১. S. N. Mint and Et al "Bangladesh Demographic and Health Survey-1997 এবং দি জার্নাল অব সোস্যাল ডেভেলপমেন্ট, জুলাই'৯২ পৃঃ ১৮।

১২. হোসেন, একরাম (১৯৯৮) প্রাগুক্ত, পৃষ্ঠা ৪১।

১৩. সাপ্তাহিক বিচিত্রা, ২৬শে আগষ্ট, ৯৪ পৃ-২৭।

১৪. Government of Bangladesh "The Fifth Five-year pland 1997-2002, P " 459

# পুস্তক পর্যালোচনা
## *বঙ্গভবনে পাঁচ বছর*

**লেখক ঃ মাহবুব তালুকদার**

**পর্যালোচক : জি, এম, আজিজুর রহমান ***

## ভূমিকা

'বঙ্গভবনে পাঁচ বছর' মাহবুব তালুকদার কর্তৃক লিখিত একটি বই। প্রকাশক মহিউদ্দিন আহমেদ, দি ইউনিভার্সিটি প্রেস লিমিটেড। বইটির প্রচ্ছদ এঁকেছেন মামুনুর রশীদ। প্রচ্ছদে ধূসর জলছাপের আকারে অস্পষ্ট অবয়বে বঙ্গভনের চিত্র রয়েছে, যা বঙ্গভবন সম্পর্কে মানুষের অস্পষ্ট ধারণারই বিমূর্ত প্রতীক। বোর্ড বাঁধাই বইটি কমিপউটারে ঝকঝকে টাইপিংয়ে মুদ্রিত। বইটির মোট পৃষ্ঠা সংখ্যা ১৯৪ এবং মূল্য ১৫০ টাকা।

লেখক চাকরিসূত্রে স্বাধীনতার পরবর্তী পাঁচ বছর (১৯৭২ সনের জানুয়ারী থেকে ১৯৭৬ সনের ডিসেম্বর পর্যন্ত) বঙ্গভবনে অবস্থান করেছেন। আর এই সময় তিনি কর্তব্য পালন করেছেন বাংলাদেশের চারজন রাষ্ট্রপতির অধীনে; কখনও রাষ্ট্রপতির স্পেশাল অফিসার, রাষ্ট্রপতির জনসংযোগ অফিসার বা রাষ্ট্রপতির সহকারী প্রেস সচিব হিসেবে। তাই সঙ্গত কারণে চারজন রাষ্ট্রপতিকে ঘিবে অসংখ্য স্মৃতি, কর্তব্য পালনকালে অর্জিত বিচিত্র অভিজ্ঞতা, বঙ্গভবনের অন্দরে সংঘটিত ঘটনাবলী ও অকথিত বিভিন্ন কাহিনীকে অবলম্বন করে এ গ্রন্থের উপাদান গড়ে উঠেছে।

'বঙ্গভবনে পাঁচ বছর' একটি আত্মজৈবনিক রচনা। বঙ্গভবনে অবস্থানকালে লেখক রাষ্ট্রীয়, রাজনৈতিক বা প্রশাসনিক সকল ঘঠনাসহ ঐ সময় যাঁদের সংস্পর্শে ও সান্নিধ্যে এসেছেন তাঁদের অনেক অজানা কথা বইটিতে এসেছে।

---

* বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্রে অনুষ্ঠিত ২১তম বুনিয়াদি প্রশিক্ষণ কোর্সের প্রশিক্ষণার্থী।

এখানে লেখক প্রত্যক্ষদর্শীর ও লেখকের দৃষ্টির সমন্বয় ঘটিয়েছেন। ব্যক্তিগত অভিজ্ঞতা ও ব্যক্তিগত সম্পর্কের মধ্য দিয়ে যা কিছু দেখেছেন, তা-ই এই গ্রন্থের উপজীব্য বিষয়।

**লেখক পরিচিতি**

মাহবুব তালুকদার ১লা জানুয়ারী ১৯৪১ খ্রীষ্টাব্দে টাঙ্গাইল জেলায় জন্মগ্রহণ করেন। বাবা সিরাজউদ্দিন তালুকদার, মা সালেহা তালুকদার। নবাবপুর সরকারী উচ্চ বিদ্যালয় থেকে প্রাথমিক শিক্ষার পাঠ শুরু হয় এবং ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে স্নাতক ও স্নাতকোত্তর ডিগ্রী লাভ করেন যথাক্রমে ১৯৬২ ও ১৯৬৩ সনে। লেখকের জ্ঞানতৃষ্ণা ছিল আশৈশব অতি প্রবল। সাহিত্যের বিভিন্ন শাখায় দীর্ঘদিন যাবৎ তিনি সক্রিয় ছিলেন। মুক্তিযুদ্ধকালে প্রবাসে বাংলাদেশ সরকারের তথ্য বিভাগের দায়িত্ব পালনের পর ১৯৭২ সালে বিচারপতি আবু সাঈদ চৌধুরী তাঁকে রাষ্ট্রপতির স্পেশাল অফিসার পদে নিযুক্ত করেন। সেই থেকে এখন পর্যন্ত তিনি বাংলাদেশ সরকারের বিভিন্ন মন্ত্রণালয়, বিভাগ ও সংস্থায় দায়িত্ব পালন করে যাচ্ছেন। উপন্যাস, কাব্যগ্রন্থ, গল্পগ্রন্থ ও প্রবন্ধের বই মিলিয়ে তাঁর প্রকাশিত গ্রন্থের সংখ্যা চৌদ্দ (১৯৯৭ সাল পর্যন্ত)।

**মূল বিষয়বস্তু**

বইটির মূল বিষয়বস্তু বঙ্গভবনের আংশিক বর্ণনাপূর্বক চারজন রাষ্ট্রপতিকে ঘিরে আবর্তিত। এখানে ধারাবাহিকভাবে বঙ্গভবন ও চারজন রাষ্ট্রপতির কার্যক্রম সম্পর্কে সংক্ষিপ্তাকারে আলোচনা করা হল।

**বঙ্গ ভবন**

বঙ্গভবন বাংলাদেশের রাষ্ট্রপতির সরকারী বাসভবন ও অফিস। বর্তমান বঙ্গভবন এলাকা আনুমানিক ৪৮ একর জমির ওপর বিস্তৃত। এ জমি ঢাকার নবাব পরিবার এককালে জনৈক আর্মেনীয় ব্যবসায়ীর 'মিঃ মানুক' থেকে কিনেছিলেন। মিঃ মানুক যে বাড়িটিতে বসবাস করতেন সেটি এখনও 'মানুক হাউস' নামে বিদ্যমান। এই সম্পূর্ণ এলাকাটি ছিল নবাবদের প্রাসাদ উদ্যান। ১৯০৫ সালে বৃটিশ সরকার পূর্ববঙ্গের লাট সাহেবের বাসভবনের জন্য এই এলাকা ঢাকার নবাবের নিকট থেকে লীজ নিয়ে কাঠের কারুকার্যমন্ডিত একটি দোতলা বাড়ী 'লাটভবন' নির্মাণ করেন। ১৯৪৭ সালে লাটভবনকে 'গভর্ণর হাউস' নামকরণ করা হয়। ষাটের দশকের প্রারম্ভে পুরোনো কাঠের বাড়ীটি ভেঙ্গে ফেলে মুসলিম স্থাপত্য রীতির অনুসরণে নতুন ইমারত নির্মিত হয়। ১৯৭১ সনে মুক্তিযুদ্ধের শেষে গভর্ণর হাউসের নামকরণ করা হল 'বঙ্গভবন'।

বঙ্গভবনের চারদিকে উঁচু প্রাচীর। প্রধান ফটক দিয়ে বঙ্গভবনে প্রবেশ করলেই সামনে তিনতলা বিশিষ্ট প্রধান ভবন। ভবনের উত্তর-পূর্ব কোণে নিচতলা ও দ্বিতলা সমন্বয়ে রাষ্ট্রপ্রধানের বাস ভবন। নিচতলায় রয়েছে রাষ্ট্রপ্রধানের অফিস, সামরিক সচিব ও অন্যান্য কর্মকর্তাদের অফিস। মন্ত্রি-পরিষদের জন্য মন্ত্রি - পরিষদ কক্ষ, ব্যাংকয়েট হল, দরবার হল, ষ্টেট ডাইনিং, দেশীয় সাক্ষাৎ প্রার্থীদের জন্য লাউঞ্জ রয়েছে। বঙ্গভবনের সুউচ্চ ফটক দিয়ে ঢুকতেই দেখা যাবে ফুলের বাগান। মূল ভবনে যেতে হাতের বাঁ দিকে একটি পুরাতন মাজার রয়েছে। বিখ্যাত সাধক শেখ জালাল দাখিনীর মাজারটি। এটি ছাড়াও বঙ্গভবনে আরো কয়েকটি মাজার রয়েছে। তারমধ্যে 'গরম পীরের মাজার' উল্লেখযোগ্য। বঙ্গভবনে বিস্তৃর্ণ ফুলের বাগান ছাড়াও দুটি বড় বড় দীঘি আছে। বঙ্গভবনের সবচেয়ে উল্লেখযোগ্যস্থান হল মাটির তলে 'গুপ্তঘর'। ১৯৬৫ সনে পাক ভারত যুদ্ধের সময় এটি তৈরী করা হয়।

**রাষ্ট্র প্রধান আবু সাঈদ চৌধুরী ও লেখক**
**(কার্যকাল ঃ ১২ই জানুয়ারী, ১৯৭২ থেকে ২৪শে ডিসেম্বর ১৯৭৩)**

১৯৭২ সনে বিচারপতি আবু সাঈদ চৌধুরী লেখককে রাষ্ট্রপ্রধানের স্পেশাল অফিসার পদে নিযুক্ত করেন। লেখকের প্রথমদিকে মূলত রাষ্ট্রপ্রধানের বক্তৃতা লেখা এবং চিঠিপত্রের জবাব তৈরীতে কার্যক্রম সীমাবদ্ধ ছিল। বঙ্গভবনে কাজ করতে করতে রাষ্ট্রপ্রধানের সঙ্গে লেখকের খুব অন্তরঙ্গ সম্পর্ক গড়ে ওঠে এবং কাজের পরিধিও বিস্তৃত হয়। দেশীয় ও আন্তর্জাতিক পর্যায়ে অনেক বিখ্যাত ব্যক্তির সংস্পর্শে আসার সুযোগ হয় রাষ্ট্রপতির অনেক নিকটে অবস্থানের জন্য। রাষ্ট্র প্রধান কবি সাহিত্যিকদের উদারভাবে পৃষ্ঠপোষকতা করতেন। তিনি আজন্ম গণতন্ত্রের অনুসারী ছিলেন। তিনি প্রায়ই বলতেন "আমি শক্তি বা পাওয়ার চাই না, আমি দেশের জন্য কাজ করতে চাই।" বঙ্গবন্ধু শেখ মুজিবের সঙ্গে রাষ্ট্র প্রধানের নিবিড় সম্পর্ক বিদ্যমান ছিল কিন্তু প্রবহমান সময়ের সাথে বঙ্গবন্ধু তাঁর গণতান্ত্রিক চেতনা থেকে সরে আসতে থাকেন। তাই রাষ্ট্রপ্রধান অনেক সময় আক্ষেপ করে বলতেন"গণতন্ত্র ও জাতির জনকের মধ্যে বিরোধ দেখা দিচ্ছে।" যার ফলস্বরূপ ২৪শে ডিসেম্বর, ১৯৭৩ সনে পদত্যাগ করলেন রাষ্ট্রপ্রধান আবু সাঈদ চৌধুরী।

**রাষ্ট্রপতি মুহাম্মদুল্লাহ ও লেখক**
**(কার্যকাল ঃ ২৪শে ডিসেম্বর ১৯৭৩ থেকে ২৫শে জানুয়ারী ১৯৭৫)**

রাষ্ট্রপ্রধান আবু সাঈদ চৌধুরীর পর রাষ্ট্রপতি মুহাম্মদুল্লাহর বঙ্গভবনে অবস্থান এক বিরাট পরিবর্তন। বিচারপতি আবু সাঈদ চৌধুরীর প্রখর ব্যক্তিত্ব বঙ্গবন্ধু

শেখ মুজিবুর রহমানের জন্য অনেক সময় বিব্রতকর মানসিক অবস্থার সৃষ্টি করেছে। বঙ্গবন্ধু স্বভাবতই পরবর্তী রাষ্ট্রপতি হিসেবে বিপরীত ব্যক্তিত্ব সন্ধান করছিলেন। রাষ্ট্রপতি মুহাম্মদুল্লাহর বঙ্গভবনে অবস্থান বঙ্গবন্ধুকে স্বস্তি ও আরাম দিয়েছিল নিঃসন্দেহে। রাষ্ট্রপতি লেখককে জনসংযোগ অফিসার হিসেবে নিযুক্ত করেন। এখানে লেখক তাঁর ওপর ন্যস্ত দয়িত্ব পালন করেন সাফল্যের সাথে। রাষ্ট্রপতির সফরসঙ্গী হিসেবে তিনি পরিচিত হয়েছেন দেশ-বিদেশে এবং কালের সাক্ষী হিসেবে রয়েছেন প্রতিটি ঘটনার। রাষ্ট্রপতি মুহাম্মদুল্লাহর কার্যকালকে মনে হয় বড় বেশী স্তিমিত। যে কারণে বিচারপতি আবু সাঈদ চৌধুরী পদত্যাগ করেছেন তা হল সিদ্ধান্ত গ্রহণের প্রক্রিয়ায় রাষ্ট্র প্রধানের কোন প্রভাব না থাকা। রাষ্ট্রপতি মুহাম্মদুল্লাহর ক্ষেত্রে এই প্রভাব আগের তুলনায় আরো কমে আসে। ২৩শে জানুয়ারী, ১৯৭৫ রাষ্ট্রযন্ত্রের পরিবর্তন আসন্ন। লেখক রাষ্ট্রপতির অফিসে গেলেন। দেখলেন তিনি কাগজ পত্র গুছাচ্ছেন। কিছু কাগজ ছিড়ে ফেলছেন বাস্কেটে। ড্রয়ারে দুটো বই ছিল। লেখককে দিয়ে বললেন "এগুলো নিয়ে যান, এখন তো আর এসব দরকার হবে না।" লেখক পরে দেখলেন বই দুটোর একটি বাংলাদেশের সংবিধান এবং অন্যটি সংসদ পরিচালনা বিধি।

**রাষ্ট্রপতি বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান**
**(কার্যকাল ঃ ২৫শে জানুয়ারী ১৯৭৫ থেকে ১৫ই আগষ্ট, ১৯৭৫)**

১৯৭৫ সনের ২৫শে জানুয়ারী বাংলাদেশের ইতিহাসে এক বিশেষ গুরুত্বপূর্ণ দিন। এদিন জাতীয় সংসদে সংসদীয় সরকার পদ্ধতির পরিবর্তন করে রাষ্ট্রপতি পদ্ধতির সরকার প্রবর্তিত হয়। মাত্র কয়েক মিনিটের মধ্যে এই ঐতিহাসিক পরিবর্তন সাধিত হয়। সংবিধান সংশোধন করে নতুন পদ্ধতির সরকারে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান রাষ্ট্রপতি হন। বিগত ৬৭ বছর ধরে বঙ্গভবন ছিল ক্ষমতার কেন্দ্র বিন্দু। সে অবস্থা আর রইল না। শেরে বাংলা নগরস্থ নতুন গণভবনকে রাষ্ট্রপতির সচিবালয় করা হয়। লেখক রাষ্ট্রপতির সহকারী প্রেস সচিব হিসেবে থেকে যান। বাকশাল গঠিত হওয়ার পর পরিবর্তিত রাজনৈতিক প্রেক্ষাপটকে লেখক তার ডাইরীর পাতা থেকে জীবন্ত করে তুলে এনেছেন। বঙ্গবন্ধুর প্রতি ষড়যন্ত্রের আভাস এবং সর্বোপরি সপরিবারে নিহত হওয়ার ঘটনাকে লেখক একজন ঐতিহাসিকের দৃষ্টি দিয়ে লিপিবদ্ধ করেছেন।

**প্রেসিডেন্ট খোন্দকার মুশতাক আহমদ**
**(কার্যকাল ঃ ১৫ই আগষ্ট, ১৯৭৫ থেকে ৫ই নভেম্বর ১৯৭৫)**

বঙ্গবন্ধু হত্যার সবচেয়ে বেনিফিসিয়ারী খোন্দকার মুশতাক আহমেদ।

'ইনডেমনিটি অডিন্যান্স' পাস করে তিনি অসাধারণ কৃতিত্বের (?) পরিচয় দেন। লেখক এ পর্যায়ে বঙ্গভনে বিভিন্ন পর্যায়ের সেনাসদস্যদের আনাগোনা এবং রাজনৈতিক পট পরিবর্তনের ধারাবাহিক এবং জীবন্ত বর্ণনা দিয়েছেন। সিপাহী জনতার উত্তাল বিদ্রোহ, সেনাবাহিনীতে ব্যাপক হত্যাযজ্ঞ এবং কর্ণেল তাহেরের বিচার ও ফাঁসীর ঐতিহাসিক বর্ণনা দিয়েছেন লেখক।

## বইটির গঠন বিন্যাস

লেখকের বঙ্গভবনে অবস্থানকালের রাষ্ট্রীয়, রাজনৈতিক বা প্রশাসনিক সকল ঘটনাসহ যাঁদের সংস্পর্শে ও সান্নিধ্যে এসেছেন, এমন অনেক বিশিষ্ট ব্যক্তির কথা এ গ্রন্থের উপজীব্য। বইটি পড়লে স্পষ্টভাবে প্রতীয়মান হয় যে, এটি লেখকের প্রাত্যহিক লিখিত ডাইরী থেকে উৎকলিত। অসংখ্য ঘটনা বিচ্ছিন্নভাবে বর্ণনায় এসেছে, তবে একটির সাথে অন্যটি লেখক অত্যন্ত সচেতনভাবে সমন্বিত করার চেষ্টা করেছেন। বইটি পড়ার সময় কখনই খাপছাড়া বা ধারাবাহিকতা বিচ্ছিন্ন বলে মনে হয় না। সময়ের বর্ণনায় লেখক সতর্কতার পরিচয় দিয়েছেন। ১৯৭২ সনের জানুয়ারী থেকে ১৯৭৬ সনের ডিসেম্বর পর্যন্ত রাজ্য, রাজনীতি, অর্থনীতি ও সাংস্কৃতিক ঘাত-প্রতিঘাত লেখকের সাবলীল বর্ণনায় জীবন্ত হয়ে উঠেছে। ভূমিকা অংশে লেখক নিজেই বইটির নামকরণ এবং বিষয়বস্তু ও তার তাৎপর্য কী তা পাঠকদের উদ্দেশ্যে প্রকাশ করেছেন।

## কাঠামোগত ত্রুটি বিচ্যুতি

বইটি খুব সচেতন ও সতর্কভাবে রচিত বিধায় কাঠামোগত ত্রুটি বিচ্যুতি খুব একটা লক্ষ্যণীয় নয়। কিন্তু বইটি একটি আত্মজৈবনিক সাহিত্য কর্ম, তথাপি লেখকের অগাধ পান্ডিত্যের কারণে এটি সুখপাঠ্য পুস্তকের আওতাভুক্ত। শব্দচয়ন ও বাক্যের ভেতর তার প্রজ্ঞাপনে একটি বিশেষ স্বতন্ত্র এখানে বিদ্যমান রয়েছে। মুদ্রণগত ত্রুটি পরিলক্ষিত হয়নি। ভাষাগত ব্যত্যয় ঘটেনি কোথায়ও। সমস্ত বইটি চলিত ভাষায় লিখিত। বইটিতে কোন ছন্দপতন দেখা যায় না। সার্বিক বিচারে কাঠামোগত ত্রুটি বইটিতে নেই।

## সার্বিক আলোচনা

মাহবুব তালুকদার বাংলা সাহিত্যে ধ্রুপদী কোন লেখক নন। তিনি উপন্যাসিক নন, গল্পকার নন, সমালোচকও নন, তথাপিও তিনি লেখক। ক্ষুরধার লেখনী শক্তির অধিকারী সমাজবিক্ষণী লেখক। বর্তমান গ্রন্থটি মাহবুব তালুকদারের একটি ঐতিহাসিক দালিলিক গ্রন্থে রূপান্তরিত হয়েছে। বইটিতে লেখক অত্যন্ত সাবলীলভাবে স্বাধীনতাপূর্ব সময়কাল থেকে স্বাধীনতা উত্তর পাচটি বছরের

প্রতিটি ঘটনাবহুল দিন তাঁর ব্যক্তি ডাইরী থেকে জীবন্ত করে পাঠকের সামনে উপস্থাপন করেছেন। যার মধ্যে উল্লেখ্য ঃ মুজিবনগর সরকারের কার্যক্রম, বাংলাদেশের প্রথম রাষ্ট্র প্রধান আবু সাঈদ চৌধুরী সহ পরবর্তী তিনজন রাষ্ট্র প্রধানের অতি কাছ থেকে তাঁদের কার্যক্রম পর্যবেক্ষণ ও অবলোকন, রাষ্ট্রপতি আবু সাঈদ চৌধুরীর সঙ্গে বঙ্গবন্ধুর অন্তর্দ্বন্দ্ব। তাছাড়া বঙ্গভবনে চাকুরীসূত্রে তিনি অনেক ঐতিহাসিক ঘটনার কালজয়ী সাক্ষী হয়ে রয়েছেন। যেমনঃ রাষ্ট্রপতি শাসিত সরকার থেকে বাকশাল গঠনের প্রেক্ষাপট, প্রক্রিয়া, সিরাজ সিকদার ও কর্ণেল তাহেরের মৃত্যু রহস্য, ১৫ই আগষ্ট বঙ্গবন্ধুর সপরিবারে হত্যাসহ জাতীয় চার নেতার হত্যা রহস্য ও বঙ্গভবনে সেই উত্তাল দিনগুলোতে শ্বাসরুদ্ধকর পরিবেশ। তাছাড়া বঙ্গবন্ধুর সাথে খোন্দকার মুশতাক আহমেদের বিশ্বাসঘাতকতা এবং পরবর্তিতে ধূম্রজালের ভেতর দিয়ে সেনাবাহিনী ক্ষমতার কেন্দ্রবিন্দুতে আসার কাহিনীর সাথে লেখকের ডাইরীর পাতা নিরব সাক্ষী হয়ে রয়েছে। সর্বোপরি বইটিতে রয়েছে দুর্লভ কিছু আলোকচিত্র এবং তাৎপর্যপূর্ণ অনেকগুলো চিঠি। বইটিতে লেখক কোন অসত্য ভাষণ প্রদান করেন নাই। পাঠককে তিনি বিভিন্ন সময়ের বিভিন্ন পরিবেশের সাথে সহজে পরিচয় করিয়ে দিয়েছেন, এখানেই লেখকের কৃতিত্ব।

## উপসংহার

বইটি একটি ব্যতিক্রমী সাহিত্য সৃষ্টি নিঃসন্দেহে। লেখক সময়ের সাথে তাল মিলিয়ে ডাইরীর পাতা থেকে গল্প বলে গেলেও পঠনে কখনও একঘেয়েমী বোধ জাগ্রত হয় না। লেখকের সাবলীল গদ্য, বক্তব্যের নিজস্ব ধারা এবং তথ্য সন্নিবেশের প্রতি বিশ্বস্ততার গুণে বইটি শুধু সুখপাঠ্যই নয়, ঐতিহাসিক দলিলের মর্যাদা লাভ করেছে। এ গ্রন্থ রচনায় লেখক বিভিন্ন সময় রাষ্ট্র প্রধান, রাষ্ট্রপতি বা প্রেসিডেন্ট নামকরণ ব্যবহার করেছেন; এটা হয়ত আমাদের জাতীয় চিন্তাভাবনার অস্থিতিশীলতা ও মূল্যবোধের বিপর্যয়ের পরিচায়ক। তাছাড়া আত্মজৈবনিক বা আত্মজীবনীমূলক রচনায় আমিত্বকে সচেতনভাবে বর্জন করার রেওয়াজ আছে। বর্তমান রচনায় সে ধরনের সযত্ন লালিত প্রয়াসের কিছুটা অভাব পরিলক্ষিত হয়েছে। আত্মজীবনী পাঠককে এত আকর্ষণ করতে পারে 'বঙ্গভবনে পাঁচ বছর' বইটি তার জ্বলন্ত উদাহরণ। বাংলা সাহিত্যে এ ধরনের গ্রন্থ সত্যিই বিরল। তবে ব্রিগেডিয়ার শাসসুদ্দীন আহমদের 'যখন বঙ্গভবনে ছিলাম' তুলনামূলক আলোচনায় 'বঙ্গভবনে পাঁচ বছর'এর সমকক্ষ নয়। ইতিহাস অন্বেষী পাঠকের কাছে বইটি অধিক সমাদৃত হবে। পাঠক সামজে বইটির বহুল প্রচার কামনা করি।

## *লেখকের প্রতি জ্ঞাতব্য*

✡ লোক প্রশাসন সাময়িকীতে লোক প্রশাসন, উন্নয়ন ব্যবস্থাপনা, উন্নয়ন অর্থনীতি, পরিবেশ, সমসাময়িক আন্তর্জাতিক ও বাংলাদেশের ঘটনাবলী, প্রশিক্ষণ প্রভৃতি বিষয়ে গবেষণাধর্মী, বিশ্লেষণমূলক ও তথ্যসমৃদ্ধ মৌলিক প্রবন্ধ ও পুস্তক সমালোচনা প্রকাশিত হয়।

✡ রিপোর্ট সাইজের কাগজে এক পৃষ্ঠায় টাইপকৃত কিংবা স্পষ্ট হস্তাক্ষরে লিখিত লেখা/প্রবন্ধ মূলকপিসহ মোট ৩ (তিন) কপি সম্পাদক, লোক প্রশাসন সাময়িকী, বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র, সাভার, ঢাকা, এই ঠিকানায় প্রেরণ করতে হবে।

✡ লেখা/প্রবন্ধ ৬,০০০ শব্দ (মুদ্রিত ২০ পৃষ্ঠা) এর মধ্যে সীমাবদ্ধ রাখা বাঞ্ছনীয়।

✡ পূর্বে অন্য কোন পত্রিকায়/গ্রন্থে প্রকাশিত লেখা মনোনীত হবে না।

✡ লেখা মনোনয়নের এবং পরিমার্জন/অংশবিশেষে বাতিল করার পূর্ণ অধিকার সম্পাদনা পরিষদের রয়েছে। অমনোনীত লেখা ফেরত পাঠানো হয় না।

✡ মুদ্রিত প্রতি পৃষ্ঠার (৩০০শব্দ) জন্য লেখককে ২০০ (দুইশত) টাকা হারে সম্মানী প্রদান করা হয়।

| বিপিএটিসির প্রকাশনা বিক্রয় সম্পর্কিত তথ্য |
|---|
| কেন্দ্রস্থ অনুষদ ভবন-২, এর ৩য় তলায় প্রকাশনা শাখার দপ্তরে তালিকাভুক্ত বই, পুস্তক ও জার্নাল পাওয়া যায়। |
| কেন্দ্র থেকে সরাসরি ক্রয়ের ক্ষেত্রে বই, পুস্তক ও জার্নালের বিক্রয় মূল্যের উপর সাধারণত ৫০% কমিশন দেয়া হয়ে থাকে। |

# বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র

## প্রকাশিত পুস্তক/পত্রিকা ও মূল্য তালিকা

| ক্রমিক নং | শিরোনাম ও লেখক | প্রতি কপির দাম | কমিশনসহ প্রতি কপির দাম |
|---|---|---|---|
| 1. | বাংলাদেশ লোক-প্রশাসন পত্রিকা | ৪০/০০ | টাকা ঃ ২০/০০ |
| 2. | বাংলাদেশ পাবলিক এ্যাডমিনিষ্ট্রেশন জার্নাল | ৪০/০০ | টাকা ঃ ২০/০০ |
| 3. | লোক প্রশাসন সাময়িকী | ১৫/০০ | টাকা ঃ ৭/৫০ |
| 4. | Post-entry Training in Bangladesh Civil Service: The Challenge & Response | 40/00 | Tk. 20/00 |
| 5. | Career Planning in Bangladesh | 120/00 | Tk. 60/00 |
| 6. | Co-ordination in Public Administration in Bangladesh | 100/00 | Tk. 50/00 |
| 7. | বাংলাদেশ সিভিল সার্ভিসে মহিলা | ১২০/০০ | টাকা ঃ ৬০/০০ |
| 8. | Sustainability of Project For Higher Agricualtural Education | 40/00 | Tk. 20/00 |
| 9. | Approaches to Rural Health Care: A Case Study of Ganoshasthaya Kendra | 40/00 | Tk. 20/00 |
| 10. | Sustainability of Rural Development Projects: A Case Study of Rural Development Project In Bangladesh | 40/00 | Tk. 20/00 |
| 11. | Sustainability of Primary Education Project in Bangladesh | 40/00 | Tk. 20/00 |
| 12. | Handbook for the Magistrates | 100/00 | Tk. 50/00 |
| 13. | A Study of the use of Computer | 50/00 | Tk. 25/00 |
| 14. | সামাজিক গবেষণা পদ্ধতি | 125/00 | Tk. 62/50 |

বিপিএটিসি গ্রন্থাগার
সাময়িকী
শাখা
তারিখ
সাভার, ঢাকা